কাওয়াইদুল লুগাতিল আরাবিয়্যাহ

قَوَاعِدُ اللُّغَةِ الْعَرَبِيَّةِ

দাখিল সপ্তম শ্রেণি

اَلصَّفُّ السَّابِعُ لِلدَّاخِلِ

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

قرر مجلس التعليم لمدارس بنغلاديش تدريس هذا الكتاب للصف السابع من الداخل من عام ٢٠١٤م
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক ২০১৪ শিক্ষাবর্ষ থেকে
দাখিল ৭ম শ্রেণির পাঠ্যপুস্তকরূপে নির্ধারিত

قَوَاعِدُ اللُّغَةِ الْعَرَبِيَّةِ

اَلصَّفُّ السَّابِعُ مِنَ الدَّاخِلِ

কাওয়াইদুল লুগাতিল আরাবিয়্যাহ

দাখিল সপ্তম শ্রেণি

২০২৬ শিক্ষাবর্ষের জন্য পরিমার্জিত

مَجْلِسُ التَّعْلِيْمِ لِمَدَارِسِ بَنْغَلَادِيْش
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক প্রণীত এবং জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
৬৯–৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০ কর্তৃক প্রকাশিত

[প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত]

প্রথম সংস্করণ রচনা ও সম্পাদনা

ড. মোঃ মাহফুজুর রহমান
মুহাম্মাদ আতিকুর রহমান
ড. মুহাম্মদ নূরুল্লাহ
হোছাইন আহমদ ভূঁইয়া
মোহাম্মদ মাসুম বিল্লাহ

প্রকাশকাল

প্রথম প্রকাশ	:	জানুয়ারি ২০১৩
পরিমার্জিত সংস্করণ	:	আগস্ট ২০১৮
পরিমার্জিত সংস্করণ	:	অক্টোবর ২০২৪
পরিমাজিত সংস্করণ	:	সেপ্টেম্বর ২০২৫

ডিজাইন
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক বিনামূল্যে বিতরণের জন্য

মুদ্রণে :

বিস্‌মিল্লাহির রাহমানির রাহিম

প্রসঙ্গকথা

শিক্ষা জাতীয় উন্নয়নের পূর্বশর্ত। পরিবর্তনশীল বিশ্বের চ্যালেঞ্জ মোকাবেলা করে বাংলাদেশকে উন্নয়ন ও সমৃদ্ধির দিকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য দেশপ্রেমে উদ্বুদ্ধ, সমাজ ও রাষ্ট্রের প্রতি দায়বদ্ধ, তাকওয়াসম্পন্ন, সৎ এবং সুশিক্ষিত জনশক্তি প্রয়োজন। আল্লাহ তাআলা ও তাঁর রসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নির্দেশিত পন্থায় ইসলামের বিশুদ্ধ আকিদা অনুযায়ী জীবন গঠনের মাধ্যমে জ্ঞান-বিজ্ঞানের বিভিন্ন শাখায় পারদর্শী নাগরিক তৈরি করা এবং জাতীয় উন্নয়নে অবদান রাখা মাদ্রাসা শিক্ষার প্রধান লক্ষ্য।

জাতীয় শিক্ষানীতি ২০১০ এর লক্ষ্য-উদ্দেশ্য সামনে রেখে মাদ্রাসা শিক্ষাধারার শিক্ষাক্রম পরিমার্জন করা হয়েছে। পরিমার্জিত শিক্ষাক্রমে জাতীয় আদর্শ, লক্ষ্য ও সমকালীন চাহিদার প্রতিফলন ঘটানো হয়েছে। সেই সাথে শিক্ষার্থীদের বয়স ও ধারণক্ষমতা অনুযায়ী শিখনফল নির্ধারণ করা হয়েছে। এছাড়া শিক্ষার্থীদের ইসলামি মূল্যবোধ, দেশপ্রেম ও মানবতাবোধ জাগ্রত করার চেষ্টা করা হয়েছে। একটি নৈতিক, বিজ্ঞানমনস্ক, সৎ ও দক্ষ জাতি গঠনের জন্য জীবনের প্রতিটি ক্ষেত্রে কুরআন, সুন্নাহ ও আধুনিক জ্ঞান-বিজ্ঞানের প্রয়োগ ঘটিয়ে উন্নত বাংলাদেশ গড়ার লক্ষ্য বাস্তবায়নে শিক্ষার্থীদের সক্ষম করে তোলার চেষ্টা করা হয়েছে।

মাদ্রাসা শিক্ষাধারার শিক্ষাক্রম ২০১২-এর আলোকে ইবতেদায়ি ও দাখিল স্তরের ইসলামি ও আরবি বিষয়ের সকল পাঠ্যপুস্তক প্রণীত হয়েছে। এতে শিক্ষার্থীদের বয়স, প্রবণতা, শ্রেণি ও পূর্ব অভিজ্ঞতাকে গুরুত্বের সাথে বিবেচনা করা হয়েছে। পাঠ্যপুস্তকগুলোর বিষয় নির্বাচন ও উপস্থাপনের ক্ষেত্রে শিক্ষার্থীদের সৃজনশীল প্রতিভা বিকাশ সাধনের দিকেও বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে।

কুরআন ও হাদিসের মর্ম অনুধাবন করার জন্য আরবি অত্যন্ত গুরুত্বপূর্ণ ভাষা। আর এ ভাষা আয়ত্ত করার জন্য তার কাওয়াইদ (ব্যাকরণ) জানা আবশ্যক। এ গুরুত্ব ও প্রয়োজনীয়তাকে সামনে রেখে 'কাওয়াইদুল লুগাতিল আরাবিয়্যাহ' পাঠ্যপুস্তকটি প্রণয়ন করা হয়েছে। পাঠ্যপুস্তকটিতে বাংলা বানানের ক্ষেত্রে বাংলা একাডেমির বানানরীতি অনুসরণ করা হয়েছে।

একুশ শতকের অঙ্গীকার ও প্রত্যয় এবং জুলাই গণঅভ্যুত্থান-২০২৪ এর চেতনাকে সামনে রেখে বিভিন্ন পর্যায়ের বিশেষজ্ঞ আলেম, কারিকুলাম বিশেষজ্ঞ, শ্রেণিশিক্ষক এবং শিক্ষক প্রশিক্ষকগণের মাধ্যমে সংশোধন ও পরিমার্জন করে পাঠ্যপুস্তকটি অধিকতর উন্নত করা হয়েছে, যার প্রতিফলন বর্তমান সংস্করণে পাওয়া যাবে। তা সত্ত্বেও কোনো ভুলত্রুটি পরিলক্ষিত হলে গঠনমূলক ও যুক্তিসংগত পরামর্শ গুরুত্বের সাথে বিবেচনা করা হবে।

পুস্তকটি রচনা, সম্পাদনা, যৌক্তিক মূল্যায়ন, পরিমার্জন ও প্রকাশনার কাজে যাঁরা মেধা এবং শ্রম দিয়েছেন তাঁদের জানাই আন্তরিক মোবারকবাদ। আশা করি, পাঠ্যপুস্তকটি শিক্ষার্থীদের পাঠকে আনন্দময় করবে এবং তাদের প্রত্যাশিত দক্ষতা অর্জনে সক্ষম করে তুলবে।

সেপ্টেম্বর ২০২৫

প্রফেসর মিঞা মোঃ নূরুল হক
চেয়ারম্যান
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

فِهْرِسُ الْمَوْضُوْعَاتِ

اَلْوَحْدَاتُ وَالدُّرُوْسُ	اَلْمَوْضُوْعَاتُ	اَلصَّفْحَةُ
اَلْوَحْدَةُ الْأُوْلٰى	قِسْمُ عِلْمِ الصَّرْفِ	١
اَلدَّرْسُ الْأَوَّلُ	تَعْرِيْفُ عِلْمِ الصَّرْفِ	١
اَلدَّرْسُ الثَّانِي	اَلْكَلِمَةُ وَ أَقْسَامُهَا	٥
اَلدَّرْسُ الثَّالِثُ	اَلْفِعْلُ وَأَقْسَامُهُ	٦
اَلدَّرْسُ الرَّابِعُ	اَلْفِعْلُ الْمَاضِيْ : أَقْسَامُهُ وَتَصْرِيْفَاتُهُ	١٥
اَلدَّرْسُ الْخَامِسُ	اَلْفِعْلُ الْمُضَارِعُ : أَقْسَامُهُ وَتَصْرِيْفَاتُهُ	١٨
اَلدَّرْسُ السَّادِسُ	فِعْلُ الْأَمْرِ : أَقْسَامُهُ وَتَصْرِيْفَاتُهُ	٦٥
اَلدَّرْسُ السَّابِعُ	فِعْلُ النَّهْيِ : تَعْرِيْفُهُ وَتَصْرِيْفَاتُهُ	٦٨
اَلدَّرْسُ الثَّامِنُ	اَلْأَسْمَاءُ الْمُشْتَقَّاتُ	٦٩
اَلدَّرْسُ التَّاسِعُ	اَلْفِعْلُ اللَّازِمُ وَالْمُتَعَدِيْ	٨٦
اَلدَّرْسُ الْعَاشِرُ	اَبْوَابُ الثُّلَاثِيْ وَالرُّبَاعِى	٨٩
اَلدَّرْسُ الْحَادِيْ عَشَرَ	اَلْجِنْسُ وَأَقْسَامُهُ	٩٥
اَلدَّرْسُ الثَّانِي عَشَرَ	اَلْمَعْلُوْمَاتُ الْاِبْتِدَائِيَّةُ لِلْإِعْلَالِ	٩٩
اَلدَّرْسُ الثَّالِثُ عَشَرَ	خَاصِيَّاتُ الْأَبْوَابِ	٦١
اَلْوَحْدَةُ الثَّانِيَةُ	قِسْمُ عِلْمِ النَّحْوِ	٦٩
اَلدَّرْسُ الْأَوَّلُ	تَعْرِيْفُ عِلْمِ النَّحْوِ	٦٩
اَلدَّرْسُ الثَّانِي	اَلاسْمُ وَأَقْسَامُهُ	٩٠
اَلدَّرْسُ الثَّالِثُ	اَلْإِسْنَادُ	٩٦
اَلدَّرْسُ الرَّابِعُ	اَلْكَلَامُ وَأَقْسَامُهُ	٩٨
اَلدَّرْسُ الْخَامِسُ	اَلْمُبْتَدَأُ وَالْخَبَرُ	٨٢
اَلدَّرْسُ السَّادِسُ	اَلْفَاعِلُ وَ نَائِبُ الْفَاعِلِ	٨٥

اَلْوَحْدَاتُ وَالدُّرُوْسُ	اَلْمَوْضُوْعَاتُ	اَلصَّفْحَةُ
اَلدَّرْسُ السَّابِعُ	اَلْمَفَاعِيْلُ	٨٩
اَلدَّرْسُ الثَّامِنُ	اَلْمَبْنِيَّاتُ	٩٦
اَلدَّرْسُ التَّاسِعُ	اَلْمُعْرَبُ : تَعْرِيْفُهُ وَأَقْسَامُهُ	٩٦
اَلدَّرْسُ الْعَاشِرُ	اَلْحُرُوْفُ الْجَارَّةُ	١٠١
اَلدَّرْسُ الْحَادِيْ عَشَرَ	اَلْحُرُوْفُ الْمُشَبَّهَةُ بِالْفِعْلِ	١٠٤
اَلدَّرْسُ الثَّانِيْ عَشَرَ	اَلْأَفْعَالُ النَّاقِصَةُ	١٠٨
اَلدَّرْسُ الثَّالِثَ عَشَرَ	اَلْمُنْصَرِفُ وَغَيْرُ الْمُنْصَرِفِ	١١١
اَلدَّرْسُ الرَّابِعَ عَشَرَ	إِعْرَابُ الأَسْمَاءِ	١١٥
اَلْوَحْدَةُ الثَّالِثَةُ	قِسْمُ التَّرْجَمَةِ	١٢١
اَلْوَحِدَةُ الرَّابِعَةُ	قِسْمُ الطَّلَبِ والرِّسَالَةِ	١٢٩
اَلْوَحْدَةُ الْخَامِسَةُ	قِسْمُ الإِنْشَاءِ الْعَرَبِيِّ	١٣٩
	١- اَلْعِلْمُ	١٣٩
	٢- خُلُقٌ حَسَنٌ	١٣٨
	٣- قَرْيَتُنَا	١٣٩
	٤- اَلرِّحْلَةُ اِلٰى كُوْكْس بَازَارْ	١٤٠
	٥- اَلْغَنَمُ	١٤١
	٦- غَرْسُ الشَّجَرِ	١٤٢
	٧- وَاجِبَاتُ الطُّلَّابِ	١٤٣
	শিক্ষক নির্দেশিকা	١٤٤

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

اَلْوَحْدَةُ الْأُوْلٰى : প্রথম ইউনিট

قِسْمُ عِلْمِ الصَّرْفِ

ইলমুচ্ছরফ অংশ

اَلدَّرْسُ الْأَوَّلُ : প্রথম পাঠ

تَعْرِيْفُ عِلْمِ الصَّرْفِ

ইলমুচ্ছরফের পরিচয়

عِلْمُ الصَّرْفِ -এর পরিচয়

عِلْم ও اَلصَّرْفُ এ দুটি শব্দের সমন্বয়ে عِلْمُ الصَّرْفِ গঠিত। عِلْم শব্দের অর্থ জানা, অবগত হওয়া, জ্ঞান, শাস্ত্র ইত্যাদি। আর اَلصَّرْفُ অর্থ পরিবর্তন, রূপান্তর। অতএব عِلْمُ الصَّرْفِ -এর সমন্বিত অর্থ হলো, রূপান্তর সম্পর্কিত জ্ঞান।

পরিভাষায় عِلْمُ الصَّرْفِ হচ্ছে -

عِلْمٌ يُبْحَثُ فِيْهِ عَنْ هَيْئَاتِ الْكَلِمَاتِ الْعَرَبِيَّةِ وَتَحْوِيْلِهَا إِلٰى صُوَرٍ مُخْتَلِفَةٍ .

অর্থাৎ যে শাস্ত্রে আরবি শব্দের মূল গঠনপদ্ধতি ও রূপান্তরের নিয়মাবলি সম্পর্কে আলোচনা করা হয়, তাকে عِلْمُ الصَّرْفِ বলে।

عِلْمُ الصَّرْفِ-এর আলোচ্য বিষয়

عِلْمُ الصَّرْفِ-এর আলোচ্য বিষয় হলো-

اَلْأَفْعَالُ الْمُتَصَرِّفَةُ وَالْأَسْمَاءُ الْمُتَمَكِّنَةُ

অর্থাৎ সকল রূপান্তরশীল ক্রিয়া (فِعْل) ও সকল ইরাবগ্রহণকারী বিশেষ্য (اِسْم)।

অতএব, যেসব ফে'ল রূপান্তরশীল নয়, যেমন أَفْعَالٌ جَامِدَةٌ এবং যেসব ইসম ইরাব গ্রহণকারী নয়, যেমন- أَسْمَاءٌ مَبْنِيَّةٌ সেগুলো عِلْمُ الصَّرْفِ-এর আলোচ্য বিষয়ের অন্তর্ভুক্ত নয়।

عِلْمُ الصَّرْفِ-এর উদ্দেশ্য

عِلْمُ الصَّرْفِ -এর উদ্দেশ্য হলো-

حِفْظُ اللِّسَانِ عَنِ الْخَطَأِ فِي الْمُفْرَدَاتِ وَمُرَاعَاةُ قَانُوْنِ اللُّغَةِ فِي الْكِتَابَةِ

অর্থাৎ আরবি শব্দসমূহের ক্ষেত্রে ভুল-ভ্রান্তি হওয়া থেকে জবানকে বাঁচিয়ে রাখা এবং আরবি লেখার ক্ষেত্রে ভাষার নিয়ম-কানুন অনুসরণ করা।

عِلْمُ الصَّرْفِ-এর নামকরণ

اَلصَّرْفُ শব্দের অর্থ- রূপান্তর। যেহেতু عِلْمُ الصَّرْفِ-এর মাধ্যমে আরবি শব্দসমূহ বিভিন্নভাবে রূপান্তর করার নিয়ম-পদ্ধতি জানা যায়, তাই একে عِلْمُ الصَّرْفِ নামকরণ করা হয়েছে।

عِلْمُ الصَّرْفِ-এর প্রয়োগ

اَلْأَفْعَالُ الْمُتَصَرِّفَةُ-এর ক্ষেত্রে مَصْدَرٌ থেকে فِعْلٌ مَاضٍ এবং فِعْلٌ مَاضٍ থেকে فِعْلٌ مُضَارِعٌ এবং اِسْمُ الْمَفْعُوْلِ- اِسْمُ الْفَاعِلِ- فِعْلُ النَّهْيِ- فِعْلُ الْأَمْرِ ইত্যাদি গঠন করার মাধ্যমে فِعْلٌ مُضَارِعٌ থেকে عِلْمُ الصَّرْفِ-এর প্রয়োগ হয়।

اَلْأَسْمَاءُ الْمُتَمَكِّنَةُ-এর ক্ষেত্রে مُفْرَد থেকে مُثَنّٰى ও جَـمْع এবং مُذَكَّر থেকে مُؤَنَّث আর نَكِرَة থেকে مَعْرِفَة ইত্যাদি গঠনের মাধ্যমে عِلْمُ الصَّرْفِ-এর প্রয়োগ হয়।

اَلتَّمْرِيْنُ : অনুশীলনী

১। عِلْمُ الصَّرْفِ-এর শাব্দিক ও পারিভাষিক অর্থ লেখ।

২। عِلْمُ الصَّرْفِ-এর আলোচ্য বিষয়, উদ্দেশ্য ও প্রয়োগ বর্ণনা করো।

৩। কোন প্রকারের শব্দে عِلْمُ الصَّرْفِ প্রয়োগ হয়? উদাহরণসহ লেখ।

৪। عِلْمُ الصَّرْفِ-এর নামকরণের কারণ উল্লেখ করো।

اَلدَّرْسُ الثَّانِي : দ্বিতীয় পাঠ

اَلْكَلِمَةُ وَأَقْسَامُهَا

কালিমা ও তার প্রকারসমূহ

নিচের উদারণগুলোর প্রতি লক্ষ করো-

مُحَمَّدٌ (ﷺ) رَسُوْلُ اللهِ	মুহাম্মদ (ﷺ) আল্লাহর রসুল।
اَلْمَسْجِدُ بَيْتُ اللهِ	মসজিদ আল্লাহর ঘর।
إِبْرَاهِيْمُ (عليه السلام) خَلِيْلُ اللهِ	ইবরাহীম (عليه السلام) আল্লাহর বন্ধু।
أَنْزَلَ اللهُ الْقُرْآنَ	আল্লাহ কোরআন অবতীর্ণ করেছেন।
يَسْكُنُ سَعِيْدٌ فِي الْقَرْيَةِ	সাঈদ গ্রামে বাস করে।
يُسَافِرُ خَالِدٌ إِلٰى مَكَّةَ	খালিদ মক্কায় ভ্রমণ করবে।

উপরের উদাহরণগুলোতে নিম্নরেখাবিশিষ্ট (ﷺ) مُحَمَّدٌ (মুহাম্মদ ﷺ); اَلْمَسْجِدُ (মসজিদ); إِبْرَاهِيْمُ (ইবরাহীম); أَنْزَلَ (তিনি অবতীর্ণ করেছেন); يَسْكُنُ (সে বাস করে); يُسَافِرُ (সে ভ্রমণ করবে); فِي (মধ্যে) ও إِلٰى (পর্যন্ত) প্রত্যেকটি শব্দের নির্দিষ্ট অর্থ রয়েছে।

তবে উল্লিখিত শব্দসমূহের মাঝে (ﷺ) مُحَمَّدٌ (মুহাম্মদ ﷺ); اَلْمَسْجِدُ (মসজিদ) ও إِبْرَاهِيْمُ (عليه السلام) (ইবরাহীম আ.) শব্দগুলোর সাথে কালের কোনো সম্পর্ক নেই। কিন্তু أَنْزَلَ (তিনি অবতীর্ণ করেছেন) يَسْكُنُ (সে বাস করে) ও يُسَافِرُ (সে ভ্রমণ করবে) শব্দগুলোর সাথে তিনকালের মধ্যে কোনো একটির সাথে অবশ্যই সম্পর্ক রয়েছে। আবার فِي (মধ্যে) إِلٰى (পর্যন্ত) শব্দ দুটি অন্যের সাহায্য ব্যতীত নিজের অর্থ নিজে প্রকাশ করতে পারে না।

اَلْقَوَاعِدُ

كَلِمَة-এর পরিচয় : كَلِمَة শব্দটি একবচন। বহুবচনে كَلِمَاتٌ ও كَلِمٌ; শব্দটি كَلْمٌ মূলক্রিয়া থেকে গঠিত। كَلْمٌ-এর আভিধানিক অর্থ হলো- আঘাত করা, আহত করা। যেহেতু মানুষ كَلِمَة তথা কথার মাধ্যমে একে অন্যের অন্তরে আঘাত দিয়ে থাকে। সেহেতু এটাকে كَلِمَةٌ নামকরণ করা হয়েছে। كَلِمَةٌ-এর শাব্দিক অর্থ শব্দ বা পদ।

পরিভাষায় كَلِمَةٌ বলা হয়-

اَلْكَلِمَةُ لَفْظٌ وُضِعَ لِمَعْنًى مُفْرَدٍ

অর্থাৎ কালিমা এমন শব্দ, যাকে একক অর্থ বোঝানোর জন্য গঠন করা হয়েছে।

যেমন- كِتَابٌ (বই), ذَهَبَ (সে গেল), فِي (মধ্যে) ইত্যাদি।

كَلِمَة -এর প্রকার :

كَلِمَة তিন প্রকার। যথা- ১. اِسْمٌ ; ২. فِعْلٌ ও ৩. حَرْفٌ

(১) اِسْم-এর পরিচয়:

اَلْاِسْمُ كَلِمَةٌ تَدُلُّ عَلٰى مَعْنًى فِي نَفْسِهَا غَيْرَ مُقْتَرِنٍ بِأَحَدِ الْأَزْمِنَةِ الثَّلَاثَةِ .

অর্থাৎ اِسْم এমন كَلِمَة কে বলে যা তিন কালের কোনো এক কালের সাথে সম্পর্ক রাখা ব্যতীত নিজের অর্থ নিজে প্রকাশ করতে পারে।

যেমন- كِتَابٌ (একটি কিতাব), مَدْرَسَةٌ (একটি মাদরাসা) ও عَاصِمٌ (একজন ব্যক্তির নাম)।

(২) فِعْل-এর পরিচয় :

اَلْفِعْلُ كَلِمَةٌ تَدُلُّ عَلٰى مَعْنًى فِي نَفْسِهَا مُقْتَرِنًا بِأَحَدِ الْأَزْمِنَةِ الثَّلَاثَةِ .

অর্থাৎ فِعْل এমন كَلِمَة কে বলে যা তিন কালের কোনো এক কালের সাথে সম্পৃক্ত থেকে নিজের অর্থ নিজে প্রকাশ করতে পারে।

যেমন- كَتَبَ (সে লিখেছে), يَدْخُلُ (সে প্রবেশ করছে বা করবে)।

(৩) حَرْف-এর পরিচয় :

اَلْحَرْفُ كَلِمَةٌ لَا تَدُلُّ عَلٰى مَعْنًى فِي نَفْسِهَا وَلَا يَقْتَرِنُ مَعْنَاهَا بِأَحَدِ الْأَزْمِنَةِ الثَّلَاثَةِ .

অর্থাৎ حَرْف এমন كَلِمَة কে বলে যা নিজ অর্থ প্রকাশ করতে পারে না এবং তিন কালের কোনো এক কালের সাথে তার অর্থ সম্পৃক্ত হয় না।

যেমন- فِي (মধ্যে), إِلٰى (পর্যন্ত) مِنْ (হতে) ইত্যাদি।

اَلتَّمْرِيْنُ : অনুশীলনী

১। كَلِمَة এর আভিধানিক ও পারিভাষিক অর্থ কী? উদাহরণসহ লেখ।

২। كَلِمَة কে كَلِمَة নামে কেন নামকরণ করা হয়েছে? বর্ণনা করো।

৩। اِسْم ; فِعْل ও حَرْف এর সংজ্ঞা উদাহরণসহ বর্ণনা করো।

৪। নিম্নোক্ত বাক্যসমূহ থেকে اِسْم ; فِعْل ও حَرْف আলাদা করে দেখাও।

اَلْإِسْلَامُ دِيْنُ التَّوْحِيْدِ (لَا إِلٰهَ إِلَّا اللهُ مُحَمَّدٌ رَّسُوْلُ اللهِ)، اَلَّذِيْ بَعَثَ اللهُ بِهِ الْأَنْبِيَاءَ وَالرُّسُلَ جَمِيْعًا، وأَوَّلُهُم آدَمُ (عَلَيْهِ السَّلَامُ) وَآخِرُهُمْ مُحَمَّدٌ (صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ). قَالَ تَعَالٰى : "اِنَّ الدِّيْنَ عِنْدَ اللهِ الْإِسْلَامُ". وَالْإِسْلَامُ هُوَ الدِّيْنُ الْبَاقِي اَلَّذِيْ نَسَخَ جَمِيْعَ الرِّسَالَاتِ قَبْلَهُ .

قَالَ اللهُ تَعَالٰى: "وَمَنْ يَبْتَغِ غَيْرَ الْإِسْلَامِ دِيْنًا فَلَنْ يُقْبَلَ مِنْهُ". وَهُوَ صَالِحٌ لِكُلِّ زَمَانٍ وَمَكَانٍ. وَهُوَ دِيْنٌ عَامٌّ لِجَمِيْعِ الْبَشَرِ. فَلِذَا تَكَفَّلَ اللهُ تَعَالٰى لِحِفْظِهِ. قَالَ تَعَالٰى : "إِنَّا نَحْنُ نَزَّلْنَا الذِّكْرَ وَإِنَّا لَهُ لَحَفِظُوْنَ".

اَلدَّرْسُ الثَّالِثُ : তৃতীয় পাঠ

اَلْفِعْلُ وَأَقْسَامُهُ

ফে'ল ও তার প্রকারসমূহ

নিচের উদারণগুলোর প্রতি লক্ষ করো

ذَهَبَ اللهُ بِنُوْرِهِمْ .	আল্লাহ তাদের নূর দূরীভূত করেছেন।
وَاللهُ يَرْزُقُ مَنْ يَشَاءُ .	আল্লাহ যাকে ইচ্ছা রিযিক দান করেন/করছেন।
قُلْ هُوَ اللهُ أَحَدٌ .	বলুন, তিনিই আল্লাহ একক।
لَا تَقْنَطُوْا مِنْ رَّحْمَةِ اللهِ	তোমরা আল্লাহর রহমত হতে নিরাশ হয়ো না।

উপরের উদাহরণগুলোতে দেখা যাচ্ছে যে, নিচে দাগ দেয়া প্রতিটি শব্দই اَلْفِعْلُ বা ক্রিয়া। প্রথম فِعْل টি অতীতকালের অর্থ প্রদান করে। দ্বিতীয় فِعْل টি বর্তমান ও ভবিষ্যৎকালের অর্থ প্রদান করে। তৃতীয় فِعْل টি কোনো কিছু করার আদেশ করে। আর চতুর্থ فِعْل টি কোনো কিছু করা থেকে নিষেধ করে।

اَلْقَوَاعِدُ

فِعْل-এর পরিচয়

فِعْل শব্দটি একবচন। বহুবচনে أَفْعَالٌ আভিধানিক অর্থ- কাজ, ক্রিয়া। আর নাহু শাস্ত্রের পরিভাষায়-

هُوَ كَلِمَةٌ تَدُلُّ عَلٰى مَعْنًى فِي نَفْسِهَا دَلَالَةً مُقْتَرِنَةً بِزَمَانِ ذٰلِكَ الْمَعْنٰى

অর্থাৎ فِعْل এমন একটি শব্দ যা তার নিজের অর্থ নিজেই প্রকাশ করতে পারে এবং ঐ অর্থ তিনটি কালের যে কোনো একটির সাথে মিলিত হয়।

যেমন- كَتَبَ (সে লিখল), يَكْتُبُ (সে লিখছে বা লিখবে) ইত্যাদি।

فِعْل-এর প্রকার : বিভিন্ন দৃষ্টিকোণে فِعْل-এর বিভিন্ন প্রকার রয়েছে। যথা-

(ক) রূপান্তর হিসেবে فِعْل দু প্রকার। যথা-

১. اَلْأَفْعَالُ الْمُتَصَرِّفَةُ তথা রূপান্তরশীল ক্রিয়াসমূহ।

২. اَلْأَفْعَالُ غَيْرُ الْمُتَصَرِّفَةِ / اَلْأَفْعَالُ الْجَامِدَةُ তথা রূপান্তরহীন ক্রিয়াসমূহ।

اَلْأَفْعالُ الْمُتَصَرِّفَةُ-এর পরিচয়: যে সকল فِعْلٌ তথা ক্রিয়া مَاضِي ؛ مُضَارِعٌ ؛ أَمْرُ ও نَهِي ইত্যাদিতে রূপান্তর হয়, তাকে اَلْأَفْعالُ الْمُتَصَرِّفَةُ বলে। যেমন- نَصَرَ - يَنْصُرُ - أُنْصُرْ ও لَاتَنْصُرْ ইত্যাদি।

اَلْأَفْعالُ الْجَامِدَةُ-এর পরিচয়: যে সকল فِعْلٌ তথা ক্রিয়ার مَاضِي বা أَمْرٌ-এর রূপান্তর ব্যতীত অন্য কোনো রূপান্তর হয় না, সেগুলোকে اَلْأَفْعالُ غَيْرُ الْمُتَصَرِّفَةِ বা اَلْأَفْعالُ الْجَامِدَةُ বলে। যেমন- كَرُبَ ؛ عَسٰى ؛ تَعَالْ ইত্যাদি।

(খ) গঠনগতভাবে فِعْل তিন প্রকার। যথা–

১. اَلْفِعْلُ الْمَاضِي : যে فِعْل দ্বারা অতীতকালে কোনো কাজ করা বা হওয়া বোঝায়, তাকে اَلْفِعْلُ الْمَاضِي (অতীতকালীন ক্রিয়া) বলা হয়। যেমন- كَتَبْتُ (আমি লিখেছি), قَرَأْتَ (তুমি পড়েছ)।

২. اَلْفِعْلُ الْمُضَارِعُ : যে فِعْل দ্বারা বর্তমান কালে কোন কাজ করা হয় বা হচ্ছে অথবা ভবিষ্যৎকালে কোনো কাজ করা হবে বোঝায়, তাকে اَلْفِعْلُ الْمُضَارِعُ (বর্তমান ও ভবিষ্যৎকালীন ক্রিয়া) বলা হয়। যেমন- تَجْلِسُ (তুমি বসছ বা বসবে), أَنْصُرُ (আমি সাহায্য করি/করছি বা করব)।

৩. فِعْلُ الْأَمْرِ : যে فِعْل দ্বারা কোনো কাজ করার আদেশ, নির্দেশ কিংবা অনুরোধ করা বোঝায়, তাকে فِعْلُ الْأَمْرِ (আদেশসূচক ক্রিয়া) বলা হয়। যেমন- اِجْلِسْ (তুমি বস), اُنْصُرْ (তুমি সাহায্য কর)।

উল্লেখ্য যে, আরবি ভাষায় فِعْلُ النَّهْيِ নামক অপর একটি فِعْل -এর রূপ রয়েছে। এটি মূলত اَلْفِعْلُ الْمُضَارِعُ -এর একটি বিশেষ রূপ। যে فِعْل দ্বারা কোনো কাজ না করার আদেশ, নির্দেশ কিংবা অনুরোধ করা হয় তাকে فِعْلُ النَّهْيِ (নিষেধসূচক ক্রিয়া) বলা হয়। যেমন- لَاتَجْلِسْ (তুমি বসো না), لَاتَنْصُرْ (তুমি সাহায্য কর না)।

(গ) فَاعِل তথা কর্তা উল্লেখিত/উহ্য হিসেবে فِعْل কে দু'ভাগে ভাগ করা যায়। যথা-

১. اَلْفِعْلُ الْمَعْرُوْفُ (কর্তৃবাচক ক্রিয়া) ও ২. اَلْفِعْلُ الْمَجْهُوْلُ (কর্মবাচক ক্রিয়া)।

১. اَلْفِعْلُ الْمَعْرُوْفُ : যে ক্রিয়ার فَاعِل উল্লেখ থাকে, তাকে اَلْفِعْلُ الْمَعْرُوْفُ বা اَلْفِعْلُ الْمَعْلُوْمُ (কর্তৃবাচক ক্রিয়া) বলে। যেমন- أَكَلَ سَاجِدٌ (সাজেদ খেয়েছে)। অর্থাৎ সাজেদ কর্তৃক খাওয়ার কাজ সম্পাদিত হয়েছে, এটি বাক্যে উল্লেখ আছে।

২. اَلْفِعْلُ الْمَجْهُوْلُ : যে ক্রিয়ার فَاعِل উল্লেখ থাকে না, তাকে اَلْفِعْلُ الْمَجْهُوْلُ (কর্মবাচক ক্রিয়া) বলে। যেমন- كُتِبَ (লেখা হয়েছে)। এখানে লেখকের নাম উল্লেখ নেই।

(ঘ) مَفْعُوْل তথা কর্ম হিসেবে فِعْل কে দু'ভাগে ভাগ করা যায়। যথা-

১. اَلْفِعْلُ اللَّازِمُ (অকর্মক ক্রিয়া) ও

২. اَلْفِعْلُ الْمُتَعَدِّي (সকর্মক ক্রিয়া)।

১. اَلْفِعْلُ اللَّازِمُ : অর্থ নির্দেশ করার জন্য যে فِعل-এর مَفْعُوْلٌ بِه প্রয়োজন হয় না, তাকে اَلْفِعْلُ اللَّازِمُ (অকর্মক ক্রিয়া) বলে। যেমন- ذَهَبَ بَكْرٌ (বকর গিয়েছে)। বাক্যে ذَهَبَ এর অর্থ বোঝানোর জন্য কোনো مَفْعُوْل-এর প্রয়োজন হয় না।

২. اَلْفِعْلُ الْمُتَعَدِّي : অর্থ নির্দেশ করার জন্য যে فِعل-এর مَفْعُوْلٌ بِه প্রয়োজন হয়, তাকে اَلْفِعْلُ الْمُتَعَدِّي (সকর্মক ক্রিয়া) বলে। যেমন-

نَصَرَ بَكْرٌ زَيْدًا (বকর যায়েদকে সাহায্য করেছে)। এ বাক্যে زَيْدًا শব্দটি مَفْعُوْلٌ بِه ।

উল্লেখ্য, একমাত্র اَلْفِعْلُ الْمُتَعَدِّي কে اَلْفِعْلُ الْمَجْهُوْلُ বানানো যায়।

(ঙ) ইতিবাচক ও নেতিবাচক বিবেচনায় فِعْل দু'প্রকার। যথা-

১. اَلْفِعْلُ الْمُثْبَتُ (হ্যাঁবাচক ক্রিয়া) ও

২. اَلْفِعْلُ الْمَنْفِيُّ (নাবাচক ক্রিয়া)

১. اَلْفِعْلُ الْمُثْبَتُ : যে فِعْل দ্বারা কোনো কাজ সংঘটিত হওয়া বা করা বোঝায়, তাকে اَلْفِعْلُ الْمُثْبَتُ (হ্যাঁবাচক ক্রিয়া) বলে। যেমন- ذَهَبَ (সে গিয়েছে), يَسْمَعُ (সে শ্রবণ করছে/করবে)।

২. اَلْفِعْلُ الْمَنْفِيُّ : যে فِعْل দ্বারা কোনো কাজ সংঘটিত না হওয়া বা না করা বোঝায়, তাকে اَلْفِعْلُ الْمَنْفِيُّ (নাবাচক ক্রিয়া) বলে। যেমন- مَا ذَهَبَ (সে যায়নি), لَا يَسْمَعُ (সে শ্রবণ করছে না/করবে না)।

(চ) ক্রিয়ার মূল অক্ষর হিসেবে فِعْلٌ দু'প্রকার। যথা-

১. اَلْفِعْلُ الْمُجَرَّدُ ও

২. اَلْفِعْلُ الْمَزِيْدُ فِيْه

১. اَلْفِعْلُ الْمُجَرَّدُ : যে فِعْل-এর অতীতকালের وَاحِد مُذَكَّر غَائِب-এর সীগায় কোনো অতিরিক্ত অক্ষর থাকে না, তাকে اَلْفِعْلُ الْمُجَرَّدُ বলে। যেমন- ذَهَبَ ؛ سَمِعَ؛ بَعْثَرَ ইত্যাদি।

২. اَلْفِعْلُ الْمَزِيْدُ فِيْه : যে فِعْل-এর অতীতকালের وَاحِد مُذَكَّر غَائِب-এর সীগায় মূল অক্ষরের সাথে অতিরিক্ত অক্ষর থাকে, তাকে اَلْفِعْلُ الْمَزِيْدُ فِيْه বলে। যেমন- تَسَرْبَلَ ؛ اِجْتَنَبَ ইত্যাদি।

اَلتَّمْرِيْنُ : অনুশীলনী

১। فِعْل-এর সংজ্ঞা দাও। রূপান্তরভেদে فِعْل কত প্রকার ও কী কী? লেখ।

২। হ্যাঁবাচক ও নাবাচক বিচারে **فعل** এর প্রকারসমূহ উদাহরণসহ উল্লেখ করো।

৩। গঠনগত দিক থেকে **فعل** কত প্রকার? উদাহরণসহ আলোচনা করো।

৪। নিম্নোক্ত অনুচ্ছেদ হতে **فعل** সমূহ বের করো।

عَنْ أَنَسٍ رَضِيَ اللهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُوْلُ الله صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ "مَنْ صَلَّى صَلَاتَنَا وَاسْتَقْبَلَ قِبْلَتَنَا وَأَكَلَ ذَبِيْحَتَنَا فَذٰلِكَ الْمُسْلِمُ الَّذِيْ لَهُ ذِمَّةُ اللهِ وَرَسُوْلِهِ.

اَلدَّرْسُ الرَّابِعُ : চতুর্থ পাঠ

اَلْفِعْلُ الْمَاضِي: أَقْسَامُهُ وَتَصْرِيْفَاتُهُ

ফে'লে মাদী : তার প্রকার ও রূপান্তরসমূহ

নিচের উদাহরণগুলোর প্রতি লক্ষ করো

اِجْتَهَدَ الطَّالِبُ فِى الْقِرائَةِ	ছাত্রটি পড়ায় পরিশ্রম করেছে।
قَدْ اِنْتَصَرَ الْجُنُوْدُ	সৈন্যবাহিনী এইমাত্র জয় লাভ করল।
كَانَ اِسْتَغْفَرَ الطَّالِبُ	ছাত্রটি ক্ষমা চেয়েছিল।
اَلْمُعَلِّمُوْنَ كَانُوْا يُعَلِّمُوْنَ الْكِتَابَ	শিক্ষকগণ কিতাব শিক্ষা দিতেন।
لَعَلَّما اِنْتَقَمَ خَالِدٌ	সম্ভবত খালিদ প্রতিশোধ নিল।
لَيْتَما اِعْتَصَمُوْا القُرْآنَ	যদি তারা কোরআনকে আঁকড়ে ধরত।

উদাহরণগুলোতে গভীরভাবে লক্ষ করলে দেখা যাবে যে, নিম্নরেখাবিশিষ্ট প্রত্যেকটি শব্দ অতীত কালের অর্থ প্রকাশ করলেও একেকটি একেক ধরনের।

প্রথম বাক্যে اِجْتَهَدَ শব্দটি দ্বারা সাধারণত অতীতকালে পরিশ্রম করল বোঝায়।

দ্বিতীয় বাক্যে قَدْ اِنْتَصَرَ শব্দ দ্বারা একটু আগে বিজয় লাভ করেছে বোঝায়।

তৃতীয় বাক্যে كَانَ اِسْتَغْفَرَ দ্বারা দূরবর্তী অতীতকালে ক্ষমা চেয়েছিল বোঝায়।

চতুর্থ বাক্যে كَانُوْا يُعَلِّمُوْنَ দ্বারা শিক্ষা দানের কাজটি অতীতকালে চলমান ছিল বোঝায়।

পঞ্চম বাক্যে لَعَلَّما اِنْتَقَمَ দ্বারা অতীতকালে কাজে প্রতিশোধ নেয়ার সন্দেহ বোঝায়।

ষষ্ঠ বাক্যে لَيْتَما اِعْتَصَمُوا শব্দ দ্বারা অতীতকালে আঁকড়ে ধরার আকাঙ্ক্ষা বোঝায়।

اَلْقَوَاعِدُ

اَلْفِعْلُ الْمَاضِي-এর পরিচয়: اِسْمُ الفَاعِلِ الْمَاضِي শব্দটি-এর সীগাহ। এর আভিধানিক অর্থ- বিগত, অতীত। পরিভাষায় اَلْفِعْلُ الْمَاضِي হলো-

هُوَ مَادَلَّ عَلٰى حَالَةٍ أَوْ حَدَثٍ فِي زَمَانٍ قَبْلَ الَّذِىْ أَنْتَ فِيْه .

অর্থাৎ, তুমি যে সময়ে বর্তমান আছ, তার পূর্বেকার সময়ে কোনো অবস্থা বা ঘটনার উপর ইঙ্গিত করে এমন ক্রিয়াপদকে اَلْفِعْلُ الْمَاضِي বলে। আরো সহজভাবে বলা যায়, যে فِعْلٌ দ্বারা অতীত কালে কোনো কাজ সংঘটিত হয়েছিল বোঝায়, তাকে اَلْفِعْلُ الْمَاضِي বলে। যেমন-
اَلرَّحْمٰنُ عَلَّمَ الْقُرْاٰنَ (দয়াময় প্রভু কুরআন শেখালেন)। এ আয়াতে عَلَّمَ শব্দটি ফে'লে মাদী।

اَلْفِعْلُ الْمَاضِي-এর প্রকার

অতীতকালের তারতম্য অনুসারে اَلْفِعْلُ الْمَاضِي কে ছয় ভাগে ভাগ করা যায়। যথা-

১. اَلْمَاضِي اَلْمُطْلَقُ	২. اَلْمَاضِي اَلْقَرِيْبُ
৩. اَلْمَاضِي اَلْبَعِيدُ	৪. اَلْمَاضِي الْاِسْتِمْرَارِي
৫. اَلْمَاضِي الْاِحْتِمَالِـي	৬. اَلْمَاضِي التَّمَنِّـي

নিম্নে এ গুলোর পরিচয় ও গঠনপ্রণালী আলোচনা করা হলো-

১. اَلْمَاضِي اَلْمُطْلَقُ-এর পরিচয়: যে فِعْل তথা ক্রিয়া দ্বারা সাধারণভাবে অতীতকালে কোনো কাজ করলো বা সংঘটিত হলো বোঝায়, তাকে اَلْمَاضِي اَلْمُطْلَقُ (সাধারণ অতীতকাল) বলে। যেমন- قَرَأَ (সে পড়ল), كَتَبَ (সে লিখল)।

গঠন প্রণালি : اَلْمَاضِي اَلْمُطْلَقُ সাধারণত مَصْدَر তথা ক্রিয়ামূল থেকে গঠিত হয়। তিন অক্ষরবিশিষ্ট فِعْل এর ف কালেমায় فَتْحَة (যবর) এবং ع কালেমায় বাব অনুযায়ী ضَمَّة (পেশ), فَتْحَة (যবর) বা كَسْرَة (যের) দিয়ে ل কালেমায় فَتْحَة (যবর) দিলে اَلْمَاضِي اَلْمُطْلَقُ এর وَاحِد مُذَكَّرغَائِب এর সীগাহ গঠিত হয়।

২. اَلْمَاضِي الْقَرِيْبُ-এর পরিচয় : যে فِعْل দ্বারা অতীতকালের নিকটতম সময় অর্থাৎ কিছুক্ষণ পূর্বে কোনো কাজ সংঘটিত হয়েছে বোঝায়, তাকে اَلْمَاضِي الْقَرِيْبُ (নিকটবর্তী অতীত কাল) বলে। যেমন- قَدْ قَرَأَ (সে এইমাত্র পড়ল), قَد كَتَبَ (সে এইমাত্র লিখল)।

গঠন প্রণালি: اَلْفِعْلُ الْمَاضِى الْمُطْلَقُ-এর সীগাহসমূহের পূর্বে قَد যোগ করলে اَلْفِعْلُ الْمَاضِي الْقَرِيْبُ এর ১৪টি সীগাহ গঠিত হয়। قَد শব্দটি সর্বদা অপরিবর্তিত থাকবে। যেমন- قَد نَصَرْتُ (আমি এইমাত্র সাহায্য করেছি), قَد حَفِظَ (সে এইমাত্র মুখস্থ করেছে)।

৩. **اَلْمَاضِي الْبَعِيدُ-এর পরিচয় :** যে اَلفِعْلُ الْمَاضِي দ্বারা দূরবর্তী অতীতকালে কোনো কাজ করেছিল বা হয়েছিল বোঝায়, তাকে اَلْمَاضِي الْبَعِيدُ (দূরবর্তী অতীতকাল) বলে। যেমন- كُنْتُ ذَهَبْتُ (আমি অনেক আগে গিয়েছিলাম), كُنَّا غَسَلْنَا (আমরা অনেক আগেই গোসল করেছি)।

গঠন প্রণালি: اَلفِعْلُ الْمَاضِي الْبَعِيدُ اَلفِعْلُ الْمَاضِي الْمُطْلَقُ-এর পূর্বে كَانَ যোগ করলে এর সীগাহ গঠিত হয়। যেমন كَانَ فَعَلَ । উল্লেখ্য كَانَ শব্দটি চৌদ্দটি সীগাহর সাথে রূপান্তর হয়।

যেমন- كَانَ فَتَحَ (সে খুলেছিল), كُنْتُ صَبَرْتُ (আমি ধৈর্য ধরেছিলাম)।

৪. **اَلْمَاضِي اَلْاِسْتِمْرَارِيُّ-এর পরিচয় :** যে فِعْل দ্বারা অতীতকালে ব্যাপক সময় পর্যন্ত কোনো কাজ চলছিল বোঝায়, তাকে اَلْمَاضِي اَلْاِسْتِمْرَارِى (চলমান অতীত কাল) বলে। যেমন- كَانَ يَكْبُرُ (সে বড় হচ্ছিল), كَانُوْا يَنَامُوْنَ (তারা ঘুমাচ্ছিল)।

গঠন প্রণালি: اَلْمَاضِي اَلْاِسْتِمْرَارِى اَلْفِعْلُ الْمُضَارِع এর পূর্বে كَانَ যোগ করলে-এর সীগাহ হয়। যেমন كَانَ يَكْتُبُ (সে লিখতেছিল)। উল্লেখ্য, كَانَ শব্দটিও মূল সীগাহর সাথে রূপান্তর হবে। যেমন- كَان يَذْهَبُ ؛ كَانَا يَذْهَبَانِ ؛ كانُوا يَذْهَبُوْنَ

৫. **اَلْمَاضِي اَلْاِحْتِمَالِيُّ-এর পরিচয় :** যে فِعْل তথা ক্রিয়া দ্বারা অতীতকালে কোনো কাজ সংঘটিত হওয়ার সম্ভাবনা বোঝায়, তাকে اَلْمَاضِي اَلْاِحْتِمَالِيُّ (সম্ভাবনামূলক অতীত কাল) বলে। যেমন- لَعَلَّما عَمِلَ (সম্ভবত সে আমল করেছে)

গঠন প্রণালি: اَلْمَاضِي اَلْاِحْتِمَالِيُّ اَلْمَاضِي الْمُطْلَقُ এর পূর্বে لَعَلَّما শব্দ যোগ করলে এর সীগাহ গঠিত হয়। যেমন- لَعَلَّمَا قَامَ (সম্ভবত সে দাঁড়িয়ে ছিলো)। لَعَلَّماَ শব্দটি সবসময় একই অবস্থায় থাকবে, অর্থাৎ রূপান্তর হবে না।

৬. **اَلْمَاضِي التَّمَنِّيُّ-এর পরিচয় :** যে فِعْل তথা ক্রিয়া দ্বারা অতীতকালে কোন কাজ সংঘটিত হওয়ার আকজ্খা প্রকাশ করা হয়, তাকে اَلْمَاضِي اَلتَّمَنِّيُّ (আকাঙ্খামূলক অতীত কাল) বলে। যেমন- لَيْتَمَا قَرَأَ (যদি সে পড়তো/পড়ে থাকত)

গঠন প্রণালি: اَلْفِعْلُ اَلْمَاضِى اَلتَّمَنِّيُّ اَلْمَاضِى اَلْمُطْلَقُ-এর পূর্বে لَيْتَمَا শব্দ যোগ করলে এর সীগাহ গঠিত হয়। যেমন- لَيْتَمَا جَلَسَ (যদি সে বসতো), لَيْتَمَا نَامَ (যদি সে ঘুমাতো)। لَيْتَمَا শব্দটি সব সময় অপরিবর্তিত থাকবে।

২০২৫

বিঃ দ্রঃ ثُلَاثِيٌّ مُجَرَّدٌ এর রূপান্তর তোমরা ৫ম ও ৬ষ্ঠ শ্রেণিতে পড়েছ। তাই ثُلَاثِيْ مَزِيْد فِيْهِ এর রূপান্তর এখানে দেয়া হলো। প্রকারভেদ অনুযায়ী اَلْفِعْلُ الْمَاضِي এর ছয়টি রূপান্তর হয়। আবার প্রত্যেক প্রকারের اَلْمَعْرُوْف ؛ اَلْمَجْهُوْل এবং اَلْمُثْبَتُ ؛ اَلْمَنْفِيُّ রয়েছে।

اَلْفِعْلُ الْمَاضِي الْمُثْبَتُ الْمَعْرُوْفُ

হ্যাঁ-বাচক অতীতকালীন কর্তৃবাচক ক্রিয়া

تَصْرِيْف	اِسْمُ الصِّيْغَةِ	اَلْمَعْنٰى
اِجْتَنَبَ	وَاحِد مُذَكَّر غَائِب	সে বিরত থাকল (একজন পুরুষ)
اِجْتَنَبَا	تَثْنِيَة مُذَكَّر غَائِب	তারা বিরত থাকল (দু জন পুরুষ)
اِجْتَنَبُوْا	جَـمْع مُذَكَّر غَائِب	তারা বিরত থাকল (সকল পুরুষ)
اِجْتَنَبَتْ	وَاحِد مُؤَنَّث غَائِب	সে বিরত থাকল (একজন মহিলা)
اِجْتَنَبَتَا	تَثْنِيَة مُؤَنَّث غَائِب	তারা বিরত থাকল (দুজন মহিলা)
اِجْتَنَبْنَ	جَـمْع مُؤَنَّث غَائِب	তারা বিরত থাকল (সকল মহিলা)
اِجْتَنَبْتَ	وَاحِد مُذَكَّر حَاضِر	তুমি বিরত থাকলে (একজন পুরুষ)
اِجْتَنَبْتُمَا	تَثْنِيَة مُذَكَّر حَاضِر	তোমরা বিরত থাকলে (দুজন পুরুষ)
اِجْتَنَبْتُمْ	جَـمْع مُذَكَّر حَاضِر	তোমরা বিরত থাকলে (সকল পুরুষ)
اِجْتَنَبْتِ	وَاحِد مُؤَنَّث حَاضِر	তুমি বিরত থাকলে (একজন মহিলা)
اِجْتَنَبْتُمَا	تَثْنِيَة مُؤَنَّث حَاضِر	তোমরা বিরত থাকলে (দুজন মহিলা)
اِجْتَنَبْتُنَّ	جَـمْع مُؤَنَّث حَاضِر	তোমরা বিরত থাকলে (সকল মহিলা)
اِجْتَنَبْتُ	وَاحِد مُتَكَلِّم	আমি বিরত থাকলাম (একজন পুরুষ/মহিলা)
اِجْتَنَبْنَا	جَـمْع مُتَكَلِّم	আমরা বিরত থাকলাম (দুজন/সকল পুরুষ/মহিলা)

اَلْفِعْلُ الْمَاضِي الْمُثْبَتُ الْمَجْهُوْلُ

হ্যাঁ-বাচক অতীতকালীন কর্মবাচক ক্রিয়া

تَصْرِيْف	اِسْمُ الصِّيْغَةِ	اَلْمَعْنٰى
اُجْتُنِبَ	وَاحِد مُذَكَّر غَائِب	তাকে বিরত রাখা হল (একজন পুরুষ)
اُجْتُنِبَا	تَثْنِيَة مُذَكَّر غَائِب	তাদেরকে বিরত রাখা হল (দুজন পুরুষ)
اُجْتُنِبُوا	جَـمْع مُذَكَّر غَائِب	তাদেরকে বিরত রাখা হল (সকল পুরুষ)
اُجْتُنِبَتْ	وَاحِد مُؤَنَّث غَائِب	তাকে বিরত রাখা হলো (একজন মহিলা)
اُجْتُنِبَتَا	تَثْنِيَة مُؤَنَّث غَائِب	তাদেরকে বিরত রাখা হল (দুজন মহিলা)
اُجْتُنِبْنَ	جَـمْع مُؤَنَّث غَائِب	তাদেরকে বিরত রাখা হল (সকল মহিলা)
اُجْتُنِبْتَ	وَاحِد مُذَكَّر حَاضِر	তোমাকে বিরত রাখা হল (একজন পুরুষ)
اُجْتُنِبْتُمَا	تَثْنِيَة مُذَكَّر حَاضِر	তোমাদেরকে বিরত রাখা হল (দুজন পুরুষ)
اُجْتُنِبْتُمْ	جَـمْع مُذَكَّر حَاضِر	তোমাদেরকে বিরত রাখা হল (সকল পুরুষ)
اُجْتُنِبْتِ	وَاحِد مُؤَنَّث حَاضِر	তোমাকে বিরত রাখা হল (একজন মহিলা)
اُجْتُنِبْتُمَا	تَثْنِيَة مُؤَنَّث حَاضِر	তোমাদেরকে বিরত রাখা হল (দুজন মহিলা)
اُجْتُنِبْتُنَّ	جَـمْع مُؤَنَّث حَاضِر	তোমাদেরকে বিরত রাখা হল (সকল মহিলা)
اُجْتُنِبْتُ	وَاحِد مُتَكَلِّم	আমাকে বিরত রাখা হল (একজন পুরুষ/মহিলা)
اُجْتُنِبْنَا	جَـمْع مُتَكَلِّم	আমাদেরকে বিরত রাখা হল (দুজন/সকল পুরুষ/মহিলা)

اَلْفِعْلُ الْمَاضِي الْمَنْفِيُّ الْمَعْرُوْفُ

না-বাচক অতীতকালীন কর্তৃবাচক ক্রিয়া

اَلْمَعْنٰى	اِسْمُ الصِّيْغَةِ	تَصْرِيْف
সে বিরত থাকল না (একজন পুরুষ)	وَاحِد مُذَكَّر غَائِب	مَا اجْتَنَبَ
তারা বিরত থাকল না (দুজন পুরুষ)	تَثْنِيَة مُذَكَّر غَائِب	مَا اجْتَنَبَا
তারা বিরত থাকল না (সকল পুরুষ)	جَـمْع مُذَكَّر غَائِب	مَا اجْتَنَبُوا
সে বিরত থাকল না (একজন মহিলা)	وَاحِد مُؤَنَّث غَائِب	مَا اجْتَنَبَتْ
তারা বিরত থাকল না (দুজন মহিলা)	تَثْنِيَة مُؤَنَّث غَائِب	مَا اجْتَنَبَتَا
তারা বিরত থাকল না (সকল মহিলা)	جَـمْع مُؤَنَّث غَائِب	مَا اجْتَنَبْنَ
তুমি বিরত থাকলে না (একজন পুরুষ)	وَاحِد مُذَكَّر حَاضِر	مَا اجْتَنَبْتَ
তোমরা বিরত থাকলে না (দুজন পুরুষ)	تَثْنِيَة مُذَكَّر حَاضِر	مَا اجْتَنَبْتُمَا
তোমরা বিরত থাকলে না (সকল পুরুষ)	جَـمْع مُذَكَّر حَاضِر	مَا اجْتَنَبْتُمْ
তুমি বিরত থাকলে না (একজন মহিলা)	وَاحِد مُؤَنَّث حَاضِر	مَا اجْتَنَبْتِ
তোমরা বিরত থাকলে না (দুজন মহিলা)	تَثْنِيَة مُؤَنَّث حَاضِر	مَا اجْتَنَبْتُمَا
তোমরা বিরত থাকলে না (সকল মহিলা)	جَـمْع مُؤَنَّث حَاضِر	مَا اجْتَنَبْتُنَّ
আমি বিরত থাকলাম না (একজন পুরুষ/মহিলা)	وَاحِد مُتَكَلِّم	مَا اجْتَنَبْتُ
আমরা বিরত থাকলাম না (দুজন/সকল পুরুষ/মহিলা)	جَـمْع مُتَكَلِّم	مَا اجْتَنَبْنَا

اَلْفِعْلُ الْمَاضِي الْمَنْفِيُّ الْمَجْهُوْلُ

না-বাচক অতীতকালীন কর্মবাচক ক্রিয়া

تَصْرِيْف	اِسْمُ الصِّيْغَةِ	اَلْمَعْنٰى
مَا اجْتُنِبَ	وَاحِد مُذَكَّر غَائِب	তাকে বিরত রাখা হল না (একজন পুরুষ)
مَا اجْتُنِبَا	تَثْنِيَة مُذَكَّر غَائِب	তাদেরকে বিরত রাখা হল না (দুজন পুরুষ)
مَا اجْتُنِبُوا	جَـمْع مُذَكَّر غَائِب	তাদেরকে বিরত রাখা হল না (সকল পুরুষ)
مَا اجْتُنِبَتْ	وَاحِد مُؤَنَّث غَائِب	তাকে বিরত রাখা হল না (একজন মহিলা)
مَا اجْتُنِبَتَا	تَثْنِيَة مُؤَنَّث غَائِب	তাদেরকে বিরত রাখা হল না (দুজন মহিলা)
مَا اجْتُنِبْنَ	جَـمْع مُؤَنَّث غَائِب	তাদেরকে বিরত রাখা হল না (সকল মহিলা)
مَا اجْتُنِبْتَ	وَاحِد مُذَكَّر حَاضِر	তোমাকে বিরত রাখা হল না (একজন পুরুষ)
مَا اجْتُنِبْتُمَا	تَثْنِيَة مُذَكَّر حَاضِر	তোমাদেরকে বিরত রাখা হল না (দুজন পুরুষ)
مَا اجْتُنِبْتُمْ	جَـمْع مُذَكَّر حَاضِر	তোমাদেরকে বিরত রাখা হল না (সকল পুরুষ)
مَا اجْتُنِبْتِ	وَاحِد مُؤَنَّث حَاضِر	তোমাকে বিরত রাখা হল না (একজন মহিলা)
مَا اجْتُنِبْتُمَا	تَثْنِيَة مُؤَنَّث حَاضِر	তোমাদেরকে বিরত রাখা হল না (দুজন মহিলা)
مَا اجْتُنِبْتُنَّ	جَـمْع مُؤَنَّث حَاضِر	তোমাদেরকে বিরত রাখা হল না (সকল মহিলা)
مَا اجْتُنِبْتُ	وَاحِد مُتَكَلِّم	আমাকে বিরত রাখা হল না (একজন পুরুষ/মহিলা)
مَا اجْتُنِبْنَا	جَـمْع مُتَكَلِّم	আমাদেরকে বিরত রাখা হল না (দুজন/সকল পুরুষ/মহিলা)

শিক্ষার্থীর কাজ : এখানে উদাহরণ সরূপ اَلْفِعْلُ الْمَاضِي-এর প্রথম চারটি রূপান্তর উল্লেখ করা হলো। এ পদ্ধতিতে مَاضِي-এর অন্যান্য রূপান্তর লিখে শিক্ষককে দেখাবে। শিক্ষক মহোদয় অনুরূপ আরো মাসদার লেখিয়ে দিবেন।

اَلتَّمْرِيْنُ : অনুশীলনী

১। اَلْفِعْلُ الْمَاضِي কাকে বলে? উহা কত প্রকার ও কী কী? উদাহরণসহ লেখ।

২। اَلْفِعْلُ الْمَاضِي الْمُطْلَق কাকে বলে? গঠন প্রণালি উদাহরণসহ লেখ।

৩। مَاضِي قَرِيْب ও مَاضِيْ بَعِيْد এর গঠন প্রণালি আলোচনা করো।

৪। اَلْمَاضِي الْمُثْبَتُ الْمَعْرُوْفُ এর রূপান্তর লেখ। اَلْإِكْرَامُ মাসদার দিয়ে

৫। اَلْمَاضِي الْبَعِيْدُ الْمَعْرُوْفُ এর রূপান্তর লেখ। اَلْاِجْتِنَابُ মাসদার দিয়ে

৬। اَلْمَاضِى اَلْاِسْتِمْرَارِيُّ এর রূপান্তর লেখ। اَلتَّعْلِيْمُ মাসদার দিয়ে

৭। নিচের অনুচ্ছেদ হতে فِعْلٌ مَاضٍ এর সীগাহসমূহ বের করো।

أَسْلَمَ أَبُوْ بَكْرٍ رَضِيَ اللهُ عَنْهُ دُوْنَ تَرَدُّدٍ، فَهُوَ أَوَّلُ مَنْ أَسْلَمَ مِنَ الرِّجَالِ الْأَحْرَارِ، ثُمَّ أَخَذَ يَدْعُو لِدِيْنِ اللهِ، فَاسْتَجَابَ لَهُ عَدَدٌ مِّنْ قُرَيْشٍ، وَكَانَ مِنْ اَغْنِيَاءِ مَكَّةَ، كَانَ يَعْمَلُ بِالتِّجَارَةِ، أَنْفَقَ أَمْوَالَهُ فِى سَبِيْلِ اللهِ، اِتَّفَقَ الْعُلَمَاءُ بِأَنَّهُ خَيْرُ النَّاسِ فِي هٰذِهِ الْأُمَمِ، وَمَا اخْتَلَفَ فِي ذٰلِكَ أَحَدٌ ـ

اَلدَّرْسُ الْخَامِسُ : পঞ্চম পাঠ

اَلْفِعْلُ الْمُضَارِعُ : أَقْسَامُهُ وَتَصْرِيْفَاتُهُ

ফে'লে মুদারে : তার প্রকার ও রূপান্তরসমূহ

নিচের উদাহরণগুলোর প্রতি লক্ষ করো

اَلْمُدَرِّسُوْنَ يُدَرِّسُوْنَ فِي الصَّفِّ.	শিক্ষকগণ ক্লাসে পাঠদান করেন।
لَا نُصَدِّقُ الكَاذِبِيْنَ.	আমরা মিথ্যাবাদীদের বিশ্বাস করি না।
لَمْ يُؤْمِنْ أَبُو جَهْلٍ.	আবু জাহেল ইমান আনেনি।
لَنْ أَكْذِبَ .	আমি কখনো মিথ্যা বলব না।
لَنُبَلِّغَنَّ الْإِسْلَامَ عِنْدَ النَّاسِ.	আমরা অবশ্যই মানুষের কাছে ইসলাম পৌঁছে দেব।

উপরের উদাহরণগুলোতে লক্ষ করলে দেখা যাবে যে, নিম্নে রেখাবিশিষ্ট يُدَرِّسُوْنَ ; لا نُصَدِّقُ ; لَمْ يُؤْمِنْ ; لَنْ أَكْذِبَ ; لَنُبَلِّغَنَّ প্রত্যেকটি শব্দই বর্তমান ও ভবিষ্যৎকালের রূপ কিন্তু বর্তমান ও ভবিষ্যৎ কালের অর্থ প্রকাশ করলেও এগুলোর মাঝে গঠনগত ও অর্থগত ভিন্নতা রয়েছে। যেমন-

প্রথম বাক্যে يُدَرِّسُوْنَ শব্দ দ্বারা সাধারণ বর্তমান ও ভবিষ্যতের হ্যাঁবাচক অর্থ বোঝায়। কিন্তু দ্বিতীয় বাক্যে لا نُصَدِّقُ শব্দ দ্বারা নেতিবাচক অর্থ বোঝায়।

তৃতীয় বাক্যে لَمْ يُؤْمِنْ শব্দ দ্বারা বর্তমানকালে অতিতের কোনো কাজ অস্বীকার করা বোঝায়। চতুর্থ বাক্যে لَنْ أَكْذِبَ শব্দ দ্বারা ভবিষ্যৎকালের কোনো কাজে দৃঢ়ভাবে নাবাচক অর্থ বোঝায়।

আর পঞ্চম বাক্যে لَنُبَلِّغَنَّ শব্দ দ্বারা ভবিষ্যৎকালের কোনো কাজে নিশ্চয়তাসূচক হ্যাঁবাচক অর্থ বোঝায়।

সুতরাং সাধারণত বর্তমান/ভবিষ্যৎকালীন হ্যাঁ-বাচক অর্থ প্রকাশ করায় يُدَرِّسُوْنَ শব্দটিকে اَلْفِعْلُ الْمُضَارِعُ الْمُثْبَتُ এবং বর্তমান/ভবিষ্যৎকালীন নাবাচক অর্থ প্রকাশ করায় لا نُصَدِّقُ শব্দটিকে اَلْفِعْلُ الْمُضَارِعُ الْمَنْفِيّ বলে।

আর لَمْ يُؤْمِنْ শব্দ দ্বারা অতীতকালের কাজ দৃঢ়ভাবে অস্বীকার করা হয়েছে, তাই এ শব্দটিকে اَلْفِعْلُ الْمُضَارِعُ الْمَنْفِيُّ بِلَمْ الْمَجْحُوْدُ কে-لَنْ أَكْذِبَ এবং ভবিষ্যতের কাজকে দৃঢ়ভাবে নিষেধ করায় اَلْفِعْلُ الْمُضَارِعُ الْمَنْفِيُّ بِلَنْ الْمُوَكَّدُ বলে। আর ভবিষ্যতের কাজকে নিশ্চয়তাসূচক হ্যাঁবাচক অর্থ প্রকাশ করায় لَتُبَلِّغَنَّ কে اَلْفِعْلُ الْمُضَارِعُ الْمُؤَكَّدُ بِاللاَّمِ والنُّوْنِ বলে।

اَلْقَوَاعِدُ

اَلْفِعْلُ الْمُضَارِعُ-এর পরিচয় : اَلْمُضَارِعُ শব্দটি বাবে مُفَاعَلَةٌ এর মাসদার اَلْمُضَارَعَةُ হতে গঠিত اِسْمُ الْفَاعِلِ-এর সীগাহ। এর অর্থ- সদৃশ, অনুরূপ ইত্যাদি। পরিভাষায় اَلْفِعْلُ الْمُضَارِعُ হল-

هُوَ الفِعْلُ الَّذِى يَدُلُّ عَلٰى عَمَلٍ أَوْ حَالَةٍ يَحْصُلَانِ فِي الزَّمَنِ الْـحَاضِرِ أَوِ الْمُسْتَقْبِلِ .

অর্থাৎ اَلْفِعْلُ الْمُضَارِعُ এমন **فعل** কে বলে, যা বর্তমান ও ভবিষ্যৎকালে কোনো কাজ বা অবস্থা সংঘটিত হওয়ার ওপর ইঙ্গিত করে।

اَلْفِعْلُ الْمُضَارِعُ -এর প্রকার: اَلْفِعْلُ الْمُضَارِعُ কে পাঁচ ভাগে ভাগ করা যায়। তা হল-

১. اَلْفِعْلُ الْمُضَارِعُ الْمُثْبَتُ

২. اَلْفِعْلُ الْمُضَارِعُ الْمَنْفِيُّ

৩. اَلْفِعْلُ الْمُضَارِعُ الْمَجْحُوْدُ بِلَمْ

৪. اَلْفِعْلُ الْمُضَارِعُ الْمَنْفِيّ الْمُوَكَّدُ بِلَنْ

৫. اَلْفِعْلُ الْمُضَارِعُ الْمُؤَكَّدُ بِاللاَّمِ والنُّوْنِ

اَلْفِعْلُ الْمُضَارِعُ الْمُثْبَتُ

হ্যাঁ-বাচক বর্তমান/ভবিষ্যৎকালীন ক্রিয়া

পরিচয় : اَلْمُثْبَتُ শব্দের আভিধানিক অর্থ- হ্যাঁবাচক। পরিভাষায় যে **فعل** দ্বারা সাধারণভাবে বর্তমান বা ভবিষ্যৎকালে কোনো কাজ করা বা হওয়া বোঝায়, তাকে اَلْفِعْلُ الْمُضَارِعُ الْمُثْبَتُ বলে।

যেমন- يُكْرِمُ (সে সম্মান করছে বা করবে)।

গঠন প্রণালি: اَلْفِعْلُ الْمَاضِي থেকে اَلْفِعْلُ الْمُضَارِعُ গঠন করা হয়। তবে মূল অক্ষরের তারতম্যের কারণে এ গঠনরীতিতে পৃথক পৃথক নিয়ম অবলম্বন করতে হয়। যেমন-

প্রথম পদ্ধতি: তিন অক্ষর বিশিষ্ট اَلْفِعْلُ الْمَاضِي থেকে اَلْفِعْلُ الْمُضَارِعُ এর সীগাহসমূহ গঠন করতে হলে عَلَامَةُ الْمُضَارِعِ তথা مُضَارِعٌ-এর চারটি চিহ্ন أ ـ ت ـ ي ـ ن (সংক্ষেপে اَتَيْنَ বা نَأْتِي) এর যেকোনো একটি عَلَامَةٌ সীগাহর শুরুতে যোগ করে শেষাক্ষরে পেশ দিতে হবে। فَاء كَلِمَة কে সাকিন করতে হবে এবং عَيْن كَلِمَة তে বাব অনুসারে যবর, যের ও পেশ দিতে হবে।

যেমন- نَصَرَ থেকে يَنْصُرُ ; فَتَحَ থেকে يَفْتَحُ ; ضَرَبَ থেকে يَضْرِبُ ইত্যাদি।

দ্বিতীয় পদ্ধতি: চার অক্ষরবিশিষ্ট اَلْفِعْلُ الْمَاضِي থেকে اَلْفِعْلُ الْمُضَارِعُ-এর সীগাহসমূহ গঠন করতে হলে مَاضِي এর প্রথমে عَلَامَةُ الْمُضَارِعِ যোগ করতে হবে এবং عَلَامَةُ الْمُضَارِعِ টি ضَمَّة তথা পেশবিশিষ্ট হবে আর فَاء كَلِمَة তে فَتْحَة দিতে হবে।

যেমন- بَعْثَرَ থেকে يُبَعْثِرُ ও قَنْطَرَ থেকে يُقَنْطِرُ

আর চার অক্ষরবিশিষ্ট مَاضِي এর প্রথম অক্ষর যদি হামযা হয়, তাহলে اَلْفِعْلُ الْمُضَارِعُ-এর সীগাহ গঠনের সময় হামযা বিলুপ্ত হয়ে যাবে। যেমন- أَكْرَمَ থেকে يُكْرِمُ ও أَخْرَجَ থেকে يُخْرِجُ ইত্যাদি।

তৃতীয় পদ্ধতি: مَاضِي তে যদি অক্ষর সংখ্যা চারের বেশি হয়; সেক্ষেত্রেও عَلَامَة الْمُضَارِع টি فَتْحَة (যবর) বিশিষ্ট হবে। যেমন-

تَسَرْبَلَ থেকে يَتَسَرْبَلُ ও تَقَبَّلَ থেকে يَتَقَبَّلُ এবং اِجْتَنَبَ থেকে يَجْتَنِبُ ইত্যাদি।

اَلْفِعْلُ الْمُضَارِعُ اَلْمَنْفِيُّ

না-বাচক বর্তমান/ভবিষ্যৎকালীন ক্রিয়া

পরিচয়- اَلْمَنْفِيُّ এর আভিধানিক অর্থ- নাবাচক, যা করা হয়নি। পরিভাষায়- যে **فعل** দ্বারা বর্তমান বা ভবিষ্যৎকালের কোনো কাজ না করা বা না হওয়া বোঝায়, তাকে اَلْفِعْلُ الْمُضَارِعُ الْمَنْفِيُّ বলে। যেমন- لَا يَنَامُ (সে ঘুমায় না)।

গঠন প্রণালি: اَلْفِعْلُ الْمُضَارِعُ الْمُثْبَتُ-এর গঠনপ্রণালী اَلْفِعْلُ الْمُضَارِعُ الْمَنْفِيُّ এর পূর্বে না অর্থবোধক لَا অব্যয় যোগ করলে اَلْفِعْلُ الْمُضَارِعُ الْمَنْفِيُّ গঠিত হয়। এ অবস্থায় اَلْمُضَارِعُ-এর শব্দে কোনো পরিবর্তন হবে না। তবে অর্থের ক্ষেত্রে হ্যাঁবাচকের পরিবর্তে নাবাচক হবে। যেমন- يَجْتَهِدُ থেকে لَا يَجْتَهِدُ (সে চেষ্টা করে না বা করবে না)।

اَلْفِعْلُ الْمُضَارِعُ الْمَنْفِيُّ الْمَجْحُوْدُ بِلَمْ

অস্বীকৃতিজ্ঞাপক لَمْ যোগে না-বাচক ভবিষ্যৎকালীন ক্রিয়া

পরিচয়: যে فِعْل দ্বারা অতীতকালে কোনো কাজ না করা বা না হওয়া প্রকাশ করা হয়, তাকে اَلْفِعْلُ الْمُضَارِعُ الْمَنْفِيُّ الْمَجْحُوْدُ بِلَمْ বলে। যেমন- لَمْ يَغْسِلْ (সে গোসল করেনি)।

অতীতকালের কোনো কাজের অস্বীকৃতির ক্ষেত্রে اَلْمَنْفِيُّ بِلَمْ ব্যবহার করা হয়। এটি মূলত اَلْفِعْلُ الْمَاضِي الْمَنْفِيُّ অর্থ দেয়। যেমন- مَا نَامَ (সে ঘুমায়নি)। তবে উভয়ের মধ্যে পার্থক্য হলো, اَلْمَنْفِيُّ بِلَمْ-এর অর্থের মাঝে না করার বা না হওয়ার অর্থ পাওয়া যায়।

গঠন প্রণালি: اَلْفِعْلُ الْمُضَارِعُ এর সীগার পূর্বে অস্বীকৃতিজ্ঞাপক لَمْ যোগ করলেই اَلْفِعْلُ الْمُضَارِعُ اَلْمَنْفِيُّ بِلَمْ গঠিত হয়। لَم-টি اَلْفِعْلُ الْمُضَارِعُ এর পূর্বে এসে পাঁচ প্রকার পরিবর্তন সাধন করে। যথা-

১. اَلْفِعْلُ الْمُضَارِعُ এর অর্থকে اَلْمَاضِى الْمَنْفِيُّ এর অর্থে পরিণত করে।

২. لَم পাঁচটি সীগার শেষে সুকূন প্রদান করে; যদি শেষবর্ণ اَلْحَرْفُ الصَّحِيحُ হয়। সীগাগুলো হলো-

ক. وَاحِد مُذَكَّر غَائِب যেমন- لَمْ يَفْعَلْ

খ. وَاحِد مُؤَنَّث غَائِب যেমন- لَمْ تَفْعَلْ

গ. وَاحِد مُذَكَّر حَاضِر যেমন- لَمْ تَفْعَلْ

ঘ. وَاحِد مُتَكَلِّم যেমন- لَمْ أَفْعَلْ

ঙ. جَـمْع مُتَكَلِّم যেমন- لَمْ نَفْعَلْ

৩. শেষ বর্ণে حَرْفُ الْعِلَّةِ হলে তা বিলোপ করে দেয়। যেমন- يَخْشٰى থেকে لَمْ يَخْشَ ও يَدْعُو থেকে لم يَدْعُ ইত্যাদি।

৪. لَمْ সাতটি সীগাহ থেকে نُوْنُ الْإِعْرَابِ কে বিলোপ করে দেয়। সীগাগুলো হলো-

تَثْنِيَة এর চারটি সীগাহ যথা-

ক. تَثْنِيَة مُذَكَّر غَائِب যেমন- لَمْ يَفْعَلَا

খ. تَثْنِيَة مُؤَنَّث غَائِب যেমন- لَمْ تَفْعَلَا

গ. تَثْنِيَة مُذَكَّر حَاضِر যেমন- لَمْ تَفْعَلَا

ঘ. تَثْنِيَة مُؤَنَّث حَاضِر যেমন- لَمْ تَفْعَلَا

جَمْع এর দুটি যথা-

চ. جَـمْع مُذَكَّر غَائِب যেমন- لَمْ يَفْعَلُوْا

ছ. جَـمْع مُذَكَّر حَاضِر যেমন- لَمْ تَفْعَلُوْا

وَاحِد এর একটি যথা-

ঙ. وَاحِد مُؤَنَّث حَاضِر যেমন- لَمْ تَفْعَلِيْ

৫. দুটি সীগার শেষে কোনো পরিবর্তন হয় না। যথা-

ক. جَـمْع مُؤَنَّث غَائِب যেমন- لَمْ يَفْعَلْنَ

খ. جَـمْع مُؤَنَّث حَاضِر যেমন- لَمْ تَفْعَلْنَ

اَلْفِعْلُ الْمُضَارِعُ الْمَنْفِيُّ الْمُوَكَّدُ بِلَنْ

দৃঢ়তাজ্ঞাপক لَنْ যোগে না-বাচক ভবিষ্যৎকালীন ক্রিয়া

পরিচয় : যে فِعْل দ্বারা ভবিষ্যৎকালে কোনো কাজ সংঘটিত না হওয়া বা না করার দৃঢ়তা প্রকাশ করা হয়, তাকে اَلْفِعْلُ الْمُضَارِعُ الْمَنْفِيُّ الْمُوَكَّدُ بِلَنْ বলে। যেমন- لَن يَّفْعَلَ (সে কখনো করবে না)।

গঠনপ্রণালী : اَلْفِعْلُ الْمُضَارِعُ এর পূর্বে নাবাচক لَنْ যোগ করলে اَلْفِعْلُ الْمُضَارِعُ اَلْمَنْفِيُّ الْمُوَكَّدُ بِلَنْ গঠিত হয়।

لَنْ এর বৈশিষ্ট্য: لَنْ এর আমল হলো-

১. لَن এসে مُضَارِع কে مُسْتَقْبِل তথা ভবিষ্যৎকালের অর্থ প্রদানে নির্দিষ্ট করে দেয় এবং ভবিষ্যৎকালে কোনো কাজ কখনো না হওয়া বা না করার ব্যাপারে নিশ্চয়তা প্রদান করে।

২. لَنْ এসে اَلْفِعْلُ الْمُضَارِعُ এর পাঁচটি সীগাহ বা রূপের শেষে নসব দেয়। সীগাগুলো হলো-

ক. وَاحِد مُذَكَّر غَائِبِ যেমন- لَنْ يَفْعَلَ

খ. وَاحِد مُؤَنَّث غَائِب যেমন- لَنْ تَفْعَلَ

গ. وَاحِد مُذَكَّر حَاضِر যেমন- لَنْ تَفْعَلَ

ঘ. وَاحِد مُتَكَلِّم যেমন- لَنْ أَفْعَلَ

ঙ. جَـمْع مُتَكَلِّم যেমন- لَنْ نَفْعَلَ

৩. সাতটি সীগাহ থেকে نُوْنُ الْإِعْرَابِ কে বিলোপ করে দেয়। সীগাগুলো হলো-

ক. تَثْنِيَة এর চারটি সীগাহ। যথা- لَنْ يَّفْعَلَا ـ لَنْ تَفْعَلَا ـ لَنْ تَفْعَلَا ـ لَنْ تَفْعَلَا

খ. جَـمْع مُذَكَّر حَاضِر ও جَـمْع مُذَكَّر غَائِب এর দু'টি সীগাহ।

যেমন- لَنْ تَفْعَلُوْا - لَنْ يَّفْعَلُوْا

গ. وَاحِد مُؤَنَّث حَاضِر এর একটি সীগাহ। যথা- لَنْ تَفْعَلِـيْ

৪. দু'টি সীগার শেষে কোনো পরিবর্তন হয় না। সীগাগুলো হলো-

ক. جَـمْع مُؤَنَّث غَائِب যেমন- لَنْ يَّفْعَلْنَ

খ. جَـمْع مُؤَنَّث حَاضِر যেমন- لَنْ تَفْعَلْنَ

اَلْفِعْلُ الْمُضَارِعُ الْمُؤَكَّدُ بِاللاَّمِ والنُّوْنِ

নিশ্চয়তাজ্ঞাপক لَامْ ও نُوْن যোগে ভবিষ্যৎকালীন ক্রিয়া

পরিচয় : যে فِعْل দ্বারা ভবিষ্যৎকালে নিশ্চিতভাবে কোনো কাজ করবে বা করা হবে বোঝায়, তাকে اَلْفِعْلُ الْمُضَارِعُ الْمُؤَكَّدُ بِاللاَّمِ والنُّوْنِ বলা হয়। যেমন- لَيَنْصُرَنَّ (সে অবশ্যই সাহায্য করবে)।

গঠন প্রণালি: فِعْلٌ مُضَارِع-এর সীগাসমূহের শুরুতে لَامُ التَّاكِيْدِ এবং শেষে نُوْنُ التَّاكِيْدِ যোগ করলে اَلْفِعْلُ الْمُضَارِعُ الْمُؤَكَّدُ بِاللاَّمِ والنُّوْنِ-এর সীগাসমূহ গঠিত হয়; لَامُ التَّاكِيْدِ সর্বদা যবরযুক্ত হবে। যেমন- لَيَذْهَبَنَّ (সে নিশ্চয়ই যাবে)।

نُوْنُ التَّاكِيْدِ দু'প্রকার। যথা-

১. نُوْنٌ ثَقِيْلَةٌ তথা তাশদীদবিশিষ্ট নূন। ২. نُوْنٌ خَفِيْفَةٌ তথা সাকিনবিশিষ্ট নূন।

اَلْفِعْلُ المُضَارِعُ الْمُثْبَتُ الْمَعْرُوْفُ

হ্যাঁ-বাচক বর্তমান/ভবিষ্যৎকালীন কর্তৃবাচক ক্রিয়া

اِسْمُ الصِّيْغَةِ	اَلْمُقَاتَلَةُ	اَلتَّصْرِيْفُ	اَلْاِكْرَامُ	اَلْاِنْفِطَارُ	اَلْاِسْتِنْصارُ	اَلْاِجْتِنَابُ
وَاحِد مُذَكَّر غَائِب	يُقَاتِلُ	يُصَرِّفُ	يُكْرِمُ	يَنْفَطِرُ	يَسْتَنْصِرُ	يَجْتَنِبُ
تَثْنِيَة مُذَكَّر غَائِب	يُقَاتِلَانِ	يُصَرِّفَانِ	يُكْرِمَانِ	يَنْفَطِرَانِ	يَسْتَنْصِرَانِ	يَجْتَنِبَانِ
جَـمْع مُذَكَّر غَائِب	يُقَاتِلُوْنَ	يُصَرِّفُوْنَ	يُكْرِمُوْنَ	يَنْفَطِرُوْنَ	يَسْتَنْصِرُوْنَ	يَجْتَنِبُوْنَ
وَاحِد مُؤَنَّث غَائِب	تُقَاتِلُ	تُصَرِّفُ	تُكْرِمُ	تَنْفَطِرُ	تَسْتَنْصِرُ	تَجْتَنِبُ
تَثْنِيَة مُؤَنَّث غَائِب	تُقَاتِلَانِ	تُصَرِّفَانِ	تُكْرِمَانِ	تَنْفَطِرَانِ	تَسْتَنْصِرَانِ	تَجْتَنِبَانِ
جَـمْع مُؤَنَّث غَائِب	يُقَاتِلْنَ	يُصَرِّفْنَ	يُكْرِمْنَ	يَنْفَطِرْنَ	يَسْتَنْصِرْنَ	يَجْتَنِبْنَ
وَاحِد مُذَكَّر حَاضِر	تُقَاتِلُ	تُصَرِّفُ	تُكْرِمُ	تَنْفَطِرُ	تَسْتَنْصِرُ	تَجْتَنِبُ
تَثْنِيَة مُذَكَّر حَاضِر	تُقَاتِلَانِ	تُصَرِّفَانِ	تُكْرِمَانِ	تَنْفَطِرَانِ	تَسْتَنْصِرَانِ	تَجْتَنِبَانِ
جَـمْع مُذَكَّر حَاضِر	تُقَاتِلُوْنَ	تُصَرِّفُوْنَ	تُكْرِمُوْنَ	تَنْفَطِرُوْنَ	تَسْتَنْصِرُوْنَ	تَجْتَنِبُوْنَ
وَاحِد مُؤَنَّث حَاضِر	تُقَاتِلِيْنَ	تُصَرِّفِيْنَ	تُكْرِمِيْنَ	تَنْفَطِرِيْنَ	تَسْتَنْصِرِيْنَ	تَجْتَنِبِيْنَ
تَثْنِيَة مُؤَنَّث حَاضِر	تُقَاتِلَانِ	تُصَرِّفَانِ	تُكْرِمَانِ	تَنْفَطِرَانِ	تَسْتَنْصِرَانِ	تَجْتَنِبَانِ
جَـمْع مُؤَنَّث حَاضِر	تُقَاتِلْنَ	تُصَرِّفْنَ	تُكْرِمْنَ	تَنْفَطِرْنَ	تَسْتَنْصِرْنَ	تَجْتَنِبْنَ
وَاحِد مُتَكَلِّم	أُقَاتِلُ	أُصَرِّفُ	أُكْرِمُ	أَنْفَطِرُ	أَسْتَنْصِرُ	أَجْتَنِبُ
جَـمْع مُتَكَلِّم	نُقَاتِلُ	نُصَرِّفُ	نُكْرِمُ	نَنْفَطِرُ	نَسْتَنْصِرُ	نَجْتَنِبُ

اَلْفِعْلُ المُضَارِعُ الْمَعْرُوْفُ الْمَنْفِيُّ بِلَا

না-বাচক বর্তমান/ভবিষ্যৎকালীন কর্তৃবাচক ক্রিয়া

اَلْاِجْتِنَابُ	اَلْاِسْتِنْصَارُ	اَلْاِنْفِطَارُ	اَلْإِكْرَامُ	اَلتَّصْرِيْفُ	اَلْمُقَاتَلَةُ	اِسْمُ الصِّيْغَةِ
لَايَجْتَنِبُ	لَايَسْتَنْصِرُ	لَايَنْفَطِرُ	لَايُكْرِمُ	لَايُصَرِّفُ	لَايُقَاتِلُ	وَاحِد مُذَكَّر غَائِب
لَايَجْتَنِبَانِ	لَايَسْتَنْصِرَانِ	لَايَنْفَطِرَانِ	لَايُكْرِمَانِ	لَايُصَرِّفَانِ	لَايُقَاتِلَانِ	تَثْنِيَة مُذَكَّر غَائِب
لَايَجْتَنِبُوْنَ	لَايَسْتَنْصِرُوْنَ	لَايَنْفَطِرُوْنَ	لَايُكْرِمُوْنَ	لَايُصَرِّفُوْنَ	لَايُقَاتِلُوْنَ	جَـمْع مُذَكَّر غَائِب
لَاتَجْتَنِبُ	لَاتَسْتَنْصِرُ	لَاتَنْفَطِرُ	لَاتُكْرِمُ	لَاتُصَرِّفُ	لَاتُقَاتِلُ	وَاحِد مُؤَنَّث غَائِب
لَاتَجْتَنِبَانِ	لَاتَسْتَنْصِرَانِ	لَاتَنْفَطِرَانِ	لَاتُكْرِمَانِ	لَاتُصَرِّفَانِ	لَاتُقَاتِلَانِ	تَثْنِيَة مُؤَنَّث غَائِب
لَايَجْتَنِبْنَ	لَايَسْتَنْصِرْنَ	لَايَنْفَطِرْنَ	لَايُكْرِمْنَ	لَايُصَرِّفْنَ	لَايُقَاتِلْنَ	جَـمْع مُؤَنَّث غَائِب
لَاتَجْتَنِبُ	لَاتَسْتَنْصِرُ	لَاتَنْفَطِرُ	لَاتُكْرِمُ	لَاتُصَرِّفُ	لَاتُقَاتِلُ	وَاحِد مُذَكَّر حَاضِر
لَاتَجْتَنِبَانِ	لَاتَسْتَنْصِرَانِ	لَاتَنْفَطِرَانِ	لَاتُكْرِمَانِ	لَاتُصَرِّفَانِ	لَاتُقَاتِلَانِ	تَثْنِيَة مُذَكَّر حَاضِر
لَاتَجْتَنِبُوْنَ	لَاتَسْتَنْصِرُوْنَ	لَاتَنْفَطِرُوْنَ	لَاتُكْرِمُوْنَ	لَاتُصَرِّفُوْنَ	لَاتُقَاتِلُوْنَ	جَـمْع مُذَكَّر حَاضِر
لَاتَجْتَنِبِيْنَ	لَاتَسْتَنْصِرِيْنَ	لَاتَنْفَطِرِيْنَ	لَاتُكْرِمِيْنَ	لَاتُصَرِّفِيْنَ	لَاتُقَاتِلِيْنَ	وَاحِد مُؤَنَّث حَاضِر
لَاتَجْتَنِبَانِ	لَاتَسْتَنْصِرَانِ	لَاتَنْفَطِرَانِ	لَاتُكْرِمَانِ	لَاتُصَرِّفَانِ	لَاتُقَاتِلَانِ	تَثْنِيَة مُؤَنَّث حَاضِر
لَاتَجْتَنِبْنَ	لَاتَسْتَنْصِرْنَ	لَاتَنْفَطِرْنَ	لَاتُكْرِمْنَ	لَاتُصَرِّفْنَ	لَاتُقَاتِلْنَ	جَـمْع مُؤَنَّث حَاضِر
لَاأَجْتَنِبُ	لَاأَسْتَنْصِرُ	لَاأَنْفَطِرُ	لَاأُكْرِمُ	لَاأُصَرِّفُ	لَاأُقَاتِلُ	وَاحِد مُتَكَلِّم
لَا نَجْتَنِبُ	لَانَسْتَنْصِرُ	لَانَنْفَطِرُ	لَانُكْرِمُ	لَانُصَرِّفُ	لَانُقَاتِلُ	جَـمْع مُتَكَلِّم

اَلْفِعْلُ الْمُضَارِعُ الْمَنْفِيُّ الْمَجْحُوْدُ بِلَمْ

لَمْ যোগে না-বাচক فِعْل مُضَارِع কর্তৃবাচক ক্রিয়া

اَلْاِجْتِنَابْ	الاِسْتِنْصَارُ	الاِنْفِطَارُ	اَلْإِكْرَامُ	التَّصْرِيْفُ	اَلْمُقَاتَلَةُ/ القِتَالُ	اِسْمُ الصِّيْغَةِ
لَمْ يَجْتَنِبْ	لَمْ يَسْتَنْصِرْ	لَمْ يَنْفَطِرْ	لَمْ يُكْرِمْ	لَمْ يُصَرِّفْ	لَمْ يُقَاتِلْ	وَاحِد مُذَكَّر غَائِب
لَمْ يَجْتَنِبَا	لَمْ يَسْتَنْصِرَا	لَمْ يَنْفَطِرَا	لَمْ يُكْرِمَا	لَمْ يُصَرِّفَا	لَمْ يُقَاتِلَا	تَثْنِيَة مُذَكَّر غَائِب
لَمْ يَجْتَنِبُوْا	لَمْ يَسْتَنْصِرُوْا	لَمْ يَنْفَطِرُوْا	لَمْ يُكْرِمُوْا	لَمْ يُصَرِّفُوْا	لَمْ يُقَاتِلُوْا	جَـمْع مُذَكَّر غَائِب
চতুর্থ নিয়ম : কোনো শব্দে যদি দুটি هَمْزَة পাশাপশি পাওয়া যায় এবং উভয়টি হরকতবিশিষ্ট হয়, তাহলে দ্বিতীয় هَمْزَة টিকে يَاء দ্বারা পরিবর্তন করা ওয়াজিব হয়ে যায়, যদি هَمْزَة দুটির কোনো একটি كَسْرَة বিশিষ্ট হয়। যথা أَئِمَّةٌ- جَائِئٌ মূলে ছিল أَيِمَّةٌ- جَاءٍ

কিন্তু هَمْزَة দুটির কোনো একটি যদি كَسْرَة বিশিষ্ট না হয়, তা হলে দ্বিতীয় هَمْزَة টিকে وَاو দ্বারা পরিবর্তন করা ওয়াজিব হয়ে যাবে। যথা- اَوَادِمُ মূলে ছিল أَأَادِمُ

কিছু ক্ষেত্রে هَمْزَة কে বিলোপ করার জন্যে কোন প্রকার কানূনের অনুসরণ করা হয়নি। কানুনের পরিপন্থি প্রক্রিয়াকে عِلْمُ صَرْفٍ-এর পরিভাষায় خِلَاف قِيَاس বলা হয়।

যেমন- خُذْ -كُلْ যা মূলত ছিল أُأْكُلْ - أُأْخُذْ

مِثَال -এর নিয়মাবলি

প্রথম নিয়ম : সুকূনবিশিষ্ট وَاو যদি مضا رع-এর আলামত এবং كَسْرَة অথবা فَتْحَة-এর মাঝে পাওয়া যায়, আর وَاو-এর ডান পার্শ্বের হরকত وَاو-এর অনুকূলে না হয়, তাহলে উক্ত وَاو কে বিলোপ করা হয়। যথা- يَعِدُ -يَهِبُ -يَضَعُ -يَصِلُ ইত্যাদি।

দ্বিতীয় নিয়ম : فَعْل ওযনের مَصْدَر-এর শুরুতে যদি وَاو পাওয়া যায় তাহলে উক্ত وَاو কে বিলোপ করে তার পরিবর্তে مَصْدَر-এর শেষে একটি تَاء যুক্ত করা হয়। যথা-

وَصْلٌ- وَهْبٌ- وَثْقٌ- وَزْنٌ- وَعْدٌ -যা মূলে ছিল صِلَةٌ- هِبَةٌ- ثِقَةٌ- زِنَةٌ-عِدَةٌ

তৃতীয় নিয়ম : وَاو সাকিন যদি كَسْرَة-এর পর পাওয়া যায়, তাহলে উক্ত وَاو কে يَاء দ্বারা পরিবর্তন করা হয়। যথা- مِيزَانٌ -مِيعَادٌ -مِيقَاتٌ মূলে ছিল : مِوْزَانٌ -مِوْعَادٌ -مِوْقَاتٌ

আর يَاء সাকিন যদি ضَمَّة-এর পর পাওয়া যায়, তাহলে উক্ত يَاء কে وَاو দ্বারা পরিবর্তন করা হয়। যথা- مُوْقِنٌ -مُوْسِرٌ মূলে ছিল مُيْقِنٌ -مُيْسِرٌ

عِدَةٌ মূলে وَعَدٌ ছিল। مَصْدَر-এর শুরুতে وَاو এসেছে, নিয়ম মোতাবেক উক্ত وَاو-কে বিলোপ করে مَصْدَر-এর শেষে একটি تَاء যুক্ত করে عِدَةٌ হয়ে গেল। অর্থ- অঙ্গীকার করা।

চতুর্থ নিয়ম : وَاو অথবা يَاء সাকিন যদি اِفْتِعَال-এর تَاء-এর পূর্বে পাওয়া যায়, তাহলে উক্ত وَاو অথবা يَاء কে تَاء দ্বারা পরিবর্তন করা হয়। অতঃপর প্রথম تَاء কে দ্বিতীয় تَاء এর মধ্যে إِدْغَام করে দেওয়া হয়। যথা-

اِيْتَسَرَ - اِوْتَقَدَ - اِوْتَقَى - اِوْتَجَهَ اِتَّسَرَ - اِتَّقَدَ - اِتَّقَى - اِتَّجَهَ মূলে ছিল

اِتَّقَدَ মূলে ছিল اِوْتَقَدَ (সে অগ্নি প্রজ্জ্বলিত করল)। اِفْتِعَال-এর تَاء-এর পূর্বে সূকুনবিশিষ্ট وَاو এসেছে; নিয়ম মোতাবেক উক্ত وَاو-কে দ্বারা تَاء পরিবর্তন করা হলো। অতঃপর প্রথম تَاء কে দ্বিতীয় تَاء এ মধ্যে إِدْغَام করে দেওয়া হলো এবং اِتَّقَدَ হয়ে গেল।

পঞ্চম নিয়ম: হরকতবিশিষ্ট দুটি وَاو যদি শব্দের শুরুতে পাশাপাশি পাওয়া যায়, তাহলে প্রথম وَاو কে هَمْزَة দ্বারা পরিবর্তন করা হয়। যথা- أَوَاصِلُ মূলে ছিল- وَوَاصِلُ

ষষ্ঠ নিয়ম: শব্দের শুরুতে যদি ضَمَّة অথবা, كَسْرَة বিশিষ্ট وَاو পাওয়া যায়, তাহলে উক্ত وَاو কে هَمْزَةٌ দ্বারা পরিবর্তন করা হয়। যথা- أُقِّتَتْ- اِشَاحٌ মূলে ছিল- وُقِّتَتْ- وِشَاحٌ

اَوَاصِلُ মূলে ছিল وَوَاصِلُ অঙ্গসমূহ, দুটি হরকতবিশিষ্ট وَاو শব্দের শুরুতে পাশাপাশি এসেছে। নিয়ম মোতাবেক প্রথম وَاو-কে هَمْزَة দ্বারা وُجُوْبًا পরিবর্তন করা হলো أَوَاصِلُ হয়ে গেল।

أَجْوَف-এর নিয়মাবলি

প্রথম নিয়ম : হরকতবিশিষ্ট وَاو অথবা يَاء যদি শব্দের মাঝে বা শেষে পাওয়া যায়। আর ঐ وَاوঅথবা يَاء-এর পূর্বে আবশ্যকীয় فَتْحَة থাকে, তাহলে উক্ত وَاو অথবা يَاء -কে أَلِف দ্বারা وُجُوْبًا পরিবর্তন করা হয়। যথা -

نَيَلَ - طَوَلَ - قَوَمَ - بَيَعَ - قَوَلَ - رَمَى - دَعَوَ মূলে ছিল نَالَ - طَالَ - قَامَ - بَاعَ - قَالَ - رَمَى - دَعَا

قَالَ : মূলে ছিল قَوَلَ (সে বলল)। হরকতবিশিষ্ট وَاو-এর পূর্বে فَتْحَة রয়েছে। নিয়ম মোতাবেক وَاو-কে فَتْحَة এর অনুকূল أَلِف দ্বারা পরিবর্তন করা হলো এবং قَالَ হয়ে গেল।

بَاعَ : মূলে ছিল بَيَعَ (সে বিক্রয় করল) হরকতবিশিষ্ট يَاء-এর পূর্বে فَتْحَة রয়েছে। নিয়ম মোতাবেক উক্ত يَاء কে فَتْحَة-এর অনুকূলে أَلِف দ্বারা পরিবর্তন করা হলো এবং بَاعَ হয়ে গেল।

دَعَا : মূলে ছিল دَعَوَ (সে আহবান করল) হরকতবিশিষ্ট وَاو-এর পূর্বে فَتْحَة রয়েছে। নিয়ম মোতাবেক উক্ত وَاو কে فَتْحَة-এর অনুকূলে أَلِف দ্বারা পরিবর্তন করা হলো এবং دَعَا হয়ে গেল। বাকী গুলোও অনুরূপ পদ্ধতিতে তালীল হবে।

দ্বিতীয় নিয়ম : وَاو অথবা يَاء যদি مَاضِي مَجْهُوْل-এর عَيْن-এর স্থলে পাওয়া যায়, আর এর مَاضِي مَعْرُوْف এর মধ্যেও تَعْلِيْل সম্পাদিত হয়ে থাকে, তাহলে উক্ত وَاو অথবা, يَاء-এর হরকতকে ডান পার্শ্বে স্থানান্তর করা হয় এবং وَاو-কে يَاء দ্বারা পরিবর্তন করা হয়।

যথা- صُوِغَ- بُيِعَ-قُوِلَ صِيغَ- بِيْعَ- قِيْلَ যা মূলে ছিল

نَاقِص-এর নিয়মাবলি

প্রথম নিয়ম : وَاو যদি حَقِيْقَةً অথবা حُكْمًا (প্রকৃত বা অপ্রকৃত) শব্দের শেষে পাওয়া যায়, وَاو আর এর ডান পার্শ্বে كسرة থাকে, তাহলে উক্ত وَاوٌ-কে يَاءٌ দ্বারা পরিবর্তন করা হয়। যথা-

دَاعِوَةٌ- دُعِوَ- رَضِوَ মূলে ছিল- دَاعِيَةٌ- دُعِيَ- رَضِيَ

দ্বিতীয় নিয়ম : শব্দের শেষে যদি অতিরিক্ত أَلِف-এর পর وَاو অথবা يَاء পাওয়া যায়, তাহলে উক্ত وَاو অথবা يَاء কে هَمْزَة দ্বারা পরিবর্তন করা হয়। যেমন-

أَسْمَاوٌ - رِدَايٌ - كِسَاوٌ - رَوَايٌ যা মূলে ছিল- أَسْمَاءٌ- رِدَاءٌ- كِسَاءٌ- رَوَاءٌ

مُضَاعَف / مُضَعَّف-এর নিয়মাবলি

প্রথম নিয়ম : এক জাতীয় দু'টি হরফ যদি এক শব্দে পাশাপাশি পাওয়া যায়, তন্মধ্যে প্রথমটি সাকিন হয়। তাহলে প্রথমটিকে দ্বিতীয়টির মধ্যে اِدْغَام করে দেওয়া হয়। যথা-

سَرَّ- فَرَّ- شَدَّ- مَدَّ যা মূলে ছিল- سَرَرَ- فَرَرَ- شَدَدَ- مَدَدَ

দ্বিতীয় নিয়ম : হরকতবিশিষ্ট এক জাতীয় দুটি হরফ যদি কোন শব্দে পাওয়া যায়, আর এ দু'টির পূর্বে সাকিনবিশিষ্ট صَحِيْح হরফ থাকে, তাহলে প্রথমটির হরকতকে ডান পার্শ্বে স্থানান্তর করে একটিকে অপরটির মধ্যে إِدْغَام করে দেওয়া হয়। যথা- يَعُمُّ- يَمُدُّ মূলে ছিল يَعْمُمُ- يَمْدُدُ

اَلتَّمْرِيْنُ : অনুশীলনী

১। تخفيف এর নিয়ম প্রধানত কয়টি ও কী কী? إبدال ও إسكان حذف-এর সংজ্ঞা লিখে উদাহরণ দাও।

২। إِعْلَال বা تعليل বলতে কী বুঝ? إِدْغَام এর সংজ্ঞা উদাহরণসহ লেখ।

৩। رأس -بوس- ذيب মূলে কী ছিল? শব্দগুলির تعليل সহ নিয়ম বর্ণনা করো।

৪। اٰمَنَ এবং أُوْمِنَ এর নিয়মসহ تعليل লেখ।

৫। جَاءٍ এবং أَيِمَّةٌ-এর নিয়মসহ تعليل লেখ।

৬। يَهَبُ- يَعِدُ ও يَضَعُ-এর تعليل লেখ।

৭। নিচের ইবারত থেকে তালীলকৃত শব্দ বের করে উহার তালীল করো।

قُلْ هُوَ اللّٰهُ أَحَدٌ . لَا تَخَفْ إِنَّ اللّٰهَ مَعَنَا. قُمْ بِإِذْنِ اللّٰهِ . اُدْعُوْ إِلٰى سَبِيْلِ رَبِّكَ بِالْحِكْمَةِ وَالْمَوْعِظَةِ الْحَسَنَةِ. قُلْتُ هٰذَا ، بَاعَ الرَّجُلُ فَرَسَهٗ . يَقُوْمُ الطَّالِبُ أَمَامَ الْأُسْتَاذِ.

اَلدَّرْسُ الثَّالِثَ عَشَرَ : ত্রয়োদশ পাঠ

خَصَائِصُ الْأَبْوَابِ

বাবসমূহের বৈশিষ্ট্যাবলি

প্রত্যেকটি بَاب-এর বিশেষ অর্থ বা বৈশিষ্ট্য রয়েছে। সকল শিক্ষার্থীরই তা জেনে রাখা একান্ত প্রয়োজন। এখানে বিশেষ কয়েকটি بَاب-এর গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্যগুলো উল্লেখ করা হলো-

বাবে نَصَرَ- يَنْصُرُ-এর বৈশিষ্ট্য

এ بَاب এর প্রধান বৈশিষ্ট্য হলো- مُغَالَبَة বা প্রাধান্য লাভ করা। যথা-

يُخَاصِمُنِيْ زَيْدٌ فَأَخْصُمُه (যায়েদ আমার সঙ্গে ঝগড়ায় লিপ্ত হলে আমি তাকে কুপোকাত করি)।

يُصَارِعُنِيْ بَكْرٌ فَأَصْرَعُهُ (বকর আমার সাথে লড়াইয়ে লিপ্ত হলে আমি তাকে কাবু করি)।

বাবে ضَرَبَ-يَضْرِبُ-এর বৈশিষ্ট্য

এ بَاب এর প্রধান বৈশিষ্ট্য হলো- مُغَالَبَة (প্রাধান্য লাভ করা) এ বৈশিষ্ট্যের উদাহরণ أَجْوَف يَائِيْ এবং نَاقِص يَائِيّ এর মধ্যে পাওয়া যায়। যথা-

يُوَاعِدُنِيْ زَيْدٌ فَاَعِدُهُ (যায়েদ আমাকে প্রতিশ্রুতি দিলে আমিই অগ্রে প্রতিশ্রুতি পালন করি)।

يُرَامِيْنِيْ نَاصِرٌ فَأَرْمِيْهِ (নাসির আমার প্রতি তীর নিক্ষেপ করলে আমি উচিত জবাব দেই।)

বাবে سَمِعَ- يَسْمَعُ এর বৈশিষ্ট্য

১। রোগ-ব্যাধি, চিন্তা-ভাবনা এবং সুখ-দুঃখ বোঝালে অধিকাংশ ক্ষেত্রে سَمِعَ থেকে ব্যবহৃত হয়। যথা- سَقِمَ (রুগ্ন হলো), حَزِنَ (চিন্তিত হলো) ও فَرِحَ (খুশি হলো)।

২। দোষ-ত্রুটি, রুগ্ন ও দৈহিক গঠন প্রকাশ করা سَمِعَ এর বৈশিষ্ট্য। যথা- كَدِرَ (ময়লাযুক্ত হলো), عَوِرَ (এক চক্ষুবিশিষ্ট হলো), يَلِجَ (প্রশস্ত আকৃতি হলো)।

বাবে فَتَحَ -يَفْتَحُ-এর বৈশিষ্ট্য

فِعْل-এর عَيْن অথবা لام-এর স্থলে حَرْف حَلْقِي হওয়া بَاب فَتَحَ-এর অন্যতম বৈশিষ্ট্য। যথা- صَبَغَ-نَجَحَ- ذَهَبَ- مَنَعَ ইত্যাদি।

حَرْف حَلْقِي ছয়টি - أ-ه-ح-خ-ع-غ

কিন্তু بَاب فَتَحَ থেকে ব্যবহৃত হয়। يَأْبَى- أَبَى- يَرْكَنُ- رَكَنَ নিয়ম বহির্ভূত

-يَكْرُمُ - كَرُمَ-এর বৈশিষ্ট্য

১। সৃষ্টিগত দোষ-গুণ অথবা চরিত্রগত দোষ-গুণ প্রকাশ করা। যথা- حَسُنَ (সুন্দর হলো), قَبُحَ (কুৎসিত হলো), فَقُهَ (বিজ্ঞ হলো)।

২। দোষ-ত্রুটি, রং ও শারীরিক গঠন প্রকাশ করা। যথা- نَحُفَ (ক্ষীণ হলো), بَلُقَ (ধূসর রং হলো), رَعُنَ (কোমল হলো), قَصُرَ (খাট হলো।)।

৩। অস্থায়ী দোষ-গুণ প্রকাশ করা। যথা- طَهُرَ (পবিত্র হলো), ثَقُلَ (ভারী হলো)

বাবে حَسِبَ -يَحْسِبُ এর বৈশিষ্ট্য

সীমিত সংখ্যক فِعْل বাবে حَسِبَ হতে প্রকাশ পায়। যথা- نَعِمَ (নিয়ামত লাভ করল), وَبِقَ (ধ্বংস হলো), وَمِقَ (মহব্বত করল), وَثِقَ (দৃঢ় হলো), وَفِقَ (একমত হলো), وَرِثَ (ওয়ারিশ হলো), وَرِعَ (পরিহার করল), وَرِمَ (ফুলে গেল), وَلِيَ (নিকটবর্তী হলো), وَلِعَ (প্রিয় হলো), يَئِسَ (নিরাশ হলো) ও يَبِسَ (শুষ্ক হলো) ইত্যাদি।

বাবে إِفْعَال-এর বৈশিষ্ট্য

এ বাবটির আটটি বৈশিষ্ট্য রয়েছে। যথা-

১। تَعْدِيَة বা فِعْل لَازِمْ কে فِعْل مُتَعَدِّيْ করা। যেমন-

خَرَجَ (সে বের হল), أَخْرَجَ (সে বের করল)।

২। سَلْب বা মূলধাতু দূর করে দেয়া। যেমন-

شَكَى (সে অভিযোগ করল), أَشْكَى (সে অভিযোগ দূর করল)।

৩। কোনো স্থানে যাওয়া বা কোনো কালে পৌঁছানো।

যেমন- أَعْرَقَ (সে ইরাক পৌঁছল), أَصْبَحَ (সে সকালে পৌঁছল)।

৪। কোনো বস্তু বা দ্রব্যে আসা। যেমন- أَلاَمَ (সে তিরস্কারযোগ্য হল)।

৫। মাসদারের অর্থ প্রদান করা। যেমন- أَقْبَرَهُ (সে তাকে কবর দিল)।

৬। কাউকে কোনো গুণসম্পন্ন পাওয়া। যেমন- أَحْمَدْتُهُ (আমি তাকে প্রশংসিত পেয়েছি)।

৭। কাউকে কিছুর মালিক পাওয়া। যেমন- أَلْبَنَ (সে দুধের মালিক হল)।

৮। ثُلَاثِيٌّ مُجَرَّدٌ এক অর্থ এবং ثُلَاثِيٌّ مَزِيْدٌ فِيْه অন্য অর্থ হওয়া। যেমন-أَشْفَقَ (সে ভয় পেয়েছে)।
ثُلَاثِيٌّ مُجَرَّدٌ এ শব্দটির অর্থ- সে দয়া করল।

বাবে تَفْعِيْلٌ-এর বৈশিষ্ট্য

এ বাবটির ছ'টি বৈশিষ্ট্য রয়েছে। যেমন-

১। تَعْدِيَة বা فِعْل لَازِم-কে فِعْل مُتَعَدِّي করা। যেমন- خَرَجَ (সে বের হল), خَرَّجْتُهُ (আমি তাকে বের করলাম)।

২। مُبَالَغَة বা কোনো কাজে আধিক্য হওয়া। যেমন- قَطَّعْتُهُ (আমি তাকে টুকরো টুকরো করলাম)।

৩। سَلْب বা মূল অর্থ দূর করা। যেমন- قَذَّيْتُ عَيْنَهُ (আমি তার চোখ থেকে ময়লা দূর করলাম)।

৪। نِسْبَة বা সম্পর্কিত করা। যেমন- فَسَّقْتُهُ (আমি তাকে ফাসিক বললাম)।

৫। دُعَاء বা প্রার্থনা করা। যেমন- حَيَّيْتُهُ (আমি তাকে حَيَّاكَ اللهُ বলে দোআ করলাম)।

৬। اِبْتِدَاء অর্থাৎ, এ বাবে فِعْل এক অর্থে কিন্তু ثُلَاثِيٌّ مُجَرَّدٌ-এর অন্য অর্থ হওয়া। যেমন- كَلَّمْتُه (আমি তার সাথে কথা বলেছি)। কিন্তু كَلَمَ এর অর্থ– (সে আহত করল)।

বাবে تَفَعُّلٌ-এর বৈশিষ্ট্য

এ বাবটির পাঁচটি বৈশিষ্ট্য রয়েছে। যথা-

১। বাবে تَفْعِيْل-এর فِعْل টির অনুসারী হওয়া। যথা- قَطَّعْتُه فَتَقَطَّعَ (আমি তাকে টুকরো টুকরো করলাম, অতএব সে টুকরো টুকরো হয়ে গেল)।

২। سَلْب বা মূল অর্থ দূর করা। যেমন- حَابَ (সে পাপ করলো), تَحَوَّبَ (সে পাপ থেকে বিরত থাকল)।

৩। অনাকাঙ্ক্ষিত বস্তু সম্পর্কে ভান করা। যেমন- تَجَلَّبْتُ (আমি চাদর পরিধানের ভান করলাম)।

৪। কোনো বস্তু অল্প অল্প গ্রহণ করা। যেমন- تَجَرَّعَ (সে অল্প অল্প পান করল)।

৫। ثُلَاثِيٌّ مُجَرَّدٌ এ এক অর্থ, যেমন- كَلَمَ (সে আহত করল)
আর ثُلَاثِيٌّ مَزِيْدٌ فِيْهِ-এ অন্য অর্থ, যেমন- تَكَلَّمَ (সে কথা বলল)

বাবে مُفَاعَلَة-এর বৈশিষ্ট্য

এ বাবটির দুটি বৈশিষ্ট্য রয়েছে। যথা-

১। فَاعِل ও مَفْعُوْل একই فِعْل-এর অন্তর্ভুক্ত হওয়া। যেমন- حَارَبَهُ (তারা পরস্পর ঝগড়া করেছে)। উল্লেখ্য যে, কিছু কিছু স্থানে এর ব্যতিক্রমও হয়ে থাকে। যেমন- عَاقَبْتُ اللِّصَّ (আমি চোরকে শাস্তি দিয়েছি) এবং طَارَقْتُ النَّعْلَ (আমি জুতায় তালি লাগিয়েছি)।

২। دَعَا বা প্রার্থনা করা। যেমন- عَافَاهُ اللهُ تَعَالٰى (আল্লাহ্ তাআলা তাকে রোগমুক্ত করুন)।

বাবে تَفَاعُل-এর বৈশিষ্ট্য

এ বাবটির দুটি বৈশিষ্ট্য রয়েছে। যথা-

১। فَاعِل ও مَفْعُوْل একই কাজে অংশ নেয়া। যেমন- تَضَارَبْنَا (আমরা উভয়ই মারামারি করেছি)।

২। চাহিদাহীন দ্রব্য প্রাপ্তির ভান করা। যেমন- تَمَارَضْتُ (আমি নিজেকে নিজে রোগীর ভান করলাম)। উল্লেখ্য যে, বাবে تَفَاعُل ও مُفَاعَلَة-এর মধ্যে পার্থক্য হলো, বাবে مُفَاعَلَة শব্দগতভাবে مَفْعُوْلٌ بِهٖ তথা কর্ম চায়। যেমন- ضَارَبْتُهُ (আমি তার সাথে মারামারি করেছি)। কিন্তু বাবে تفاعل কখনো مَفْعُوْلٌ بِهٖ চায় না। ফলে تَضَارَبْتُهُ না বলে تَضَارَبْنَا বলা হবে।

বাবে اِفْتِعَال-এর বৈশিষ্ট্য

এ বাবটির তিনটি বৈশিষ্ট্য রয়েছে। যথা-

১। একই কাজে পরস্পরের অংশগ্রহণ করা। যেমন-اِقْتَتَلْنَا (আমরা মারামারিতে অংশ নিলাম)।

২। ক্রিয়ামূলের বিষয় গ্রহণ করা। যেমন-اِشْتَوَيْتُ (আমি নিজের জন্য ভুনা করলাম)।

৩। ثُلَاثِيٌّ مُجَرَّدٌ-এ এক অর্থ এবং ثُلَاثِيٌّ مَزِيْدٌ-এ অন্য অর্থ হওয়া। যেমন-اِفْتَقَرَ সে (একজন পুরুষ) দরবেশ হল। আর مَزِيْدٌ فِيْه এর অর্থ হবে, সে (একজন পুরুষ) দরিদ্র হল।

বাবে اِسْتِفْعَال-এর বৈশিষ্ট্য

এ বাবটির পাঁচটি বৈশিষ্ট্য রয়েছে। যথা-

১। কারো কাছ থেকে কোনো কিছু চাওয়া বা অনুসন্ধান করা। যেমন- اِسْتَطْعَمْتُهُ আমি (একজন পুরুষ বা স্ত্রী) তার নিকট খাদ্য চাইলাম।

২। কোনো কিছু ধারণা করা। যেমন- اِسْتَحْسَنَهُ (সে তাকে ভাল ধারণা করল)।

৩। কাউকে কোনো গুণে গুণান্বিত পাওয়া। যেমন- اِسْتَكْرَمْتُه (আমি তাকে মর্যাদাশীল পেলাম)।

৪। মূল ধাতুর অর্থ থেকে অন্য কিছুতে পরিবর্তিত হওয়া। যেমন- اِسْتَنْسَرَ الْبُغَاثُ (বাজপাখি শকুন হয়ে গেল)।

৫। ثُلَاثِيٌّ مَزِيْدٌ فِيْه-এর এক অর্থ এবং ثُلَاثِيٌّ مُجَرَّدٌ-এর বাবে অন্য অর্থ হওয়া।

যেমন- اِسْتَرْجَعَ (সে إِنَّا لِلّٰهِ وَإِنَّا إِلَيْهِ رَاجِعُوْنَ বলল)। ثُلَاثِيٌّ مُجَرَّدٌ-এ অর্থ رَجَعَ (সে ফিরল)।

বাবে اِنْفِعَال-এর বৈশিষ্ট্য

এ বাবটির দুটি বৈশিষ্ট্য রয়েছে। যথা-

১। ثُلَاثِيٌّ مُجَرَّدٌ-এর অনুগত হওয়া। যেমন- قَطَّعْتُه فَانْقَطَعَ (আমি তাকে টুকরা টুকরা করলাম, ফলে সেটা টুকরা টুকরা হয়ে গেল)।

২। ثُلَاثِيٌّ مُجَرَّدٌ-এ এক অর্থ এবং مَزِيْدٌ فِيْهِ-তে অন্য অর্থ হওয়া। যেমন- اِنْطَلَقَ (সে চলল)।

مَزِيْدٌ فِيْهِ-এর نَصَرَ হতে এর অর্থ طَلَقَ বা পুণ্যের জন্যে হাত খোলা এবং كَرُمَ হতে طَلُقَ অর্থ- চেহারা প্রশস্ত হওয়া।

বাবে اِفْعِلَال ও اِفْعِيْلَال-এর বৈশিষ্ট্য

এ বাব দু'টির তিনটি বৈশিষ্ট্য রয়েছে। যথা-

১। রং হওয়া। যেমন- اِسْوَدَّ ও اِسْوَدَّ (সে কালো হল)।

২। দোষ-ত্রুটি হওয়া। যেমন- اِحْوَلَّ ও اِحْوَالَّ (সে টেরা চোখ হল)।

৩। ثُلَاثِيٌّ مُجَرَّدٌ -এ এক অর্থ এবং مَزِيْدٌ فِيْهِ-তে অন্য অর্থ হওয়া। যেমন- رَفَضَ - সে অস্বীকার করল। اِرْفَضَّ الدَّمْعُ (চোখের পানি পড়ল)।

বাবে اِفْعِيْعَال-এর বৈশিষ্ট্য

এ বাবটির একটি বৈশিষ্ট্য হলো- مُبَالَغَة (আধিক্যবোধক অর্থ) প্রকাশ করা। যেমন- اِخْشَوْشَنَ (সে অধিক কঠিন হল)।

বাবে اِفَّعُّل-এর বৈশিষ্ট্য

এ বাবটি বাবে تَفَعُّل-এর শাখা। কেননা, বাবে تَفَعُّل-এর কতগুলো কালিমা আছে, যেগুলোর কালিমা ت অক্ষরের ন্যায়। সেগুলোর ت হরফগুলোকে ف হরফ দ্বারা পরিবর্তন করে ف অক্ষরের মধ্যে ইদগাম করা হয় এবং একটি هَمْزَةُ الْوَصْلِ নেওয়ার ফলে اِفَّعُّلٌ নামে একটি নতুন বাব গঠিত হয়। যেমন- اِدَّثَّرَ শব্দটি মূলত : تَدَثَّرَ ছিলো। ت হরফকে د হরফ দ্বারা পরিবর্তন করে د-এর মধ্যে ইদগাম করা হলো। শব্দের প্রথম হরফ তাশদীদ হলে পড়তে কঠিন হয়। তাই هَمْزَةُ الْوَصْلِ নেওয়ার ফলে اِدَّثَّر হল।

উল্লেখ্য যে, বাবে اِفَّعُّل যেমন বাবে تَفَعُّل-এর শাখা, তেমনি اِفَّاعُل ও বাবে تَفَعُّل-এর শাখা। যেমন- اِدَّارَكَ ও تَدَارَكَ সে (একজন পুরুষ) পৌঁছাল।

أَبْوَابٌ رُبَاعِيَّةٌ : এর বৈশিষ্ট্য হলো, এটা সর্বদা صَحِيْح অথবা مُضَاعَف হয় এবং مهموز কম হয়। যেমন- دَحْرَجَ ، بَعْثَرَ ইত্যাদি।

اَلتَّمْرِيْنُ : অনুশীলনী

১। خاصية বা বৈশিষ্ট্য কাকে বলে? বাবে تفعل এর خاصية গুলো কী কী? লেখ।

২। বাবে مفاعلة এর বৈশিষ্ট্য লেখ।

৩। বাবে اِنْفِعَال ও اِفْعِيْعَال এর خاصية উদাহরণসহ আলোচনা করো।

৪। নিচের বাক্যগুলোর خاصية বর্ণনা করো: باب اِسْتِفْعَال ، باب إفعال

৫। নিচের বাক্যগুলো পড়ো এবং باب إفعال، باب استفعال ও باب تفعل-এর শব্দগুলো বের করো। অতঃপর প্রত্যেকটি باب এর একটি বৈশিষ্ট্য লেখ।

أَكْرَمَ خَالِدٌ بَكْرًا، إِيَّاكَ نَعْبُدُ وَإِيَّاكَ نَسْتَعِيْنُ، تَقَبَّلَ اللهُ مِنَّا وَمِنْكُمْ.

اَلْوَحْدَةُ الثَّانِيَةُ : দ্বিতীয় ইউনিট

قِسْمُ عِلْمِ النَّحْوِ
ইলমে নাহু অংশ

اَلدَّرْسُ الْأَوَّلُ : প্রথম পাঠ

تَعْرِيْفُ عِلْمِ النَّحْوِ
ইলমে নাহুর পরিচয়

বাংলা আমাদের মাতৃভাষা। এ ভাষায় আমরা আমাদের মনের ভাব প্রকাশ করি, কথা বলি, বিভিন্ন ধরনের লিখন লিখি। তেমনিভাবে আরবি ভাষায় মনের ভাব প্রকাশের জন্য আমরা আরবিতে কথা বলি কিংবা বিভিন্ন ধরনের লেখা লিখি। যেমন আমরা বলি-

'যায়েদ খালিদকে সাহায্য করেছে।'

এ কথাটি আরবি ভাষায় বললে বলতে হবে- نَصَرَ زَيْدٌ خَالِدًا।

বাক্যটির দিকে দৃষ্টিপাত করলে দেখতে পাবে যে– শুরুতে زَيْد শব্দটি না বলে نَصَرَ শব্দটি বলা হয়েছে। আবার زَيْد শব্দটির دَال-এর ওপরে পেশ দেয়া হয়েছে। কেন হলো? এর কারণ কী?

উত্তর হলো, আরবি ভাষায় جُمْلَةٌ فِعْلِيَّةٌ-এর শুরুতে فِعْل হয়, আর উক্ত فِعْل-এর فَاعِل টি رَفْع বা পেশবিশিষ্ট হয়।

এভাবে সকল ভাষায় বাক্য বলা কিংবা লেখার ক্ষেত্রে কোন্ শব্দের পর কোন্ শব্দ হবে তার একটি নিয়ম-পদ্ধতি আছে। আরবি ভাষায়ও এর যথাযথ নিয়ম-পদ্ধতি রয়েছে। আরবি ভাষায় বাক্যে ব্যবহৃত কোন্ শব্দটির শেষাক্ষর যবর হবে, আর কোন্ শব্দের শেষাক্ষর যের হবে কিংবা পেশ হবে এর জন্য কিছু বিশেষ নিয়ম-কানুন রয়েছে। এ সব নিয়ম-কানুনের জ্ঞানকে عِلْمُ النَّحْوِ বা নাহু শাস্ত্র বলে।

عِلْمُ النَّحْوِ-এর সংজ্ঞা

اَلنَّحْوُ عِلْمٌ بِأُصُوْلٍ يُعْرَفُ بِهَا أَحْوَالُ أَوَاخِرِ الْكَلِمِ الثَّلاَثِ مِنْ حَيْثُ الْإِعْرَابِ وَالْبِنَاءِ وَكَيْفِيَّةُ تَرْكِيْبِ بَعْضِهَا مَعَ بَعْضٍ.

অর্থাৎ যে সব নিয়ম-কানুন দ্বারা **مُعْرَب** ও **مَبْنِيّ** হওয়ার দৃষ্টিতে তিন কালেমা তথা **اِسْم** , **فَعْل** ও **حَرْف**-এর শেষ অক্ষরের অবস্থাসমূহ অবগত হওয়া যায় এবং বাক্যের অন্তর্গত শব্দাবলির পারস্পরিক সংযোজন বিন্যাস পদ্ধতি সম্পর্কে জানা যায়, সে সব নিয়ম-কানুন সম্বলিত শাস্ত্রকে **عِلْمُ النَّحْوِ** বলে।

عِلْمُ النَّحْوِ-এর উদ্দেশ্য

صِيَانَةُ الذِّهْنِ عَنِ الْخَطَإِ اللَّفْظِيِّ فِي كَلَامِ الْعَرَبِ .

অর্থাৎ আরবি ভাষায় শাব্দিক ভুল-ভ্রান্তি থেকে চিন্তাশক্তিকে রক্ষা করাই **عِلْمُ النَّحْوِ**-এর লক্ষ্য ও উদ্দেশ্য।

عِلْمُ النَّحْوِ শেখার ফলে আরবি ভাষা বিশুদ্ধভাবে পড়া, লেখা ও বলার যোগ্যতা অর্জন করা যায় এবং তার প্রয়োগকালে ব্যাকরণগত ভুল-ত্রুটি থেকে মস্তিষ্ককে মুক্ত রাখা যায়।

عِلْمُ النَّحْوِ-এর আলোচ্য বিষয়

اَلْكَلِمَةُ وَالْكَلَامُ .

অর্থাৎ, বাক্যে ব্যবহৃত শব্দ ও গঠিত বাক্য।

বস্তুত **عِلْمُ النَّحْوِ** বা নাহু শাস্ত্রে **كَلِمَة** ও **كَلَام** সম্পর্কে আলোচনা করা হয়। সুতরাং **عِلْمُ النَّحْوِ** এর **مَوْضُوْع** বা আলোচ্য বিষয় হলো **اَلْكَلِمَة** বা পদ ও **اَلْكَلَام** বা বাক্য তথা বাক্য গঠন।

اَلتَّمْرِيْنُ : অনুশীলনী

১। عِلْمُ النَّحْوِ এর সংজ্ঞা বর্ণনা করো।

২। عِلْمُ النَّحْوِ এর غَرْضٌ সম্পর্কে আলোচনা করো।

৩। عِلْمُ النَّحْوِ-এর আলোচ্য বিষয় উল্লেখ করো।

৪। قَرَأَ الطَّالِبُ الْقُرْآنَ এর মধ্যে কিভাবে عِلْمُ النَّحْوِ প্রয়োগ করা হয়েছে।

اَلدَّرْسُ الثَّانِيْ : দ্বিতীয় পাঠ

اَلْاِسْمُ وَأَقْسَامُهُ

ইসম ও তার প্রকারসমূহ

নিচের বাক্যগুলোর প্রতি লক্ষ করো

دَخَلَ رَجُلٌ إِلَى الْمَسْجِدِ	একজন লোক মসজিদে প্রবেশ করেছে।
مُحَمَّدٌ (ﷺ) رَسُوْلُ اللهِ	মুহাম্মদ (ﷺ) আল্লাহর রসূল।
فَاطِمَةُ بِنْتُ الرَّسُوْلِ (ﷺ)	হযরত ফাতিমা (رضي الله عنها) রাসূল (ﷺ)-এর কন্যা।
لِخَالِدٍ قَلَمَانِ	খালিদের দুটি কলম আছে।
رَأَيْتُ الطُّلَّابَ فِي الصَّفِّ	আমি ছাত্রদেরকে শ্রেণিকক্ষে দেখেছি।

উপরের উদাহরণগুলোতে লক্ষ করলে তুমি দেখতে পাবে যে, নিম্নরেখাবিশিষ্ট প্রত্যেকটি শব্দই اِسْم -এর অন্তর্ভুক্ত। কেননা শব্দগুলোতে কোনো কালের সম্পর্ক নেই এবং এককভাবে নিজ অর্থ প্রকাশে সক্ষম। প্রথম বাক্যে رَجُلٌ শব্দটি দ্বারা অনির্দিষ্ট বোঝায়। তবে দ্বিতীয় বাক্যে (ﷺ) مُحَمَّدٌ দ্বারা নির্দিষ্ট একজনকেই বোঝায়। প্রথম ও দ্বিতীয় বাক্যের رَجُلٌ ও (ﷺ) مُحَمَّدٌ শব্দদ্বয় দ্বারা পুরুষজাতি বোঝালেও তৃতীয় বাক্যে فَاطِمَةُ শব্দ দ্বারা স্ত্রীজাতি বোঝায়। অন্যদিকে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় বাক্যের (ﷺ) مُحَمَّدٌ ; رَجُلٌ ও فَاطِمَةُ শব্দগুলো দ্বারা একজনের সংখ্যা বোঝালেও চতুর্থ বাক্যে قَلَمَانِ শব্দ দ্বারা দুটি সংখ্যা এবং পঞ্চম বাক্যে الطُّلَّابَ শব্দ দ্বারা দু'য়ের অধিক সংখ্যা বোঝায়।

اَلْقَوَاعِدُ

اِسْم-এর পরিচয় : اِسْم শব্দটি একবচন। বহুবচনে أَسْمَاء অর্থ- নাম, বিশেষ্য, উচ্চ হওয়া ইত্যাদি। পরিভাষায়- যে শব্দ দ্বারা কোনো ব্যক্তি, বস্তু, স্থান, সময় ইত্যাদির নাম, অবস্থা, সংখ্যা, দোষ ও গুণ বোঝানো হয় এবং যে শব্দ কোনো কালের সাথে সম্পর্কিত না হয়ে অন্য শব্দের সহযোগিতা ছাড়াই নিজের অর্থ নিজে প্রকাশ করতে সক্ষম, তাকে اِسْم বলে। যেমন- مَكَّة ، يَوْم ، عَالِم ، جَاهِل ، خَالِد ইত্যাদি।

বাংলা ভাষায় ব্যবহৃত বিশেষ্য, বিশেষণ ও সর্বনাম আরবিতে اِسْم-এর অন্তর্ভুক্ত।

اَلْاِسْم-এর নামকরণ : اِسْم শব্দের নামকরণ সম্পর্কে দুটি অভিমত পাওয়া যায়। যথা-

১। اَلْاِسْم শব্দটি وِسْمٌ মূলধাতু হতে গৃহীত, যার অর্থ দাগ বা চিহ্ন । যেহেতু দাগ বা চিহ্ন দ্বারাই প্রত্যেক বস্তুর পরিচয় পাওয়া যায়। সুতরাং এ অর্থে اِسْمٌ-কে এ নামে নামকরণ করা হয়েছে।

২। اَلْاِسْم শব্দটি سُمُوٌّ থেকে গৃহীত। এর অর্থ উচ্চ মর্যাদাসম্পন্ন হওয়া। যেহেতু اِسْم কালেমার অন্য দু'প্রকার (তথা فِعْل ও حَرْف) থেকে অধিক মর্যাদাসম্পন্ন। তাই اِسْم-কে اِسْم বলা হয়। কেননা বাক্য গঠনের জন্য مُسْنَد ও مُسْنَدٌ إِلَيْهِ অত্যাবশ্যক। আর শুধুমাত্র اِسْم-ই مُسْنَد ও مُسْنَدٌ إِلَيْه হতে পারে এবং فِعْل কেবলমাত্র مُسْنَد হতে পারে । আর حَرْف কোনটাই হতে পারে না।

اِسْم-এর চিহ্নসমূহ : যে সকল চিহ্ন দ্বারা اِسْم চিহ্নিত করা যায়, সে সকল চিহ্নকে عَلَامَاتُ الْاِسْمِ বলে। عَلَامَاتُ الْاِسْمِ-এর মধ্যে উল্লেখযোগ্য কয়েকটি নিম্নে উল্লেখ করা হলো-

১. শব্দের প্রথমে مَعْرِفَة-এর أَلْ যুক্ত হওয়া। যেমন - اَلْكِتَابُ (বইটি)।

২. مُضَاف হওয়া। যেমন- رَسُوْلُ اللهِ (আল্লাহর রাসূল)।

৩. مَوْصُوْف হওয়া। যেমন- رَجُلٌ عَالِمٌ (বিদ্বান ব্যক্তি)।

৪. مَنْسُوْب তথা শব্দের শেষে নিসবাতের ي (ইয়া) যুক্ত হওয়া। যেমন- بَنْغَلَادِيْشِيٌّ (বাংলাদেশী)।

৫. تَصْغِيْر বা ক্ষুদ্রবাচক হওয়া। যেমন- كُتَيْبٌ (পুস্তিকা)।

৬. مُسْنَدٌ إِلَيْه হওয়া। যেমন- زَيْدٌ قَائِمٌ (যায়েদ দণ্ডায়মান)।

৭. تَنْوِيْن তথা শব্দের শেষে দু যবর, দু যের ও দু পেশ হওয়া। যেমন- كِتَابٌ (একটি পুস্তক)।

৮. শব্দের শুরুতে حَرْفُ الْجَارِّ যুক্ত হওয়া। যেমন- بِاللهِ (আল্লাহর শপথ)।

৯. مُثَنّٰى বা দ্বিবচন হওয়া। যেমন- كِتَابَانِ (দুটি বই)।

১০. جَمْع বা বহুবচন হওয়া। যেমন- كُتُبٌ (বইসমূহ)।

১১. مُنَادٰى হওয়া। যেমন- يَا رَحْمٰنُ (হে দয়ালু!)।

১২. শব্দের শেষে গোল (ة) 'তা' যুক্ত হওয়া। যেমন- اَلْمَدْرَسَةُ (বিদ্যালয়)।

১৩. عَدَد বা সংখ্যাবাচক হওয়া। যেমন- عَشَرٌ (দশ)।

১৪. مَكَان বা স্থানের অর্থজ্ঞাপক হওয়া। যেমন- مَسْجِدٌ (সিজদার স্থান)।

১৫. زَمَان বা কালের অর্থজ্ঞাপক হওয়া। যেমন- يَوْمٌ (দিন)।

উল্লিখিত চিহ্নগুলো কেবল اِسْم এর মধ্যেই পাওয়া যাবে। اِسْم ব্যতীত অন্য কিছুর মধ্যে পাওয়া যাবে না।

اِسْم-এর প্রকারসমূহ : বিভিন্ন দৃষ্টিকোণ থেকে اِسْم কে বিভিন্নভাবে ভাগ করা যায়। যথা-

(ক) নির্দিষ্ট ও অনির্দিষ্টভেদে اِسْم দু'প্রকার। যথা- ১। مَعْرِفَة ও ২. نَكِرَة

১। **مَعْرِفَة**-এর সংজ্ঞা : যে اِسْم দ্বারা নির্দিষ্ট ব্যক্তি বা বস্তুকে বোঝায় তাকে **مَعْرِفَة**(নির্দিষ্ট বিশেষ্য) বলে। যেমন - زَيْد (নির্দিষ্ট ব্যক্তি), مَكَّة (নির্দিষ্ট স্থান), اَلْقَلَم (কলমটি তথা নির্দিষ্ট একটি কলম) ইত্যাদি।

২। **نَكِرَة**-এর সংজ্ঞা : যে اِسْم দ্বারা কোন অনির্দিষ্ট ব্যক্তি বা বস্তুকে বোঝায় তাকে **نَكِرَة** (অনির্দিষ্ট বিশেষ্য) বলে।

যেমন - قَلَم (একটি কলম), كِتَاب (একটি বই), رَجُل (একজন পুরুষ) ইত্যাদি।

مَعْرِفَة-এর প্রকার : مَعْرِفَة সাত প্রকার। যথা -

১। مُضْمِرَات ; যেমন - أَنَا، أَنْتَ ইত্যাদি।

২। أَعْلَام ; । যেমন - مَكَّة ، عُثْمَان ইত্যাদি।

৩। أَسْمَاءُ الْإِشَارَةِ ; যেমন - هٰذَا ، ذٰلِكَ ইত্যাদি।

৪। اَلْأَسْمَاءُ الْمَوْصُوْلَةُ ; যেমন - اَلَّذِيْ ، اَلَّذِيْنَ ইত্যাদি।

৫। مُعَرَّفٌ بِالنِّدَاءِ ; যেমন - يَا رَجُلُ ইত্যাদি।

৬। مُعَرَّفٌ بِالْأَلِفِ وَاللَّامِ ; যেমন- اَلْقَلَمُ ، اَلرَّجُلُ ইত্যাদি।

৭। مُضَاف অর্থাৎ যে নাকেরাহ উল্লিখিত ছয় প্রকারের কোনো একটির দিকে مُضَاف হবে তা مَعْرِفَة হয়ে যাবে। যেমন غُلَامُ زَيْدٍ – قَلَمُ الرَّجُلِ ইত্যাদি।

(খ) লিঙ্গভেদে اِسْمْ দু প্রকার। যথা - ১। مُذَكَّر ও ২। مُؤَنَّث

১। مُذَكَّر এর সংজ্ঞা : যে اِسْمٌ শব্দগত বা অর্থগতভাবে مُؤَنَّثٌ-এর চিহ্নমুক্ত থাকে, তাকে مُذَكَّرٌ (পুংলিঙ্গ) বলে। যেমন - غَنَمٌ – بَكْرٌ– رَجُلٌ ইত্যাদি।

২। مُؤَنَّث এর সংজ্ঞা : যে اِسْم এ مُؤَنَّث-এর চিহ্ন শব্দগত বা অর্থগতভাবে বিদ্যমান থাকে, তাকে مُؤَنَّث (স্ত্রীলিঙ্গ) বলে। যেমন - عَائِشَةُ حَمْرَاءُ– بَقَرَةٌ – زَيْنَبُ -ইত্যাদি।

مؤنث-এর চিহ্ন ৪ টি। যথা -

১. হরকতযুক্ত গোল তা (ة) । যেমন - هِرَّةٌ – عَائِشَةُ– بَقَرَةٌ ইত্যাদি।
২. أَلِفٌ مَقْصُوْرَةٌ যেমন- كِسْرٰي – حُبْلٰى ইত্যাদি।
৩. أَلِفٌ مَمْدُوْدَةٌ যেমন- سَوْدَاءُ – حَمْرَاءُ ইত্যাদি।
৪. تَاءٌ مُقَدَّرَةٌ বা উহ্য তা । যেমন أَرْضٌ , ইহা মূলে أَرْضَةٌ ছিল । تَاء مُقَدَّرَةٌ বিশিষ্ট مُؤَنَّثٌ سَمَاعِيٌّ কে مُؤَنَّث বলে।

مُؤَنَّث প্রধানত দু'প্রকার। যথা- ১। مُؤَنَّثٌ حَقِيْقِيٌّ ও ২। مُؤَنَّثٌ لَفْظِيٌّ

যে مُؤَنَّث এর বিপরীতে مُذَكَّر প্রাণী থাকে তাকে مُؤَنَّثٌ حَقِيْقِيٌّ বলে। যেমন - اِمْرَأَة (মহিলা) এর বিপরীতে رَجل (পুংলিঙ্গ) বা مُذَكَّر আছে। نَاقَة (উটনী) এর বিপরীতে جَمَل (উট) مُذَكَّر আছে।

আর যে مُؤَنَّث-এর বিপরীতে কোন مُذَكَّر প্রাণী থাকে না, তাকে مُؤَنَّثٌ لَفْظِيٌّ বলে। এ প্রকার مُؤَنَّث কে مُؤَنَّثٌ غَيْرُ حَقِيْقِيٌّ ও বলে। যেমন - قُوَّة (শক্তি), ظُلْمَة (অন্ধকার)। উক্ত শব্দদ্বয়ের বিপরীত লিঙ্গ নেই।

(গ) عَدَد বা বচনের দিক দিয়ে اِسْم তিন প্রকার । যথা -

১। مُفْرَد বা وَاحِد তথা একবচন। যেমন - قَلَمٌ ، كِتَابٌ ইত্যাদি।

২। مُثَنّٰي বা تَثْنِيَة তথা দ্বিবচন। যেমন - قَلَمَانِ ، كِتَابَانِ ইত্যাদি।

৩। جَمْع বা مَجْمُوْع তথা বহুবচন। যেমন - كُتُبٌ ، أَقْلَامٌ ইত্যাদি।

যে اِسْم দ্বারা একটি মাত্র বস্তু বা ব্যক্তি বোঝায় তাকে **مُفْرَد** বলে। যেমন - رَجُلٌ (একজন পুরুষ), قلمٌ (একটি কলম) ইত্যাদি।

যে اِسْم দ্বারা দুটি বস্তু বা দু'জন ব্যক্তি বোঝায় তাকে **مُثَنّٰى** বলে। যেমন - رَجُلَانِ (দু'জন পুরুষ), قَلَمَانِ (দুটি কলম)। تَثْنِيَة এর শেষে ان অথবা ين থাকে। تَثْنِيَة এর نون অক্ষরটি সর্বদা যেরযুক্ত হয়। যেমন- رَجُلَانِ ، رَجُلَيْنِ ইত্যাদি।

যে اِسْم তিন বা তিনের অধিক ব্যক্তি বা বস্তু বোঝায় তাকে **مَجْمُوْع** বলে। যেমন- رِجَالٌ (পুরুষগণ), كُتُبٌ (বইসমূহ) ইত্যাদি।

جَمْع-এর প্রকার : جَمْع বা বহুবচন শব্দগতভাবে দু'প্রকার। যথা -

১। اَلْجَمْعُ الْمُكَسَّرُ বা جَمْعُ التَّكْسِيْرِ ও

২। اَلْجَمْعُ السَّالِمُ বা جَمْعُ التَّصْحِيْحِ

যে جَمْع-এর শব্দে وَاحِدٌ এর মূল রূপ পরিবর্তিত হয়, তাকে اَلْجَمْعُ الْمُكَسَّرُ বা جَمْعُ التَّكْسِيْرِ বলে। যেমন - رِجَالٌ (رَجُلٌ-এর বহুবচন); مَسَاجِدُ (مَسْجِدٌ-এর বহুবচন) ইত্যাদি।

যে جَمْع-এর শব্দে وَاحِد এর মূল রূপ অপরিবর্তিত থাকে, তাকে اَلْجَمْعُ السَّالِمُ বা جَمْعُ التَّصْحِيْح বলে। অন্যভাবে বলা যায়, وَاحِد এর মূল রূপকে ঠিক রেখে শুধুমাত্র جَمْع এর আলামত যুক্ত করে যে جَمْع গঠন করা হয়, তাকে اَلْجَمْعُ السَّالِمُ বা جَمْعُ التَّصْحِيْح বলে।

اَلْجَمْعُ السَّالِمُ আবার দু'প্রকার। যথা-

১। جَمْعُ الْمُذَكَّرِ السَّالِمِ : যে جَمْع এর শেষে ون অথবা ين যুক্ত হয়, তাকে جَمْعُ الْمُذَكَّرِ السَّالِمِ বলে। যেমন - مُسْلِمُونَ، مُؤْمِنِينَ ইত্যাদি। এ প্রকার جَمْع এর نُوْن সর্বদা যবরযুক্ত হয়।

২। جَمْعُ الْمُؤَنَّثِ السَّالِمِ : যে جَمْع এর শেষে ات যুক্ত হয়, তাকে جَمْعُ الْمُؤَنَّثِ السَّالِمِ বলে। যেমন - مُسْلِمَاتٌ ، مُؤْمِنَاتٌ ইত্যাদি।

আবার অর্থের দিক থেকে جَمْع দু'প্রকার। যথা - ১। جَمْعُ الْقِلَّة ও ২। جَمْعُ الْكَثْرَةِ

যে جَمْع দ্বারা দশের কম সংখ্যক ব্যক্তি বা বস্তুকে বোঝায়, তাকে جَمْعُ الْقِلَّة বলে। এর মোট ছয়টি ওজন আছে। তন্মধ্যে ৪টি جَمْعُ التَّكْسِيْرِ -এর অন্তর্ভুক্ত। যথা-

১। أَفْعُلٌ যেমন : أَكْلُبٌ (কুকুরগুলি) كَلْبٌ এর বহুবচন।

২। أَفْعَالٌ যেমন : أَقْوَالٌ (উক্তিগুলি) قَوْلٌ এর বহুবচন।

৩। أَفْعِلَةٌ যেমন : أَبْنِيَةٌ (ভবনসমূহ) بِنَاءٌ এর বহুবচন।

৪। فِعْلَةٌ যেমন : غِلْمَةٌ (দাসগণ) غُلَامٌ এর বহুবচন।

আর অবশিষ্ট ২টি ওজন جَمْعُ التَّصْحِيْحِ-এর অন্তর্ভুক্ত, যখন তা الف ولام মুক্ত থাকে।

১. جَمْعُ الْمُذَكَّرِ السَّالِمِ যা الف ولام যুক্ত নয়। যেমন : مُسْلِمُوْنَ، مُسْلِمِيْنَ ইত্যাদি।

২. جَمْعُ الْمُؤَنَّثِ السَّالِمِ যা الف ولام যুক্ত নয়। যেমন : مُسْلِمَاتٌ ، مُؤْمِنَاتٌ ইত্যাদি।

اَلتَّمْرِيْنُ : অনুশীলনী

১। اِسْم কাকে বলে? উদাহরণসহ লেখ।

২। اِسْم এর পাঁচটি আলামত উদাহরণসহ লেখ।

৩। جِنْس হিসেবে اِسْم কত প্রকার ও কী কী? উদাহরণসহ লেখ।

৪। مؤنّث কত প্রকার ও কী কী? উদাহরণসহ লেখ।

৫। عَلَامَةُ التَّانِيْث কতটি? উদাহরণসহ লেখ।

৬। عَدَد হিসেবে اِسْم কত প্রকার ও কী কী ? উদাহরণসহ বর্ণনা করো।

৭। مَعْرِفَة কত প্রকার ও কী কী? উদাহরণসহ লেখ।

৮। جَمْعُ الْقِلّة এর ওজন কতটি? উদাহরণসহ আলোচনা করো।

৯। শব্দের দিক দিয়ে جمع কত প্রকার ও কী কী? উদাহরণসহ লেখ।

১০। অর্থের দিক দিয়ে جمع কত প্রকার ও কী কী? উদাহরণসহ লেখ।

১১। নিম্নের শব্দগুলোর কোনটি مَعْرِفَةٌ এবং কোনটি نَكِرَةٌ তা নির্ণয় করো।

كِتَابٌ - غُلَامٌ - هٰذَا - رَسُوْلُ اللهِ - غَنَمٌ - اَلْقَلَمُ - شَهْر

১২। নিম্নে বর্ণিত শব্দগুলোর বচন পরিবর্তন করো:

مَسَاجِدُ – كِتَابٌ – أَقْلَامٌ – أَبْنِيَةٌ – مُؤْمِنَاتٌ – مَدْرَسَةٌ – دَرَّاجَةٌ – مَعْهَدٌ – مَنَابِرُ – مَكَاتِبُ – مُشْرِكُوْنَ – مُصْلِحُوْنَ -

اَلدَّرْسُ الثَّالِثُ : তৃতীয় পাঠ

اَلْإِسْنَادُ
আল-ইসনাদ

নিচের বাক্যগুলোর প্রতি লক্ষ করো

اَلْجُمْلَةُ	مُسْنَدٌ إِلَيْهِ	مُسْنَد
مَسْعُوْدٌ عَالِمٌ	مَسْعُوْدٌ	عَالِمٌ
زَيْدٌ طَالِبٌ	زَيْدٌ	طَالِبٌ
مُدِيْرُ الْمَدْرَسَةِ رَجُلٌ شَرِيْفٌ	مُدِيْرُ الْمَدْرَسَةِ	رَجُلٌ شَرِيْفٌ
رَئِيْسُ الدَّوْلَةِ مُسَافِرٌ إِلَى الْمَدِيْنَةِ	رَئِيْسُ الدَّوْلَةِ	مُسَافِرٌ إِلَى الْمَدِيْنَةِ

বাক্যগুলো দুটি অংশের সমন্বয়ে গঠিত। একটি হলো **مُسْنَدٌ إِلَيْهِ** অপরটি **مُسْنَد** ; আরবি ভাষায় বাক্য গঠনের জন্য এ দু'টি অংশ থাকা আবশ্যক। আর **مُسْنَدٌ إِلَيْهِ** ও **مُسْنَد** -এর পারস্পরিক সম্পর্ককে **اَلْإِسْنَادُ** বলে।

প্রথম দুটি বাক্যে **مُسْنَدٌ إِلَيْهِ** ও **مُسْنَد** এক একটি শব্দ নিয়ে গঠিত। কিন্তু শেষ দুটি বাক্যে **مُسْنَدٌ إِلَيْهِ** ও **مُسْنَد** একাধিক শব্দ নিয়ে গঠিত। তাহলে বোঝা যায় যে, **مُسْنَدٌ إِلَيْهِ** ও **مُسْنَد** এক বা একাধিক শব্দ দ্বারা গঠিত হতে পারে।

اَلْقَوَاعِدُ

اَلْإِسْنَادُ শব্দটি বাবে **اِفْعال** এর মাসদার। এর আভিধানিক অর্থ হলো- ভর করানো, নির্ভর করানো, ভিত্তি করা ইত্যাদি। পরিভাষায় **اَلْإِسْنَادُ** -এর সংজ্ঞা -

اَلْإِسْنَادُ هُوَ نِسْبَةُ إِحْدَي الْكَلِمَتَيْنِ إِلَي الْأُخْرٰي بِحَيْثُ تُفِيْدُ الْمُخَاطَبَ فَائِدَةً تَامَّةً يَصِحُّ السُّكُوْت عَلَيْهَا

অর্থাৎ বাক্যস্থিত দু'টো পদের একটিকে অপরটির সাথে এমনভাবে সম্পর্কযুক্ত করাকে **اَلْإِسْنَادُ** বলে, যা শ্রোতাকে পূর্ণাঙ্গভাবে উপকৃত করবে এবং শ্রোতার তাতে নিশ্চুপ থাকা সঠিক হবে। অর্থাৎ শ্রোতার মনে আর কোনোরূপ প্রশ্ন বা জিজ্ঞাসা থাকবে না। যেমন-

زَيْدٌ عَالِمٌ (যায়েদ জ্ঞানী), أَكَلَ خَالِدٌ رُزًّا (খালিদ ভাত খেয়েছে) ।

اَلْإِسْنَاد-এর প্রধানতম অংশ

اَلْإِسْنَاد-এর প্রধান অংশ দুটি। যথা- ১। مُسْنَدٌ إِلَيْهِ ও ২। مُسْنَد

বাক্যে যার সম্পর্কে কিছু বলা হয় তাকে مُسْنَدٌ إِلَيْهِ বলে। আর مُسْنَدٌ إِلَيْهِ সম্পর্কে যা কিছু বলা হয় তাকে مُسْنَد বলে। যেমন- خَالِدٌ حَاضِرٌ (খালিদ উপস্থিত)।

এ বাক্যে خَالِدٌ হলো مُسْنَدٌ إِلَيْهِ বা উদ্দেশ্য এবং حَاضِر হলো مُسْنَد বা বিধেয়। বাক্যের মাঝে এ দুটি অংশ অবশ্যই থাকতে হবে। এ দুটি অংশ ছাড়া বাক্য কল্পনা করা যায় না।

اَلتَّمْرِيْنُ : অনুশীলনী

১। اَلْإِسْنَاد বলতে কী বোঝ? উদাহরণসহ লেখ।

২। مُسْنَدٌ إِلَيْهِ ও مُسْنَدٌ কাকে বলে ? উদাহরণসহ লেখ।

৩। নিচের বাক্যগুলো থেকে مُسْنَدٌ إِلَيْهِ ও مَسْنَدٌ বের করো।

أ. اَلْمَسْجِدُ بَيْتُ اللهِ.
ب. اَلْإِسْلَامُ دِيْنُنَا.
ج. لَوْنُ الْغُرَابِ أَسْوَدُ.
د. خَالِدٌ فِي الْمَسْجِدِ.
ه. جَلَسَ بَكْرٌ.
و. مُحَمَّدٌ (ﷺ) رَّسُوْلُ اللهِ.
ز. زَيْدٌ يَشْرَبُ الْمَاءَ.

৪। নিজ থেকে পাঁচটি বাক্য লেখো যাতে مُسْنَدٌ إِلَيْهِ ও مُسْنَد রয়েছে।

اَلدَّرْسُ الرَّابِعُ : চতুর্থ পাঠ

اَلْكَلَامُ وَأَقْسَامُهُ

কালাম ও তার প্রকারসমূহ

নিচের উদাহরণগুলোর প্রতি লক্ষ করো

(ألف)	(ب)
بَيْتُ اللهِ (আল্লাহর ঘর)	اَلْمَسْجِدُ بَيْتُ اللهِ (মসজিদ আল্লাহর ঘর)।
فِي الدَّارِ (ঘরে)	رَأَيْتُ زَيْدًا فِي الدَّارِ (আমি যায়েদকে ঘরে দেখেছি)।
عَالِمٌ كَبِيْرٌ (বড় জ্ঞানী)	مُدِيْرُ الْمَدْرَسَةِ عَالِمٌ كَبِيْرٌ (মাদ্রাসার অধ্যক্ষ বড় জ্ঞানী)।

উপরের (ألف) অংশের উদাহরণগুলোর প্রতি ভালভাবে লক্ষ করলে দেখা যাবে যে, উদাহরণগুলো দ্বারা পূর্ণাঙ্গ কোনো অর্থ বোঝায় না। যদিও উদাহরণগুলোর প্রত্যেকটিতে দু'টি করে শব্দ রয়েছে। কিন্তু (ب) অংশের উদাহরণগুলোর প্রত্যেকটিতে দুই বা ততোধিক শব্দ মিলিত হয়ে একটি পূর্ণাঙ্গ অর্থ প্রকাশ করেছে।

সুতরাং أَلِفْ অংশের শব্দগুচ্ছকে مُرَكَّبٌ غَيْرُ مُفِيْدٍ আর ب অংশের প্রত্যেকটি বাক্যকে كَلَامٌ বা جُمْلَة বলে।

اَلْقَوَاعِدُ

كَلَام-এর পরিচয় : كَلَام শব্দটি فَعَال-এর ওযনে বাবে تَفْعِيْل-এর مَصْدَر; এর আভিধানিক অর্থ- اَلْقَوْل বা কথা, বাণী। বাংলা ভাষায় كَلَام কে বাক্য বলে। আবার كَلَام কে جُمْلَة-ও বলা হয়।
নাহুবীদের পরিভাষায়-

اَلْكَلَامُ مَا يَتَرَكَّبُ مِنْ كَلِمَتَيْنِ أَوْ أَكْثَرَ وَأَفَادَ مَعْنًى تَامًّا .

অর্থাৎ, দুই বা দুয়ের অধিক অর্থবোধক শব্দ মিলিত হয়ে পূর্ণ অর্থ প্রকাশ করলে, তাকে كَلَامٌ বলে।

বাক্য গঠনের পদ্ধতিসমূহ

اِسم، فِعْل ও حَرْف-এর যেকোনো দু'টির সমন্বয়ে বাক্য গঠনের ছয়টি রূপ হতে পারে। যথা-

১. দুটি اِسْم দ্বারা। একে جُمْلَةٌ اِسْمِيَّةٌ বলা হয়।

২. দু'টি فِعْل দ্বারা ; কিন্তু বাস্তবে এমন বাক্য পাওয়া যায় না।

৩. দু'টি حَرْف দ্বারা ; কিন্তু বাস্তবে এমন বাক্য পাওয়া যায় না।

৪. একটি فِعْل ও একটি اِسْم দ্বারা। এরূপ বাক্যকে جُمْلَةٌ فِعْلِيَّةٌ বলে।

৫. একটি اِسْم ও একটি حَرْف দ্বারা ; কিন্তু বাস্তবে এমন বাক্য পাওয়া যায় না।

৬. একটি فِعْل ও একটি حَرْف দ্বারা ; কিন্তু বাস্তবে এমন বাক্য পাওয়া যায় না।

উল্লেখ্য, إِسْنَاد ব্যতীত কোনো বাক্য গঠিত হয় না। আর إِسْنَاد এর জন্য مُسْنَد ও مُسْنَدٌ إِلَيْهِ থাকা আবশ্যক। এ ধরনের إِسْنَاد দুটি اِسْم অথবা একটি اِسْم ও একটি فِعْل দ্বারা গঠিত বাক্যেই পাওয়া যায়। এছাড়া অপর ৪টি প্রকারে এ ধরণের إِسْنَادٌ একসাথে পাওয়া যায় না। অতএব বাক্যগঠনের মূলরূপ হলো দু'টি। যথা-

ক. দু'টি اِسْم এর সমন্বয়ে বাক্য গঠন করা। যার একটি مُسْنَدٌ إِلَيْهِ এবং অপরটি مُسْنَد হবে। যেমন- اَللّٰهُ وَاحِدٌ এখানে اَللّٰهُ শব্দটি হলো مُسْنَدٌ إِلَيْهِ এবং وَاحِدٌ হলো مُسْنَدْ । এরূপ বাক্যে مُسْنَدٌ إِلَيْهِ কে مُبْتَدَأ এবং مُسْنَد কে خَبَر বলে এবং উভয় মিলে جُمْلَةٌ اِسْمِيَّةٌ গঠিত হয়।

খ. একটি فِعْل ও একটি اِسْم দ্বারা বাক্য গঠন করা। যেমন- قَامَ زَيْدٌ এখানে قَامَ ফে'লটি مُسْنَد এবং زَيْدٌ ইসমটি مُسْنَدٌ إِلَيْهِ তথা فَاعِل হয়েছে। এরূপ كَلَام বা বাক্যকে اَلْجُمْلَةُ الْفِعْلِيَّةُ বলে।

جُمْلَة-এর প্রকার : جُمْلَة প্রথমত দু প্রকার। যথা -

১. اَلْجُمْلَةُ الْخَبَرِيَّةُ : যে جُمْلَة তে مُسْنَدٌ إِلَيْهِ সম্পর্কে কোনো সংবাদ দেয়া হয় এবং তার বক্তাকে সত্য বা মিথ্যার সাথে যুক্ত করা যায়, তাকে اَلْجُمْلَةُ الْخَبَرِيَّةُ বলে। যেমন- مُجَاهِدٌ صَائِمٌ (মুজাহিদ রোযাদার), مَحْمُوْدٌ يُصَلِّـى (মাহমুদ নামায পড়ছেন)।

২. اَلْجُمْلَةُ الْإِنْشَائِيَّةُ : যে جُمْلَة তে কাউকে আদেশ, নিষেধ, উপদেশ প্রদান, প্রার্থনা, অনুরোধ করা বা কাউকে প্রশ্ন করা, আহবান করা অথবা আশা-আকাঙ্খা বা বিস্ময় প্রকাশ করা হয়, তাকে

اَلْجُمْلَةُ الْإِنْشَائِيَّةُ বলে। جُمْلَةٌ إِنْشَائِيَّةٌ এর বক্তাকে সত্য বা মিথ্যার সাথে যুক্ত করা যায় না। যেমন-

اِذْهَبْ إِلٰى فِرْعَوْنَ ، وَلاتَنْسَ نَصِيْبَكَ مِنَ الدُّنْيَا ، وَإِذَا حَلَلْتُمْ فَاصْطَادُوْا ، رَبِّ اغْفِرْلِى ، أَعْطِنِيْ كِتَابَكَ، أَيْنَ مَنْزِلُكَ ، يَا جَمِيْلُ ، لَعَلَّ أَخَاكَ يَرْجِعُ ، مَا أَحْسَنَ قَلَمَكَ.

جُمْلَةٌ فِعْلِيَّةٌ ও جُمْلَةٌ اِسْمِيَّةٌ এর সাথে সংযুক্ত হতে جُمْلَةٌ إِنْشَائِيَّةٌ ও جُمْلَةٌ خُبَرِيَّةٌ-এর প্রতিটি আবার পারে।

কোনো কোনো নাহুবিদ বলেন- أَصْلُ الْجُمْلَةِ চার প্রকার। যথা -

১. جُمْلَةٌ اِسْمِيَّةٌ - যে جُمْلَةٌ-এর শুরুতে اِسْمٌ থাকে, তাকে جُمْلَةٌ اِسْمِيَّةٌ বলে। যেমন-

خَالِدٌ قَائِمٌ (খালিদ দণ্ডায়মান)।

২. جُمْلَةٌ فِعْلِيَّةٌ - যে جُمْلَةٌ এর শুরুতে فِعْلٌ থাকে, তাকে جُمْلَةٌ فِعْلِيَّةٌ বলে। যেমন-

كَتَبَ خَالِدٌ رِسَالَةً (খালিদ একটি পত্র লিখেছে)।

৩. جُمْلَةٌ ظَرْفِيَّةٌ - যে جملة এর প্রথম অংশ ظَرْف থাকে, তাকে جُمْلَةٌ ظَرْفِيَّةٌ বলে। যেমন-

عِنْدِي قَلَمٌ (আমার নিকট একটি কলম আছে)।

৪. جُمْلَةٌ شَرْطِيَّةٌ - যে বাক্য شَرْط ও جَزَاء মিলে গঠিত হয়, তাকে جُمْلَةٌ شَرْطِيَّةٌ বলে। যেমন-

إِنْ جَاءَنِي بَكْرٌ أَكْرَمْتُهُ (বকর যদি আমার নিকট আসে, তবে আমি তাকে সম্মান করব)।

اَلتَّمْرِيْنُ : অনুশীলনী

১। كلام কাকে বলে ? উদাহরণসহ লেখ।

২। কয়টি নিয়মে বাক্য গঠন করা হয় ? লেখ।

৩। جملة কত প্রকার ও কী কী ? উদাহরণসহ লেখ।

৪। নিচের جملة গুলো পড় এবং কোন প্রকার جملة তার নাম লেখ।

١- ذَهَبَ خَالِدٌ إِلَى الْمَسْجِدِ.

٢- اِذْهَبْ إِلَى الْمَدْرَسَةِ.

٣- سُلَيْمَانُ قَائِمٌ.

٤- قَلَمُ زَيْدٍ.

٥- إِنْ ذَهَبَ زَيْدٌ أَذْهَبْ.

৫। ব্রাকেট থেকে সঠিক শব্দ নিয়ে শূন্যস্থান পূরণ করো।

১- اَلطُّلَّابُ ..... (جَالِسُوْنَ / جَالِسِيْنَ).

২- اَلطَّالِبَانِ ..... (كَتَبَا/ كَتَبَ).

৩- ذَهَبَ زَيْدٌ ..... الْمَسْجِدِ (إِلٰى / عَلٰى).

٤- اِنْ قَامَ خَالِدٌ ..... (اَضْحَكُ / أَقُمْ).

٥- اَلصِّحَّةُ ..... (نِعْمَةٌ / مُشَقَّةٌ).

اَلدَّرْسُ الْخَامِسُ : পঞ্চম পাঠ

اَلْمُبْتَدَأُ وَالْـخَبَـرُ

মুবতাদা ও খবর

নিচের বাক্যগুলোর প্রতি লক্ষ করো

بَكْرٌ أُسْتَاذٌ (বকর একজন শিক্ষক)।

خَالِدٌ كَتَبَ رِسَالَةً (খালিদ একটি চিঠি লিখেছে)।

পূর্বে مُسْنَدٌ إِلَيْهِ ও مُسْنَد সম্পর্কে আলোচনা করা হয়েছে। যার সম্পর্কে কিছু বলা হয় তাকে مُسْنَدٌ إِلَيْهِ এবং مُسْنَدٌ إِلَيْهِ সম্পর্কে যা বলা হয় তাকে مُسْنَد বলে। তাহলে উপরোক্ত বাক্যদ্বয়ে بَكْرٌ ও خَالِدٌ হলো مُسْنَدٌ إِلَيْهِ এবং أُسْتَاذٌ ও كَتَبَ رِسَالَةً হলো مُسْنَد। কেননা بَكْرٌ সম্পর্কে বলা হয়েছে যে, বকর একজন শিক্ষক এবং খালিদ সম্পর্কে বলা হয়েছে যে, খালিদ চিঠি লিখেছে ।

مُسْنَدٌ إِلَيْهِ যদি বাক্যের প্রথমে আসে এবং তার পূর্বে যদি কোনো প্রকাশ্য عَامِل না থাকে, তবে তাকে مُبْتَدَأ বলে এবং ঐ বাক্যের مُسْنَد কে خَبَرْ বলে। তাই উল্লিখিত বাক্যদ্বয়ে بَكْر ও خَالِد শব্দদ্বয় হলো مُبْتَدَأ এবং أُسْتَاذ ও كَتَبَ رِسَالَةً হলো خَبَر ।

اَلْقَوَاعِدُ

مُبْتَدَأ ও خَـبَر -এর পরিচয় : যে اِسْـم সম্পর্কে কোনো কিছু বলা হয় বা কোনো সংবাদ প্রদান করা হয়, তাকে مُبْتَـدَأ বলা হয়। আর مُبْتَـدَأ সম্পর্কে যা বলা হয় বা যে সংবাদ প্রদান করা হয়, তাকে خَـبَر বলা হয়। যেমন- اَلْحَمْـدُ للهِ رَبِّ الْعٰلَمِـينَ (সকল প্রশংসা জগতসমূহের প্রতিপালক আল্লাহর জন্য।) এ আয়াতে اَلْحَمْدُ শব্দটি মুবতাদা এবং لِلّٰهِ رَبِّ الْعٰلَمِينَ হলো খবর।

مُبْتَدَأ সাধারণত প্রথমে আসে এবং خَـبَر পরে আসে। مُبْتَـدَأ ও خَـبَر উভয়ই رَفْـع বা পেশবিশিষ্ট হয়। مُبْتَدَأ এর أَصْل হলো مَعْرِفَـة হওয়া আর خَـبَر এর أَصْـل হলো نَكِـرَة হওয়া। তবে বিশেষ বিশেষ অবস্থায় مُبْتَدَأ ও نَكِـرَة হয়ে থাকে। যেমন سَلَامٌ عَلَيْكُمْ ، فِي الدَّارِ رَجُلٌ ইত্যাদি।

مُبْتَدَأ-এর প্রকার : مُبْتَدَأ-কে বিভিন্নভাবে বিভক্ত করা যায়। তন্মধ্যে দুটি প্রকার হলো -

১. اَلصَّرِيْحُ অর্থাৎ, সরাসরি কোনো ইসমের مُبْتَدَأ হওয়া। যেমন -

مَسْعُوْدٌ مُدَرِّسٌ (মাসউদ একজন শিক্ষক)।

২. مُؤَوَّلٌ بِالصَّرِيْحِ অর্থাৎ, কোনো বাক্যাংশ/বাক্যকে তাবীল করে مُبْتَدَأ বানানো। যেমন-

وَأَنْ تَصُوْمُوْا خَيْرٌ لَّكُمْ (তোমরা সাওম পালন করলে তা তোমাদের জন্য উত্তম)।

আয়াতাংশের তাবীল হলো, صَوْمُكُمْ خَيْرٌ لَّكُمْ

خَبَر-এর প্রকার : বিভিন্ন প্রকারের শব্দ ও বাক্য خَبَر হিসেবে ব্যবহৃত হয়। যেমন–

১. اَلْمَصْدَر যেমন - اَلْإِسْلَامُ دِيْنٌ (ইসলাম একটি জীবন বিধান)।

২. اِسْمُ الْفَاعِلِ যেমন - بَكْرٌ عَالِمٌ (বকর একজন জ্ঞানী)।

৩. اِسْمُ الْمَفْعُوْلِ যেমন - اَلْبَابُ مَفْتُوْحٌ (দরজাটি খোলা)।

৪. اَلصِّفَةُ الْمُشَبَّهَةُ যেমন - اَلْمَدِيْنَةُ نَظِيْفَةٌ (শহরটি পরিচ্ছন্ন)।

৫. اِسْمُ الْفَاعِلِ لِلْمُبَالَغَةِ যেমন - اَللّٰهُ غَفُوْرٌ (আল্লাহ ক্ষমাশীল)।

৬. اَلْجُمْلَةُ যেমন - خَالِدٌ خَرَجَ مِنَ الدَّارِ (খালিদ বাড়ি থেকে বের হলো)।

خَبَر যদি اَلصِّفَةُ الْمُشَبَّهَةُ বা اِسْمُ الْفَاعِلِ لِلْمُبَالَغَةِ ، اِسْمُ الْمَفْعُوْلِ ، اِسْمُ الْفَاعِلِ হয়, তবে তা সব সময় مُبْتَدَأ এর অনুকরণ করে। অর্থাৎ মুবতাদাটি وَاحِد হলে خَبَر টি وَاحِد , মুবতাদাটি تَثْنِيَة হলে খবরটি تَثْنِيَة - মুবতাদাটি جَمْع হলে খবরটি جَمْع - মুবতাদাটি مُذَكَّر হলে خَبَر টি مُذَكَّر এবং মুবতাদাটি مُؤَنَّث হলে خَبَر টি مُؤَنَّث হয়। যেমন -

زَيْدٌ طَالِبٌ – فَاطِمَةُ طَالِبَةٌ.

اَلطَّالِبُ مُسَافِرٌ – اَلطَّالِبَةُ مُسَافِرَةٌ.

اَلطُّلَّابُ مُسَافِرُوْنَ– اَلطَّالِبَاتُ مُسَافِرَاتٌ.

اَلتَّمْرِيْنُ : অনুশীলনী

১। مبتدأ ও خبر কাকে বলে ? উদাহরণসহ লেখ।

২। مبتدأ ও خبر-এর أصل কী ? উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।

৩। مبتدأ ও خبر কত প্রকার ও কী কী ? উদাহরণসহ লেখ।

৪। خبر টি যখন الصفة المشبهة ও اِسْمْ المبالغة ، اِسْمْ المفعول ، اِسْمْ الفاعل হয় তখন خبر টি কার অনুকরণ করে ? উদাহরণসহ লেখ।

৫। নিম্নের বাক্যগুলোর تَرْكِيْب লেখ।

أُسَامَةُ حَضَرَ ، إِبْرَاهِيْمُ نَامَ ، نَعِيْمٌ ضاحِكٌ ، زَيْدٌ مُسَافِرٌ ، اَلْمَسْجِدُ جَدِيْدٌ ، بَكْرٌ عَالِمٌ ، اَلطُّلَّابُ مُسَافِرُوْنَ ، اَلطَّالِبَاتَ مُسَافِرَاتٌ .

اَلدَّرْسُ السَّادِسُ : ষষ্ঠ পাঠ

اَلْفَاعِلُ وَنَائِبُ الْفَاعِلِ

ফায়েল ও নায়েবে ফায়েল

اَلْفَاعِلُ

নিচের বাক্যগুলোর প্রতি লক্ষ করো

دَخَلَ خَالِدٌ فِي الْمَدْرَسَةِ (খালিদ মাদ্রাসায় প্রবেশ করল)।

قَرَأَ عُثْمَانُ الْكِتَابَ (ওসমান বইটি পড়ল)।

دَخَلَ ফে'লটি خَالِدٌ সম্পাদন করেছে। তাই খালিদ فَاعِل তথা কর্তা। قَرَأَ ফে'লটি عُثْمَانُ সম্পাদন করেছে। তাই ওসমান فَاعِل তথা কর্তা।

অতএব বলা যায়, বাক্যে যে اِسْم কোনো فِعْل সম্পাদন করে তাকে فَاعِل বলে। তবে فَاعِل হওয়ার জন্য তিনটি শর্ত বিদ্যমান থাকা আবশ্যক। যথা-

১. বাক্যে فَاعِل এর অবস্থান فِعْل এর পরে থাকবে।

২. فِعْل টি تَامّ হতে হবে।

৩. فِعْل টি مَعْرُوْف হতে হবে।

اَلْقَوَاعِدُ

فَاعِل-এর পরিচয় : فَاعِـل এমন اِسْـم-কে বলে যা দ্বারা فِعْـل সম্পাদিত হয়। যেমন- قَـرَأَ مَسْـعُوْدٌ (মাসুদ পড়লো) এ বাক্যে مَسْعُوْد হলো فَاعِل; কারণ পড়া فِعْل টি মাসুদ সম্পন্ন করেছে।

فَاعِل চেনার সহজ পদ্ধতি

فِعْل সম্পর্কে কে বা কি দ্বারা প্রশ্ন করে যে উত্তর পাওয়া যায়, তাকে فَاعِل বা কর্তা বলে। যথা- ضَحِكَ أُسَامَةُ (উসামা হাসলো), زَالَ الْـخَوْفُ (ভয় দূর হলো)।

উপরোক্ত ১ম বাক্যে ضَحِكَ ফে'ল সম্পর্কে যদি প্রশ্ন করা হয় যে, কে হাসলো? তখন উত্তর হবে, উসামা। ২য় বাক্যে زَالَ ফে'ল সম্পর্কে যদি প্রশ্ন করা হয় যে, কি দূর হলো? তখন উত্তর হবে اَلْخَوْفُ তথা ভয়। সুতরাং أُسَامَةُ ও اَلْخَوْفُ শব্দদ্বয় فَاعِل বা কর্তা।

فَاعِل-এর প্রকার

فَاعِل দু প্রকার। যথা - ১. اِسْمٌ ظَاهِرٌ ও ২. ضَمِيْرٌ

১. اِسْمٌ ظَاهِرٌ বা প্রকাশ্য ইসম হওয়া। যেমন- دَخَلَ أُسَامَةُ فِي الْمَسْجِدِ (উসামা মসজিদে প্রবেশ করেছে)। এ বাক্যে أُسَامَةُ শব্দটি اِسْمٌ ظَاهِرٌ যা فَاعِل হয়েছে।

২. ضَمِيْر বা সর্বনাম হওয়া। যেমন- دَخَلْتُ فِي الْمَسْجِدِ (আমি মসজিদে প্রবেশ করেছি)। এ বাক্যে دَخَلْتُ ফে'লের মধ্যকার تُ যমীরটি فَاعِل হয়েছে।

ضَمِيْر আবার দু প্রকার। যথা-

ক. ضَمِيْرٌ مُسْتَتِرٌ বা অপ্রকাশ্য সর্বনাম। যেমন- اَلطَّالِبَةُ خَرَجَتْ (ছাত্রীটি বের হয়েছে)। এ বাক্যে ضَمِيْرٌ مُسْتَتَرٌ তথা উহ্য هِيَ যমীর فَاعِل হয়েছে।

খ. ضَمِيْرٌ بَارِزٌ বা প্রকাশ্য সর্বনাম। যেমন : دَخَلْتَ فِي الْمَسْجِدِ (তুমি মসজিদে প্রবেশ করেছ)। এ বাক্যে ضَمِيْرٌ بَارِزٌ তথা প্রকাশ্য تَ যমীর فَاعِل হয়েছে।

فَاعِل-এর সাথে فِعْل এর ব্যবহারবিধি

فَاعِل বা কর্তা যখন اِسْمٌ ظَاهِرٌ হয়, তখন فِعْل টি সর্বাবস্থায় وَاحِد হবে। فاعِل বা কর্তা وَاحِد، تَثْنِيَة বা جَمْع যাই হোক না কেন। যথা -

دَخَلَ الطَّالِبُ - دَخَلَتِ الطَّالِبَةُ - دَخَلَ الطَّالِبَانِ - دَخَلَتِ الطَّالِبَتَانِ - دَخَلَ الطُّلَّابُ - دَخَلَتِ الطَّالِبَاتُ .

আর فاعِل যখন ضَمِيْر হবে তখন وَاحِد এর জন্য ضَمِيْرُ الْوَاحِدِ ও تَثْنِيَةٌ এর জন্য ضَمِيْر التَّثْنِيَةِ এবং جَمْع এর জন্য ضَمِيْرُ الجمعِ ব্যবহার করতে হবে। যেমন-

اَلرَّجُلُ دَخَلَ - اَلرَّجُلَانِ دَخَلَا - اَلرِّجَالُ دَخَلُوْا

তবে যদি ضَمِيْر হয়ে جَمْعُ التَّكْسِيرِ এর দিকে প্রত্যাবর্তিত হয় তখন فَاعِل ضَمِيْر এর وَاحِدٌ مُؤَنَّثٌ ও ব্যবহার করা যায়। যেমন- اَلرِّجَالُ دَخَلَتْ

فَاعِل-এর সাথে فِعْل-এর تَذْكِيْر ও تَأْنِيْث-এর অবস্থা

দু স্থানে فِعْل কে مُؤَنَّث নেয়া وَاجِب বা অত্যাবশ্যক। তা হলো-

১. فَاعِل যদি مُؤَنَّثٌ حَقِيْقِيٌّ হয় এবং فَاعِل ও فِعْل এর মাঝে অন্য কোনো শব্দ না থাকে। যথা- سَافَرَتْ خَدِيْجَةُ (খাদিজা ভ্রমণ করেছে)।

২. فَاعِل যদি مُؤَنَّث এর ضَمِيْر হয়। যথা- اَلشَّمْسُ طَلَعَتْ (সূর্য উদিত হয়েছে)।

তিন স্থানে فِعْل কে مُؤَنَّث ও مُذَكَّر উভয়ই ব্যবহার করা جَائِز তথা বৈধ :

১. فَاعِل যদি مُؤَنَّثٌ حَقِيْقِيٌّ হয় এবং فِعْل ও فَاعِل এর মাঝে অন্য শব্দ আসে। যথা-

سَافَرَتِ الْيَوْمَ فَاطِمَةُ / سَافَرَ الْيَوْمَ فَاطِمَةُ (ফাতিমা আজ ভ্রমণ করেছে)।

২. فَاعِل যদি مُؤَنَّثٌ غَيْرُ حَقِيْقِيٌّ হয়। যথা- طَلَعَتِ الشَّمْسُ/طَلَعَ الشَّمْسُ (সূর্য উদিত হয়েছে)।

৩. فَاعِل যদি اَلْـجَمْعُ الْمُكَسَّرُ হয়। যথা- قَامَتِ الرِّجَالُ/قَامَ الرِّجَالُ (লোকেরা দাঁড়িয়েছে)।

نَائِبُ الْفَاعِلِ

নিচের উদাহরণগুলো লক্ষ করো

(ألف)	(ب)
أَخَذَ النَّاسُ السَّارِقَ (লোকেরা চোরটিকে ধরেছে)।	أُخِذَ السَّارِقُ (চোরটি ধৃত হয়েছে)।
بَنَى أُسَامَةُ الْبَيْتَ (উসামা ঘরটি বানাল)।	بُنِيَ الْبَيْتُ (ঘরটি বানানো হল)।

الف অংশের বাক্যগুলোতে أُسَامَةُ ও اَلنَّاسُ শব্দদ্বয় فَاعِل তথা কর্তা। আর اَلْبَيْتُ ও اَلسَّارِقُ হলো مَفْعُوْلٌ بِه তথা কর্ম। আর ب অংশের বাক্যগুলোতে فَاعِل কে উল্লেখ না করে তার স্থলে اَلسَّارِقُ ও اَلْبَيْتُ কে উল্লেখ করা হয়েছে। সুতরাং ب অংশের বাক্যে اَلسَّارِقُ ও اَلْبَيْتُ হলো نَائِبُ الْفَاعِلِ (নায়েবে ফায়েল)।

نَائِبُ الْفَاعِلِ-এর জন্য ফে'লটি مَجْهُوْل হওয়া আবশ্যক।

اَلْقَوَاعِدُ

نَائِبُ الْفَاعِلِ -এর পরিচয় : এটা এমন একটি اِسْم-কে বলে, যার দিকে কোনো একটি **فِعْلٌ مَجْهُوْلٌ** কে সম্পর্কিত করা হয়। অথবা, **فَاعِل** -কে বিলুপ্ত করে তদস্থলে যে **مَفْعُوْل** কে উল্লেখ করা হয়ে থাকে, তাকে **نَائِبُ الفَاعِلِ** বলে। যেমন- **نُصِرَ زَيْدٌ** (যায়েদ সাহায্যপ্রাপ্ত হলো)। এ বাক্যে **نُصِرَ** ফে'লের **فَاعِل** উল্লেখ নেই। **زَيْد** মাফউলকে **فَاعِل** -এর স্থানে উল্লেখ করে **نَائِبُ الْفَاعِلِ** হিসেবে স্থলাভিষিক্ত করা হয়েছে।

نَائِبُ الْفَاعِلِ এর **فِعْل** কে **وَاحِد- تَثْنِيَة- جَمْع- مُذكَّر** ও **مُؤَنَّث** ব্যবহারের ব্যাপারে **فَاعِل**-এর ক্ষেত্রে বর্ণিত নিয়মাবলিই প্রযোজ্য হয়।

اَلتَّمْرِيْنُ : অনুশীলনী

১। **فاعل** কাকে বলে ? **فاعل** কত প্রকার ও কী কী? উদাহরণসহ লেখ।

২। **فاعل** টি **اِسْم ظاهر** বা **ضمير** হলে **فعل** কিরূপ হবে? লেখ।

৩। কোন্ কোন্ স্থানে **فعل** কে **مؤنّث** নেয়া ওয়াজিব ? আর কোন্ কোন্ স্থানে **مذكر** ও **مؤنث** উভয় নেয়া যায় ? উদাহরণসহ লেখ।

৪। **نائب الفاعل** কাকে বলে ? উদাহরণ দাও।

৫। নিচের **جملة فعلية** গুলোকে **جملة اسمية** -এ পরিবর্তন করো।

(ألف)	(ب)	(ألف)	(ب)
لَعِبَ الطَّالِبَانِ	اَلطَّالِبَانِ لَعِبَا	سَافَرَ اَلصَّدِيْقَانِ	اَلصَّدِيْقَانِ .....
ضَحِكَ الْمُدَرِّسُوْنَ	اَلْمُدَرِّسُوْنَ	قَالَتِ النِّسْوَةُ	اَلنِّسْوَةُ .....
خَرَجَ الْإِخْوَانُ	اَلْإِخْوَانُ	تَسْمَعُ الطَّالِبَتَانِ	اَلطَّالِبَتَانِ .....
سَمِعَ اَلْأَصْدِقَاءُ	اَلْأَصْدِقَاءُ.....	تَسْجُدُ الْمُؤْمِنَاتُ	اَلْمُؤْمِنَاتِ .....

اَلدَّرْسُ السَّابِعُ : সপ্তম পাঠ

اَلْمَفَاعِيْلُ

মাফউলসমূহ

নিম্নে বর্ণিত বাক্যগুলোর প্রতি লক্ষ করো

قَرَأَ خَالِدٌ الْكِتَابَ (খালিদ বইটি পড়েছে)।

أَكَلَ بَكْرٌ رُزًّا (বকর ভাত খেয়েছে)।

ضَرَبَ عَلِيٌّ السَّارِقَ ضَرْبًا (আলী চোরটিকে খুব মেরেছে)।

উল্লিখিত বাক্যগুলোর প্রথম বাক্যে দেখা যায় যে, খালেদের পড়া কাজটি বইয়ের ওপর পতিত হয়েছে। দ্বিতীয় বাক্যে বকরের খাওয়ার কাজটি ভাতের ওপর পতিত হয়েছে। তৃতীয় বাক্যে আলীর প্রহার করার কাজটি চোরের ওপর পতিত হয়েছে। আবার ضَرْبًا শব্দটি দ্বারা প্রহারের দৃঢ়তা প্রকাশ পেয়েছে। তাই বলা যায় যে, বাক্যের মধ্যে যে اِسْم এর ওপর কর্তার ক্রিয়া পতিত হয় কিংবা যে اِسْم দ্বারা ক্রিয়ার দৃঢ়তা ও রকম বোঝায়, তাকে **مَفْعَوْل** বলে।

اَلْقَوَاعِدُ

مَفْعُوْل-এর পরিচয় : فَاعِل তথা কর্তার কাজ যার উপর পতিত বা সংঘটিত হয়, তাকে **مَفْعُوْل** বলা হয়। যেমন- يَكْتُبُ خَالِدٌ رِسَالَةً (খালিদ একটি চিঠি লিখছে/লিখবে)। **مَفْعَوْل** সবসময় **فِعْل** দ্বারা **نَصْب** বিশিষ্ট হয়।

مَفْعُوْل-এর প্রকার : **مَفْعُوْل**-কে পাঁচ ভাগে ভাগ করা হয়। যথা-

১- اَلْمَفْعُوْلُ الْمُطْلَقُ
২- اَلْمَفْعُوْلُ بِه
৩- اَلْمَفْعُوْلُ فِيْهِ
৪- اَلْمَفْعُوْلُ لَهُ
৫- اَلْمَفْعُوْلُ مَعَهُ

নিম্নে প্রত্যেক প্রকার **مَفْعُوْل**-এর পরিচয় তুলে ধরা হলো-

اَلْمَفْعُوْلُ الْمُطْلَقُ

নিচের বাক্যগুলোর প্রতি লক্ষ করো

ضَرَبَ عَلِـيٌّ السَّارِقَ ضَرْبًا (আলি চোরটিকে খুব মেরেছে)।

جَلَسْتُ جِلْسَةَ الْقَارِيْ (আমি ক্বারী সাহেবের মতো বসলাম)।

نَظَرْتُ إليه نظرةً (আমি তার প্রতি এক নজর দিলাম)।

উপরের প্রথম বাক্যে ضَرْبًا শব্দটি যুক্ত করে ضَرَبَ ফে'লটিকে তাকিদ করা হয়েছে বা জোর দেয়া হয়েছে। দ্বিতীয় বাক্যে جَلْسَةُ الْقَارِي শব্দটি যুক্ত করে جِلَسْتُ ফে'লটির রকম তথা প্রকার বর্ণনা করা হয়েছে। তৃতীয় বাক্যে نَظْرَةً শব্দটি যুক্ত করে نَظَرْتُ ফে'লটির সংখ্যা বোঝানো হয়েছে। এ প্রকার শব্দগুলোকে নাহুশাস্ত্রের পরিভাষায় مَفْعُوْل مُطْلق বলে।

مَفْعُوْل مُطْلَق-এর পরিচয় : যে مَصْدَر দ্বারা فِعْل কে তাকিদ দেয়া হয়, অথবা فِعْل এর প্রকার তথা রকম বর্ণনা করা হয়, অথবা فِعْل এর সংখ্যা বোঝানো হয়, তাকে مَفْعُوْل مُطْلَقْ বলে।

مَفْعُوْل مُطْلَقْ টি فِعْل কর্তৃক مَنْصُوْب হয় এবং সব সময় তার فِعْل এর مَصْدَر তথা فِعْل এর সমর্থবোধক مَصْدَر হয়। যথা- جَلَسْتُ جُلُوْسًا (আমি বসার মতো বসেছি), جَلَسْتُ قُعُوْدًا (আমি ভালোকরে বসেছি) ইত্যাদি।

اَلْمَفْعُوْلُ بِهِ

নিচের বাক্যগুলোর প্রতি লক্ষ করো

أَكَلَ زَيْدٌ اَلتُّفَّاحَ (যায়েদ আপেল খেলো)।

رَأَي خَالِدٌ مَحْمُوْدًا (খালিদ মাহমুদকে দেখলো)।

উপরের প্রথম বাক্যে أَكَلَ خَالِدٌ বলার পর প্রশ্ন জাগে, কী খেলো? তখন উত্তর আসবে اَلتُّفَّاحُ খেলো। দ্বিতীয় বাক্যে رَأَي خَالِدٌ বলার পর প্রশ্ন জাগে, কাকে দেখলো? তখন উত্তর আসবে মাহমুদকে দেখলো।

তাহলে বোঝা গেল, زَيْدٌ এর أَكَلَ ফে'লটি اَلتُّفَّاحُ এর ওপর পতিত রয়েছে এবং خَالِدٌ এর رَأَي ফে'লটি মাহমুদের ওপর পতিত হয়েছে। ওপরের বাক্যগুলোতে اَلتُّفَّاحُ ও مَحْمُوْدًا শব্দদ্বয় হলো مَفْعَوْلٌ بِهِ

مَفْعُوْلٌ بِهِ-এর পরিচয় : فَاعِل-এর فِعْل যার ওপর পতিত হয় তাকে مَفْعُوْلٌ بِهِ বলে। فِعْل কে উল্লেখ করে কি বা কাকে দিয়ে প্রশ্ন করলে উত্তরে যে শব্দ আসবে তাই مَفْعُوْلٌ بِهِ হবে।

مَفْعُوْلٌ بِهٖ সবসময় فِعْل দ্বারা مَنْصُوْب হয়। যেমন- خَلَقَ اللهُ الإِنْسَانَ (আল্লাহ মানুষ সৃষ্টি করেছেন)। এ বাক্যে اَلإِنْسَانَ শব্দটি مَفْعُوْلٌ بِهٖ হয়েছে।

اَلْمَفْعُوْلُ فِيْهِ

নিচের বাক্যগুলোর প্রতি লক্ষ করো

سَافَرَ زَيْدٌ يَوْمَ الْجُمُعَةِ (যায়েদ শুক্রবারে সফর করলো)।

جَلَسَ عَلِيٌّ أَمَامَ الْمَسْجِدِ (আলী মসজিদের সামনে বসলো)।

উপরের বাক্য দুটিতে يَوْمَ الْجُمُعَةِ ও أَمَامَ الْمَسْجِدِ শব্দদ্বয় مَفْعُوْلٌ فِيْهِ হয়েছে। কারণ, প্রথম বাক্যে سَافَرَ زَيْدٌ এর সাথে يَوْمَ الْجُمُعَةِ যুক্ত করে زَيْدٌ কখন সফর করেছে তা উল্লেখ করা হয়েছে। দ্বিতীয় বাক্যে جَلَسَ عَلِيٌّ এর সাথে أَمَامَ الْمَسْجِدِ যুক্ত করে عَلِيّ কোথায় বসেছে তা উল্লেখ করা হয়েছে। উক্ত বাক্য দুটিতে يَوْمَ الْجُمُعَةِ ও أَمَامَ الْمَسْجِدِ যুক্ত করে فِعْل সংঘটিত হওয়ার সময় ও স্থান বোঝানো হয়েছে।

مَفْعُوْلٌ فِيْهِ-এর পরিচয় : যে শব্দ দ্বারা فِعْل সংঘটিত হওয়ার সময় বা স্থান বোঝানো হয়, তাকে مَفْعُوْلٌ فِيْهِ বলে। فِعْل কে উল্লেখ করে 'কোথায়' বা 'কখন' দ্বারা প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায়, তা مَفْعُوْلٌ فِيْهِ হবে।

فِعْل এর সময় বা স্থান বোঝানোর জন্যে যদি فِيْ ব্যবহার করা হয় তাহলে তাকে مَفْعُوْلٌ فِيْهِ বলা হয় না বরং جَارٌّ مَجْرُوْرٌ বলে। যথা- سَافَرْتُ فِي الشَّهْرِ الْمَاضِي (আমি গতমাসে ভ্রমণ করেছি।)

اَلْمَفْعُوْلُ لَهٗ

নিচের বাক্যগুলোর প্রতি লক্ষ করো

قُمْتُ إِكْرَامًا لِلْمُدِيْرِ (আমি অধ্যক্ষের সম্মানার্থে দাঁড়ালাম)।

ضَرَبْتُ الْوَلَدَ تَأْدِيْبًا (আমি ছেলেটিকে আদব শিক্ষা দেয়ার জন্যে প্রহার করলাম)।

উপরের বাক্য দুটিতে إِكْرَامًا ও تَأْدِيْبًا শব্দদ্বয় مَفْعُوْلٌ لَهٗ। লক্ষ্য করলে দেখা যায় যে, প্রথম বাক্যে قُمْتُ এর সাথে إِكْرَامًا যুক্ত করে দাঁড়ানোর কারণ উল্লেখ করা হয়েছে। দ্বিতীয় বাক্যে ضَرَبْتُ الْوَلَدَ এর সাথে تَأْدِيْبًا যুক্ত করে প্রহারের কারণ উল্লেখ করা হয়েছে। তাহলে বোঝা গেল, إِكْرَامًا ও تَأْدِيْبًا শব্দদ্বয় দ্বারা فِعْل সংঘটিত হওয়ার কারণ বর্ণনা করা হয়েছে।

مَفْعُوْل لَهٗ-এর পরিচয় : যে **مَصْدَرٌ** দ্বারা **فِعْل** সংঘটিত হওয়ার কারণ বর্ণনা করা হয় তাকে **مَفْعُوْل لَهٗ** বলে। **فِعْل** কে 'কেন' দিয়ে প্রশ্ন করে যে উত্তর পাওয়া যায়, তা **مَفْعُوْل لَهٗ** হয়। **مَفْعُوْل لَهٗ** সব সময় **فِعْل** দ্বারা **مَنْصُوْب** হয়। **فِعْل** সংঘটিত করার কারণটি যদি হরফুল জার **لَامْ** বা **مِنْ** দ্বারা উল্লেখ করা হয় তখন তাকে **مَفْعُوْل لَهٗ** না বলে **جَارْ مَجْرُوْر** বলা হয়। যথা- **ضَرَبْتُ لِلتَّأْدِيْبِ** (শিষ্টাচার শিখানোর জন্য আমি মেরেছি)।

اَلْمَفْعُوْلُ مَعَهٗ

নিচের বাক্যটির প্রতি লক্ষ করো

صَلَّيْتُ وَعَمْرًوا (আমি আমরের সাথে নামায পড়লাম)।

উপরের বাক্যে **وَاو** অর্থ **مَعَ** এবং **عَمْرَوَا** শব্দটি **مَفْعُوْلٌ مَعَهٗ** হয়েছে।

مَفْعُوْلٌ مَعَهٗ-এর পরিচয় : **مَعَ**-এর অর্থবোধক **وَاوٌ** এর পর যে **اِسْمْ** আসে তাকে **مَفْعُوْلٌ مَعَهٗ** বলে।

اَلتَّمْرِيْنُ : অনুশীলনী

১। **اَلْمَفْعُوْلُ الْمُطْلَقُ** কাকে বলে ? উদাহরণসহ আলোচনা করো।

২। **اَلْمَفْعُوْلُ بِهِ** বলতে কী বোঝায় ? উদাহরণ দিয়ে বুঝিয়ে লেখ।

৩। **اَلْمَفْعُوْلُ فِيْهِ** কাকে বলে ? উদাহরণসহ বর্ণনা করো।

৪। **اَلْمَفْعُوْلُ لَهٗ** কাকে বলে ? উদাহরণসহ বর্ণনা করো।

৫। **اَلْمَفْعُوْلُ مَعَهٗ** এর সংজ্ঞা উদাহরণসহ উল্লেখ করো।

৬। নিচের বাক্যে যেসব **مَفْعُوْل** রয়েছে তার নাম উল্লেখ করো।

ضَرَبْتُ الرَّجُلَ الشَّرِيْرَ يَوْمَ الْجُمُعَةِ أَمَامَ الْأَمِيْرِ ضَرْبًا شَدِيْدًا فِي دَارِهِ تَأْدِيْبًا وَالْخَشَبَةَ.

اَلدَّرْسُ الثَّامِنُ : অষ্টম পাঠ

اَلْمَبْنِيَّاتُ

মাবনীসমূহ

নিচের বাক্যগুলোর প্রতি লক্ষ করো

(ক)

دَخَلَ خَالِدٌ فِي الْمَدْرَسَةِ (খালিদ মাদ্রাসায় প্রবেশ করেছে)।

رَأَيْتُ خَالِدًا فِي الْمَدْرَسَةِ (আমি খালিদকে মাদ্রাসায় দেখেছি)।

جَلَسْتُ مَعَ خَالِدٍ فِي الْمَدْرَسَةِ (আমি মাদ্রাসায় খালেদের সাথে বসেছি)।

(খ)

دَخَلَ هٰؤُلاءِ فِي الْمَدْرَسَةِ (এরা মাদ্রাসায় প্রবেশ করেছে)।

رَأَيتُ هٰؤُلاءِ فِي الْمَدْرَسَةِ (আমি এদের মাদ্রাসায় দেখেছি)।

جَلَسْتُ مَعَ هٰؤُلاءِ فِي الْمَدْرَسَةِ (আমি মাদ্রাসায় এদের সাথে বসেছি)।

উপরের (ক) অংশের বাক্যগুলোতে خَالِدٌ শব্দটির শেষ অক্ষর তিনটি বাক্যে তিন রকম তথা প্রথম বাক্যে خَالِدٌ (পেশ যোগে), দ্বিতীয় বাক্যে خَالِدًا (যবর যোগে), তৃতীয় বাক্যে خَالِدٍ (যের যোগে) হয়েছে। এ জাতীয় পরিবর্তনশীল শব্দকে নাহুর পরিভাষায় مُعْرَب বলা হয়।

পক্ষান্তরে (খ) অংশের বাক্যগুলোতে هٰؤُلاَءِ শব্দটির শেষ অক্ষরটিতে কোনো পরিবর্তন হয়নি। তিনটি বাক্যেই একই অবস্থায় আছে। এ জাতীয় অপরিবর্তনশীল শব্দকে নাহুর পরিভাষায় مَبْنِيّ বলে।

اَلْقَوَاعِدُ

مَبْنِيّ-এর পরিচয় : যে সব শব্দের শেষ অক্ষর عَامِل এর বিভিন্নতা সত্ত্বেও বাক্যে একই রকম থাকে, তাদেরকে مَبْنِيٌّ বলে।

مَبْنِيّ-এর প্রকার : مَبْنِيّ তিন প্রকার। যথা-

১. اَلْأَسْمَاءُ الْمَبْنِيَّةُ

২. اَلْأَفْعَالُ الْمَبْنِيَّةُ ও ৩. اَلْحُرُوْفُ الْمَبْنِيَّةُ

اَلْأَسْمَاءُ الْمَبْنِيَّةُ-এর বিবরণ

ইসম এর মধ্যে যে সব ইসম মাবনী হয়, উহাদেরকে اَلْأَسْمَاءُ الْمَبْنِيَّةُ বলে।

اَلْأَسْمَاءُ الْمَبْنِيَّةُ মোট দশ প্রকার। যথা -

১। اَلضَّمَائِرُ (সর্বনামসমূহ) যথা -هُوَ ، هُمَا، هُمْ ইত্যাদি।

২। أَسْمَاءُ الْإِشَارَة (ইঙ্গিতজ্ঞাপক ইসমসমূহ) যথা- ذٰلِكَ ، هٰذِهِ ، هٰذَا ইত্যাদি।

৩। اَلْأَسْمَاءُ الْمَوْصُوْلَةُ (সম্বন্ধসূচক ইসমসমূহ) যথা- اَلَّذِيْنَ ، اَلَّتِيْ ، اَلَّذِىْ ইত্যাদি।

৪। أَسْمَاءُ الشَّرْطِ (শর্তসূচক ইসমসমূহ) যথা- مَهْمَا ، مَا ، مَنْ ইত্যাদি।

৫। أَسْمَاءُ الْاِسْتِفْهَامِ (প্রশ্নবোধক ইসমসমূহ) যথা- مَتٰي ، اَيْنَ ، مَنْ ইত্যাদি।

৬। أَسْمَاءُ الْأَفْعَالِ (ফে'লের অর্থবোধক ইসমসমূহ) যথা- حَيْهَلْ ، بَلْهَ ، دُوْنَكَ ইত্যাদি।

৭। بَعْضُ الظُّرُوْفِ (স্থান বা কালবাচক ইসমসমূহ) যথা- حَيْثُ ، اِذَا ، إِذْ ইত্যাদি।

৮। أَسْمَاءُ الْكِنَايَةِ (অস্পষ্ট ইঙ্গিতবাচক ইসমসমূহ) যথা- ذَيْتَ، كَيتَ، كَذَا، كَمْ ইত্যাদি।

৯। أَسْمَاءُ الْأَصْوَاتِ (ধ্বনিসূচক ইসমসমূহ) যথা- غَاقَ ، نَخَّ ، بَخَّ ইত্যাদি।

১০। اَلْمُرَكَّبُ الْبِنَائِيُّ (অপরিবর্তনীয় যৌগিক শব্দ) যথা-تِسْعَةَ عَشَرَ، ثَلثَةَ عَشَرَ ، أَحَدَ عَشَرَ ইত্যাদি।

اَلْأَفْعَالُ الْمَبْنِيَّةُ-এর বিবরণ

যেসব فِعْل মাবনী হয় উহাদেরকে اَلْأَفْعَالُ الْمَبْنِيَّةُ বলে। اَلْأَفْعَالُ الْمَبْنِيَّةُ মোট চার প্রকার। যথা-

১. اَلْفِعْلُ الْمَاضِيْ : যথা- فَتَحَ -نَصَرَ ইত্যাদি।

২. اَلْمُضَارِعُ مَعَ نُوْنَى النِّسوَةِ যথা– تَضْرِبْنَ – يَضْرِبْنَ ইত্যাদি।

৩. اَلْمُضَارِعُ مَعَ نُوْنَى التَّاكِيْدِ যথা– لَيَنْصُرَنَّ – لَيَفْعَلَنَّ ইত্যাদি।

৪. فِعْلُ أَمْرِ الْحَاضِرِ الْمَعْرُوْفِ যথা– اُكْتُبْ – اُنْصُرْ ইত্যাদি।

اَلْحُرُوْفُ الْمَبْنِيَّةُ-এর বিবরণ

جَمِيْعُ حُرُوْفِ الْمَعَانِيْ তথা সকল প্রকার অর্থবোধক হরফ মাবনীর অন্তর্ভুক্ত।
মাবনী আবার দু'ভাগে বিভক্ত। যথা -

১. مَبْنِيُّ الْأَصْلِ: যে সব শব্দ অন্যের সাথে সাদৃশ্যের কারণে মাবনী নয়; বরং তা সত্ত্বাগতভাবেই মাবনী, উহাদেরকে مَبْنِيُّ الْأَصْلِ বলে। مَبْنِيُّ الْأَصْلِ তিন প্রকার। যথা-

ক. اَلْفِعْلُ الْمَاضِي

খ. أَمْرُ الْحَاضِرِ الْمَعْرُوْفِ

গ. جَمِيْعُ الْحُرُوْفِ

২. اَلْمُشَابِهُ بِالْمَبْنِيِّ : যে সকল শব্দ সত্ত্বাগত ভাবে মাবনী নয় : বরং তা مَبْنِيُّ الْأَصْلِ এর সাথে কোনো না কোনো ভাবে সাদৃশ্য রাখার কারণে مَبْنِـي এর অন্তর্ভুক্ত হয়, উহাদেরকে اَلْمُشَابِهُ بِالْمَبْنِيِّ বলে।

উল্লেখ্য, তিন প্রকার مَبْنِيّ الْأَصْلِ ব্যতীত সকল প্রকার মাবনী اَلْمُشَابِهُ بِالْمَبْنِيِّ এর অন্তর্ভুক্ত।

اَلتَّمْرِيْنُ : অনুশীলনী

১। مبني কাকে বলে ? উদাহরণ দাও।

২। مبني কত প্রকার ও কী কী ? প্রত্যেকটির ১টি করে উদাহরণ দাও।

৩। مبني الأصل ও المشابه بالمبني কাকে বলে? উদাহরণসহ লেখ।

৪। নিচের বাক্যগুলো থেকে مبنى খোঁজে বের করো।

১- جَاءَ زَيْدٌ ২- كَانَ خَالِدٌ عَالِمًا.

৩- هٰذَا قَلَمٌ ৪- فَاطِمَةُ وَ زَيْنَبُ وَ خَدِيْجَةُ يُذْهِبْنَ.

৫- أُنْصُرْ خَالِدًا ৬- جَلَسْتُ مَعَ أَبِـيْ فِي الْمَسْجِدِ

৬- هٰؤُلَاءِ طُلَّابٌ ৭- إِنَّ زَيْدًا قَائِمٌ.

اَلدَّرْسُ التَّاسِعُ : নবম পাঠ
اَلْمُعْرَبُ : تَعْرِيْفُهُ وَأَقْسَامُهُ
মু'রাব : তার পরিচয় ও প্রকারসমূহ

নিচের উদাহরণগুলোর প্রতি লক্ষ করো

(ক)

أَكَلَ زَيْدٌ تُفَّاحًا (যায়েদ আপেল খেয়েছে)।

رَأَيْتُ زَيْدًا فِي الْمَسْجِدِ (আমি যায়েদকে মসজিদে দেখেছি)।

مَرَرْتُ بِزَيْدٍ (আমি যায়েদের পাশ দিয়ে অতিক্রম করেছি)।

(খ)

أَكَلَ اَخُوْكَ تُفَّاحًا (তোমার ভাই আপেল খেয়েছে)।

رَأَيْتُ أَخَاكَ فِي الْمَسْجِدِ (আমি তোমার ভাইকে মসজিদে দেখেছি)।

مَرَرْتُ بِأَخِيْكَ (আমি তোমার ভাইয়ের পাশ দিয়ে অতিক্রম করেছি)।

উপরের 'ক' অংশের বাক্যসমূহে زَيْدٌ শব্দটির শেষ অক্ষরে حَرَكَة এর পরিবর্তন হয়েছে। যথা- প্রথম বাক্যে زَيْدٌ (পেশযোগে), দ্বিতীয় বাক্যে زَيْدًا (যবরযোগে) এবং তৃতীয় বাক্যে زَيْدٍ (যেরযোগে) হয়েছে। অনুরূপভাবে 'খ' অংশের বাক্যগুলোতে أَخٌ শব্দটির শেষেও বিভিন্নভাবে পরিবর্তন হয়েছে। প্রথম বাক্যে أَخو দ্বিতীয় বাক্যে أَخَا এবং তৃতীয় বাক্যে أَخِي হয়েছে।

শব্দের শেষে এ জাতীয় পরিবর্তনের নাম إِعْرَاب এবং পরিবর্তনশীল اِسْم এর নাম اَلْاِسْمُ الْمُعْرَبُ

اَلْقَوَاعِدُ

اَلْاِسْمُ الْمُعْرَبُ-এর সংজ্ঞা: هِدَايَةُ النَّحْوِ গ্রন্থকার বলেন-

اَلْاِسْمُ الْمُعْرَبُ هُوَ كُلُّ اِسْمٍ رُكِّبَ مَعَ غَيْرِهِ وَلَا يَشْبَهُ مَبْنِيَّ الْأَصْلِ .

অর্থাৎ যে সকল ইসম অন্য শব্দের সাথে যুক্ত হয় এবং مَبْنِيُّ الْأَصْلِ-এর সাথে কোনোভাবেই সাদৃশ্য রাখে না, সে সকল ইসমকে اَلْاِسْمُ الْمُعْرَبُ বলে।

اَلْاِسْمُ الْمُعْرَبُ-এর হুকুম : এ প্রসঙ্গে هِدَايَةُ النَّحْوِ গ্রন্থকার বলেন-

وَحُكْمُهُ أَنْ يَخْتَلِفَ أَخِرُهُ بِاِخْتِلَافِ الْعَوَامِلِ اِخْتِلَافًا لَفْظِيًّا أو تَقْدِيْرِيًّا

অর্থাৎ আমেলের বিভিন্নতার কারণে শেষ অক্ষরে শব্দগতভাবে বা উহ্যভাবে পরিবর্তন সাধিত হওয়াই اَلْاِسْمُ الْمُعْرَبُ এর হুকুম।

عَامِل-এর পরিচয় : পাঠের শুরুতে বর্ণিত বাক্যগুলোর প্রতি পুনরায় লক্ষ্য করলে দেখতে পাবে যে, أَخٌ ও خَالِدٌ শব্দদ্বয়ের পরিবর্তনের কারণ হচ্ছে এদের পূর্বে প্রথম বাক্যে أَكَلَ, দ্বিতীয় বাক্যে رَأَيْتُ এবং তৃতীয় বাক্যে ب এসেছে। শব্দের শেষে এ জাতীয় পরিবর্তনকারী শব্দসমূহের নাম عَامِل।

সুতরাং বলা যায়, যেসব শব্দের কারণে اَلْاِسْمُ الْمُعْرَبُ এর শেষে إِعْرَابٌ (তথা যবর, যের, পেশ অথবা ওয়াও, আলিফ, ইয়া) এর পরিবর্তন সাধিত হয় তাদেরকে عَامِل বলে। তাই উপরোক্ত বাক্যসমূহে أَكَلَ- رَأَيْتُ ও اَلْبَاءُ হলো عَامِل ।

عَامِل-এর প্রকার : اِسْم-এর عَامِل তিন প্রকার। যথা- رَافِع - نَاصِب ও جَارّ।

❑ যে আমেলর কারণে ইসম এর শেষে عَلَامَةُ الرَّفْعِ যুক্ত হয়, তাকে عَامِلٌ رَافِعٌ বলে। যেমন- قَامَ زَيْدٌ বাক্যে قَامَ ফে'লটি হলো عَامِلٌ رَافِعٌ

عَلَامَةُ الرَّفْعِ তিনটি। যথা-

১। اَلضَّمَّةُ যেমন جَائَنِـيْ زَيْدٌ (আমার নিকট যায়েদ এসেছে)।

২। اَلْوَاوُ যেমন جَاءَ الْمُسْلِمُوْنَ (মুসলমানগণ এসেছে)।

৩। اَلْأَلِفُ যেমন - جَائَنِيْ رَجُلَانِ (আমার নিকট দু'জন লোক এসেছে)।

❑ যে আমেল এর কারণে ইসম এর শেষে عَلَامَةُ النَّصْبِ যুক্ত হয়, তাকে عَامِلٌ نَاصِبٌ বলে। যেমন- إِنَّ خَالِدًا غَنِيٌّ (নিশ্চয়ই খালিদ সম্পদশালী।) বাক্যে إِنَّ হলো عَامِلٌ نَاصِبٌ

عَلَامَةُ النَّصْبِ মোট পাঁচটি। যথা-

১। اَلْفَتْحَةُ যেমন- رَأَيْتُ زَيْدًا (আমি যায়েদকে দেখেছি)।

২। اَلْكَسْرَةُ যেমন- رَأَيْتُ مُسْلِمَاتٍ (আমি মুসলিম নারীদের দেখেছি)।

৩। اَلْأَلِفُ যেমন- رَأَيْتُ أَخَاكَ (আমি তোমার ভাইকে দেখেছি)।

৪। اَلْيَاءُ السَّاكِنَةُ الْمَفْتُوْحَةُ مَا قَبْلَهَا যেমন- رَأَيتُ رَجُلَيْنِ (আমি দু'জন লোক দেখেছি)।

৫। اَلْيَاءُ السَّاكِنَةُ الْمَكْسُوْرَةُ مَا قَبْلَهَا যেমন- رَأَيْتُ الْمُسْلِمَيْنِ (আমি মুসলমানদের দেখেছি)।

❑ যে আমেল এর কারণে ইসম এর শেষে عَلَامَةُ الْـجَرِّ যুক্ত হয়, তাকে عَامِلٌ جَارٌّ বলে। যেমন عَامِلٌ جَارٌّ হরফটি دَخَلْتُ فِي الْمَسْجِدِ বাক্যে فِي

عَلَامَةُ الْـجَرِّ মোট চারটি। যথা-

১। اَلْكَسْرَةُ যেমন- مَرَرْتُ بِزَيْدٍ (আমি যায়েদের পাশ দিয়ে অতিক্রম করেছি)।

২। اَلْفَتْحَةُ যেমন- مَرَرْتُ بِعُمَرَ (আমি উমরের পাশ দিয়ে অতিক্রম করেছি)।

৩। اَلْيَاءُ السَّاكِنَةُ الْمَفْتُوْحَةُ مَا قَبْلَهَا যেমন- مَرَرْتُ بِرَجُلَيْنِ (আমি দু'জন লোকের পাশ দিয়ে অতিক্রম করেছি)।

৪। اَلْيَاءُ السَّاكِنَةُ الْمَكْسُوْرَةُ مَا قَبْلَهَا যেমন- مَرَرْتُ بِالْمُسْلِمِيْنِ (আমি মুসলমানদের পাশ দিয়ে অতিক্রম করেছি)।

مُعْرَب-এর প্রকার : عَامِل-এর সাথে সম্পর্কের দিক দিয়ে اَلْاِسْمُ الْمُعْرَبُ তিন প্রকার। যথা-

১. اِسْمٌ مَرْفُوْعٌ
২. اِسْمٌ مَنْصُوْبٌ ও
৩. اِسْمٌ مَجْرُوْرٌ

اِسْمٌ مَرْفُوْعٌ-এর পরিচয় : যে ইসমের পূর্বে عَامِلٌ رَافِعٌ প্রবেশ করে, তাকে اِسْمٌ مَرْفُوْعٌ বলে।

اِسْمٌ مَرْفُوْعٌ আট প্রকার। যথা-

১। اَلْفَاعِلُ : যেমন- خَلَقَ اللهُ الْاِنْسَانَ (আল্লাহ মানুষকে সৃষ্টি করেছেন)।

২। نَائِبُ الْفَاعِلِ : যেমন- خُلِقَ الْاِنْسَانُ (মানুষ সৃষ্টি হয়েছে)।

৩। ও ৪। اَلْمُبْتَدَأُ وَ الْخَبَرُ : যেমন- اَللّٰهُ غَفُوْرٌ (আল্লাহ ক্ষমাশীল)।

৫। خَبَرُ إِنَّ وَأَخَوَاتِهَا : যেমন- إِنَّ اللّٰهَ غَفُوْرٌ (নিশ্চয়ই আল্লাহ ক্ষমাশীল)।

৬। اِسْمُ كَانَ وَأَخَوَاتِهَا : যেমন- كَانَ اللّٰهُ عَزِيْزًا (আল্লাহ পরাক্রমশালী)।

৭। اِسْمُ مَا وَلَا الْمُشَبَّهَتَيْنِ بِلَيْسَ : যেমন- مَا زَيْدٌ قَائِمًا (যায়েদ দণ্ডায়মান নয়)।

৮। خَبَرُ لَا الَّتِيْ لِنَفْيِ الْجِنْسِ : যেমন- لَا طَالِبَ حَاضِرٌ (কোনো ছাত্র উপস্থিত নয়)।

اِسْمٌ مَنْصُوْبٌ -এর পরিচয় : যে ইসম এর পূর্বে عَامِلٌ نَاصِبٌ প্রবেশ করে, তাকে اِسْمٌ مَنْصُوْبٌ বলে। اِسْمٌ مَنْصُوْبٌ বারো প্রকার। যথা-

১। اَلْمَفْعُوْلُ الْمُطْلَقُ : যেমন- غَسَلْتُ غُسْلًا (আমি বিশেষভাবে ধৌত করলাম)।

২। اَلْمَفْعُوْلُ بِهٖ : যেমন- رَأَيْتُ زَيْدًا (আমি যায়েদকে দেখলাম)।

৩। اَلْمَفْعُوْلُ فِيْهِ : যেমন- دَخَلْتُ الْمَسْجِدَ (আমি মসজিদে প্রবেশ করলাম)।

৪। اَلْمَفْعُوْلُ لَهٗ : যেমন- قُمْتُ إِكْرَامًا لِلْأُسْتَاذِ (আমি শিক্ষকের সম্মানার্থে দাঁড়ালাম)।

৫। اَلْمَفْعُوْلُ مَعَهٗ : যেমন- صَلَّيْتُ وَبَكْرًا (আমি বকরসহ সালাত আদায় করলাম)।

৬। اَلْحَالُ : যেমন- صَلَّيْتُ قَائِمًا(আমি দাঁড়িয়ে সালাত আদায় করলাম)।

৭। اَلتَّمْيِيْزُ : যেমন- عِنْدِيْ عِشْرُوْنَ دِرْهَمًا (আমার নিকট বিশটি দিরহাম আছে)।

৮। اَلْمُسْتَثْنٰى : যেমন- جَاءَ الْقَوْمُ اِلَّا خَالِدًا (খালেদ ছাড়া কাওমের সবাই এসেছে)।

৯। اِسْمُ إِنَّ وَأَخَوَاتِهَا : যেমন- إِنَّ اللّٰهَ غَفُوْرٌ (নিশ্চয়ই আল্লাহ ক্ষমাশীল)।

১০। خَبَرُ كَانَ وَأَخَوَاتِهَا : যেমন- كَانَ اللّٰهُ عَزِيْزًا (আল্লাহ পরাক্রমশালী)।

১১। خَبَرُ مَا وَلَا الْمُشَبَّهَتَيْنِ بِلَيْسَ : যেমন- مَا زَيْدٌ قَائِمًا (যায়েদ দণ্ডায়মান নয়)।

১২। اِسْمُ لَا اَلَّتِي لِنَفْيِ الْجِنْسِ : যেমন- لَا رَيْبَ فِيْهِ (এতে কোনো সন্দেহ নেই)।

اِسْمٌ مَجْرُوْرٌ-এর পরিচয় : যে ইসম এর পূর্বে عَامِلٌ جَارٌّ প্রবেশ করে তাকে اِسْمٌ مَجْرُوْرٌ বলে।

اِسْمٌ مَجْرُوْرٌ দু'প্রকার। যথা -

১। اَلْمَجْرُوْرُ بِالْجَارِّ : যেমন- مَرَرْتُ بِزَيْدٍ (আমি যায়েদের নিকট দিয়ে অতিক্রম করলাম)

২। اَلْمُضَافُ إِلَيْهِ : যেমন هٰذَا قَلَمُ زَيْدٍ (এটি যায়েদের কলম)

اَلتَّمْرِيْنُ : অনুশীলনী

১। اَلْاِسْمُ الْمُعْرَبُ ও إعراب কাকে বলে ? উদাহরণসহ লেখ।

২। عامل কাকে বলে ? কত প্রকার ও কী কী? উদাহরণসহ লেখ।

৩। عامل এর সাথে সম্পর্কের দিক দিয়ে اَلْاِسْمُ الْمُعْرَبُ কত প্রকার ও কী কী? উদাহরণসহ লেখ।

৪। اِسْمٌ مَرْفُوْعٌ কত প্রকার ও কী কী? উদাহরণসহ লেখ।

৫। اِسْمٌ مَنْصُوْبٌ কত প্রকার ও কী কী? উদাহরণসহ লেখ।

৬। اِسْمٌ مَجْرُوْرٌ কত প্রকার ও কী কী? উদাহরণসহ লেখ।

৭। নিচের বাক্যগুলো থেকে বিভিন্ন প্রকার عَامِل ও مُعْرَب বের করো। অতঃপর مُعْرَب শব্দসমূহের إعْرَاب বর্ণনা করো।

١- دَخَلَ الرَّجُلُ فِي الْمَسْجِدِ.

٢- خَتَمَ اللهُ عَلٰى قُلُوْبِهِمْ وَعَلٰى سَمْعِهِمْ .

٣- صَلَّى جَدُّكَ رَكْعَتَيْنِ مِنَ النَّوَافِلِ فِي الْبَيْتِ.

اَلدَّرْسُ الْعَاشِرُ : দশম পাঠ

اَلْـحُرُوْفُ الْـجَارَّةُ

হরফে জারসমূহ

اَلْحُرُوْفُ الْجَارَّةُ-এর পরিচয় : আরবি ভাষায় কতিপয় হরফ রয়েছে যেগুলো اِسْم এর পূর্বে এসে তার শেষাক্ষরে جَرّ বা যের প্রদান করে। পরিভাষায় এসব হরফকে اَلْحُرُوْفُ الْجَارَّةُ বলে। এগুলো সবই مَبْنِيّ । এ ধরনের حَرْف মোট ১৭টি। যথা–

بَاء، تَاء، كَاف، لَام، وَاوْ، مُنْذُ، مُذْ، خَلَا،

رُبَّ، حَاشَا، مِنْ، عَدَا، فِيْ، عَنْ، عَلَى، حَتّى، إِلٰى.

নিচে প্রত্যেকটির একটি করে উদাহরণ প্রদান করা হলো-

১। كَتَبْتُ بِالْقَلَمِ (আমি কলম দ্বারা লিখলাম)।

২। تَاللهِ لَا أَتْرُكُ الصَّلَاةَ أَبَدًا (আল্লাহর শপথ আমি কখনো নামায ছাড়বো না)।

৩। زَيْدٌ كَالْأَسَدِ (যায়েদ সিংহের মত)।

৪। اَلْحَمْدُ لِلّٰهِ (সমস্ত প্রশংসা আল্লাহর জন্যে)।

৫। وَاللهِ لَا أَغِيْبُ عَنِ الْمَدْرَسَةِ (আল্লাহর শপথ আমি মাদ্রাসায় অনুপস্থিত থাকবো না)।

৬। ذَهَبَ خَالِدٌ إِلَى الْمَدْرَسَةِ (খালিদ মাদ্রাসায় গেলো)।

৭। قَرَأْتُ الْكِتَابَ حَتَّى الْخَاتِمَةِ (আমি বইটি উপসংহারসহ পড়লাম)।

৮। جَلَسْتُ عَلَى الْكُرْسِيِّ (আমি চেয়ারের উপর বসলাম)।

৯। دَخَلَ الطَّالِبُ فِي الصَّفِّ (ছাত্রটি শ্রেণিকক্ষে প্রবেশ করলো)।

১০। لَا أَعْرِفُ عَنْ خَالِدٍ (আমি খালিদ সম্পর্কে জানি না)।

১১। خَرَجَ سَعِيْدٌ مِنَ الْغُرْفَةِ (সাঈদ কক্ষ থেকে বের হয়ে গেলো)।

১২। مَا رَأَيْتُ نَعِيْمًا مُذْ يَوْمِ الْجُمُعَةِ (আমি নাঈমকে শুক্রবার থেকে দেখিনি)।

১৩। هُوَ غَائِبٌ مُنْذُ ثَلَاثَةِ أَيَّامٍ (সে তিন দিন যাবৎ অনুপস্থিত) ।

১৪। رُبَّ مُسْلِمٍ لَا يَعْرِفُ عَنِ الْإِسْلَامِ (অনেক মুসলমান ইসলাম সম্পর্কে জানে না)।

১৫। حَضَرَ الطُّلَّابُ حَاشَا نَعِيْمٍ (নাঈম ছাড়া সব ছাত্র উপস্থিত হলো)।

১৬। ذَهَبَ الطُّلَّابُ عَدَا رَفِيْقٍ (রফিক ছাড়া সব ছাত্র গেল)।

১৭। دَخَلَ الْأَسْتَاذُ خَلَا شَهِيْدٍ (শহীদ ছাড়া শিক্ষক প্রবেশ করল)।

(خَلَا ও عَدَا – حَاشَا এ তিনটি শব্দ أَدَاةُ الْاِسْتِثْنَاءِ হিসেবেও ব্যবহৃত হয়)।

اَلْحَرْفُ الْجَارُّ যে اِسْمْ-এর পূর্বে প্রবেশ করে তাকে مَجْرُوْر বলে اَلْمَجْرُوْرُ ও اَلْحَرْفُ الْجَارُّ মিলে তার পূর্বে উল্লিখিত فِعْل বা شِبْهُ الْفِعْلِ এর সাথে مُتَعَلِّق হয়। فِعْل বা شِبْهُ الْفِعْلِ উল্লেখ না থাকলে সাধারণত مُتَعَلِّقٌ – كَائِنٌ বা ثَابِتٌ বা مَوْجُوْدٌ ইত্যাদি কোনো একটি উহ্য شِبْهُ الْفِعْلِ এর সাথে করতে হয়। যথা– اَلْحَمْدُ ثَابِتٌ لِلّٰهِ অর্থাৎ اَلْحَمْدُ لِلّٰهِ

এ বাক্যে اَلْحَمْدُ হলো مُبْتَدَأٌ আর ثَابِتٌ হলো উহ্য شِبْهُ الْفِعْلِ এবং لَام হলো حَرْف جَار আর اَللّٰهُ শব্দটি مَجْرُوْرٌ। جَارّ ও مَجْرُوْر মিলে উহ্য شِبْهُ الْفِعْلِ এর সাথে مُتَعَلِّق। অতঃপর مُتَعَلِّق ও شِبْهُ الْفِعْلِ মিলে خَبَر। পরিশেষে خَبَر ও مُبْتَدَأٌ মিলে جُمْلَةٌ اِسْمِيَةٌ হয়েছে।

اَلتَّمْرِيْنُ : অনুশীলনী

১। حرفُ جَارٌّ কয়টি ও কী কী? লেখ।

২। ৫ টি حرفُ جَارٌّ উদাহরণসহ লেখ।

৩। নিচের অনুচ্ছেদটি পড় এবং তা থেকে حَرْفُ جَار গুলো খুঁজে বের করো।

خَلَقَ اللهُ اٰدَمَ مِنَ التُّرَابِ . فَأَسْكَنَهُ فِي الْجَنَّةِ وَأَمَرَ لِلْمَلَائِكَةِ أَنْ يَّسْجُدُوْا لَهُ . فَسَجَدُوْا كُلُّهُمْ اِلَّا إِبْلِيْسَ . وَكَانَ مِنَ الْكَافِرِيْنَ – فَلَعَنَهُ عَلَيْهِ – فَلِذٰلِكَ يَجْتَهِدُ كُلَّ أَوَانٍ لِتَضْلِيْلِ بَنِي اٰدَمَ. فَعَلَيْنَا أَنْ نَجْتَنِبَ عَنْ تَضْلِيْلِهِ بِرَحْمَةِ اللهِ تَعَالٰى.

৪। নিচের অংশের إِعْرَاب দাও এবং عَامِل বের করো।

أَعُوْذُ بِاللهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيْم –

بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيْم –

اَلْقَلَمَ عَلي الطَّاوِلَةِ–

إِنَّ اللهَ عَلٰي كلِّ شَئ قَدْيرُ–

اَلطَّائِرُ عَلَيَ الشَّجَرَةِ–

كُلُّ عَمَلٍ صَالِح لِلّٰه –

خَرَجْت مِنَ الْمَدْرَسَة –

اَلْمُصَلُّوْن فِي الْمَسْجِد –

২০২৬

اَلدَّرْسُ الْـحَادِي عَشَرَ : একাদশ পাঠ
اَلْحُرُوْفُ الْمُشَبَّهَةُ بِالْفِعْلِ

নিচের উদাহরণগুলোর প্রতি লক্ষ করো

(ب)	(ألف)
إِنَّ خَالِدًا غَنِيٌّ	خَالِدٌ غَنِيٌّ
أَعْرِفُ أَنَّ زَيْدًا طَالِبٌ	زَيْدٌ طَالِبٌ
كَأَنَّ عِمْرَانَ أَسَدٌ	عِمْرَانُ أَسَدٌ
لَيْتَ الْأُسْتَاذَ حَيٌّ	اَلْأُسْتَاذُ حَيٌّ
لَعَلَّ مَسْعُوْدًا حَاضِرٌ	مَسْعُوْدٌ حَاضِرٌ
بَكْرٌ حَاضِرٌ لٰكِنَّ زَيْدًا غَائِبٌ	زَيْدٌ غَائِبٌ

উপরের أَلِف অংশের বাক্যগুলো جُمْلَةٌ اِسْمِيَّةٌ। এ جُمْلَة গুলোর পূর্বে اَلْحُرُوْفُ الْمُشَبَّهَةُ بِالْفِعْلِ যুক্ত করে ب অংশেও লেখা রয়েছে। যার ফলে مُبْتَدَأ টি رَفْع এর পরিবর্তে نَصْب বিশিষ্ট এবং خَبَرْ টি رَفْع বিশিষ্ট হয়েছে।

তাহলে আমরা বলতে পারি, اَلْحُرُوْفُ الْمُشَبَّهَةُ بِالْفِعْلِ গুলো جُمْلَةٌ اِسْمِيَّةٌ এর পূর্বে এসে মুবতাদাকে نَصْب এবং খবরকে رَفْع প্রদান করে। তখন মুবতাদাকে حَرْف গুলোর اِسْم এবং খবরকে حَرْف গুলোর خَبَر বলা হয়। جُمْلَةٌ اِسْمِيَّةٌ এর اِسْم ও خَبْر মিলে اَلْحُرُوْفُ الْمُشَبَّهَةُ بِالْفِعْلِ হয়।

اَلْقَوَاعِدُ

পরিচয় : যে হরফগুলো لَفْظ এবং مَعْنٰى এর দিক থেকে فِعْل এর সাথে সামঞ্জস্য রাখে সেগুলোকে اَلْحُرُوْفُ الْمُشَبَّهَةُ بِالْفِعْلِ বলে।

اَلْحُرُوْفُ الْمُشَبَّهَةُ بِالْفِعْلِ মোট ছয়টি। যথা- إِنَّ – أَنَّ – كَأَنَّ – لَيْتَ – لٰكِنَّ – لَعَلَّ

اَلْحُرُوْفُ الْمُشَبَّهَةُ بِالْفِعْلِ -এর حَرْف গুলো বিভিন্ন অর্থে ব্যবহৃত হয়। যথা-

إِنَّ ও أَنَّ= নিশ্চয় অর্থে । যেমন- إِنَّ زَيْدًا طَالِبٌ (নিশ্চয় যায়েদ একজন ছাত্র)।

أَعْلَمُ أَنَّ زَيْدًا طَالِبٌ (আমি জানি, নিশ্চয় যায়েদ একজন ছাত্র)।

كَأَنَّ= যেন/ মনে হয় অর্থে যেমন- كَأَنَّ زَيْدًا أَسَدٌ (যায়েদ যেন সিংহ)।

لَيْتَ = আকাঙ্খা প্রকাশ করা অর্থে। যেমন- لَيْتَ الْأُسْتَاذَ حَيٌّ (হায়! ওস্তাদ যদি জীবিত থাকতেন)।

لٰكِنَّ = কিন্তু অর্থে। যেমন- بَكْرٌ حَاضِرٌ لٰكِنَّ مَسْعُوْدًا غَائِبٌ (বকর উপস্থিত কিন্তু মাসউদ অনুপস্থিত)।

لَعَلَّ = আশা ব্যক্ত অর্থে । যেমন- لَعَلَّ حَامِدًا سَالِمٌ (আশা করা যায় হামিদ নিরাপদ)।

اَلْحُرُوْفُ الْمُشَبَّهَةُ بِالْفِعْلِ দুটি দিক দিয়ে فِعْل এর সাথে শাব্দিক মিল রাখে। তা হলো-

১। فِعْلٌ مَاضٍ যেমন فَتْح-এর উপর مَبْنِيّ হয়, তেমনি এ حَرْف গুলোও فَتْح-এর উপর مَبْنِيّ হয়।

২। فِعْل যেমন رُبَاعِيّ ও ثُلَاثِيّ হয়, তদ্রুপ এ حَرْف গুলো ثُلَاثِيّ ও رُبَاعِيّ হয়।

অর্থের দিক থেকে فِعْلٌ এর সাথে সাদৃশ্য নিম্নরূপ-

১. إِنَّ ও أَنَّ : حَقَّقْتُ (আমি নিশ্চিত হলাম) অর্থে।

২. كَأَنَّ : شَابَهْتُ (আমি উপমা দিলাম) অর্থে।

৩. لٰكِنَّ : اِسْتَدْرَكْتُ (আমি অস্পষ্টতাকে দুর করলাম) অর্থে।

৪. لَيْتَ : تَمَنَّيْتُ (আমি আকাঙ্খা করলাম) অর্থে।

৫. لَعَلَّ : اِحْتَمَلْتُ (আমি সম্ভব মনে করলাম) অর্থে।

এছাড়া فِعْل এর সাথে সামঞ্জস্যতার আরেকটি বিশেষ দিক হলো, فِعْل যেমন নিজের অর্থ প্রকাশের ক্ষেত্রে فَاعِل ও مَفْعُوْل এর প্রতি মুখাপেক্ষী, তদ্রুপ এ حَرْف গুলো নিজের অর্থ প্রকাশের ক্ষেত্রে اِسْم ও خَبَر এর প্রতি মুখাপেক্ষী।

إِنَّ এর هَمْزَة কে চার স্থানে كَسْرَة যোগে পড়া হয়। যথা-

১। جُمْلَة এর শুরুতে হলে। যেমন- إِنَّ اللهَ غَفُوْرٌ (নিশ্চয়ই আল্লাহ ক্ষমাশীল)।

২। قَوْل এর পর। যেমন- قَالَ بَكْرٌ إِنِّى لَاأَتْرُكُ الصَّلاةَ (বকর বলল, নিশ্চয়ই আমি সালাত ছাড়ব না)।

৩। قَسَم এর পর। যেমন- وَاللهِ إِنَّ زَيْدًا قَائِمٌ (আল্লাহর কসম, নিশ্চয়ই যায়েদ দণ্ডায়মান)।

৪। যখন তার خَبَر এর প্রথমে لَامُ التَّاكِيْدِ আসে। যেমন- وَاللهُ يَشْهَدُ إِنَّهُمْ لَكَاذِبُوْنَ

আর পাঁচ স্থানে أَنَّ কে فَتَحَة যোগে পড়া হয়। যথা-

১। বাক্যের মাঝখানে হলে। যেমন- فَهِمْتُ أَنَّ الْقُرْاٰنَ حَقٌّ (আমি বুঝলাম, নিশ্চয়ই কুরআন সত্য)।

২। عَلِمٌ-এর পর। যেমন- عَلِمْتُ أَنَّ بَكْرًا حَافِظٌ (আমি জানলাম, নিশ্চয়ই বকর সংরক্ষণকারী)।

৩। ظَنَّ-এর পর। যেমন- ظَنَنْتُ أَنَّ زَيْدًا مَرِيْضٌ (আমি ধারনা করলাম, নিশ্চয়ই যায়েদ অসুস্থ)।

৪। لَوْلَا এর পর। যেমন- لَوْلَا أَنَّ اللهَ يَرْحَمُنِيْ لَكُنْتُ مِنَ الْخَاسِرِيْنَ (যদি আল্লাহ দয়া না করতেন, তবে অবশ্যই আমি ক্ষতিগ্রস্তের অন্তর্ভুক্ত হয়ে যেতাম।

৫। لَوْ এর পর। যেমন- لَوْ أَنِّيْ ذَهَبْتُ إِلٰى مَكَّةَ (যদি আমি মক্কায় যেতে পারতাম)।

اَلتَّمْرِيْنُ : অনুশীলনী

১। اَلْحُرُوْفُ الْمُشَبَّهَةُ بِالْفِعْلِ কাকে বলে ? কয়টি ও কী কী? সেগুলো مُبْتَدأ ও خَبَر এর পূর্বে এসে কি কাজ করে ? উদাহরণসহ লেখ।

২। اَلْحُرُوْفُ الْمُشَبَّهَةُ بِالْفِعْلِ গুলোর অর্থ উদাহরণসহ লেখ।

৩। কত স্থানে إِنَّ কে كَسْرَة যোগে পড়া হয়? উদাহরণসহ লেখ।

৪। কত স্থানে أَنَّ কে فَتَحَة যোগে পড়া হয়? উদাহরণসহ লেখ।

৫। নিম্নের বাক্যগুলোর তারকীব করো।

إِنَّ اللهَ غَفُوْرٌ - ظَنَنْتُ أَنَّ زَيْدًا مَرِيْضٌ - عَلِمْتُ أَنَّ بَكْرًا حَافِظٌ - فَهِمْتُ أَنَّ الْقُرْاٰنَ حَقٌّ

৬। নিম্নের ألف অংশের বাক্যগুলোর দ্বারা ب অংশের শুন্যস্থান পূরণ করো এবং حركة দাও।

(ألف)	(ب)
خالد فلاح	إن خالدا فلاح
الطالبان قادمان	إن .....
المسلمون مجاهدون	إن .....
أخوك حي	ليت .....
التلميذات حاضرات	لعل .....
الكافرون داخلون فى النار	ولكن .....
خالد أسد	كأن .....

اَلدَّرْسُ الثَّانِيْ عَشَرَ : দ্বাদশ পাঠ

اَلْأَفْعَالُ النَّاقِصَةُ

নিচের উদাহরণগুলোর প্রতি লক্ষ করো

(ألف)	(ب)
عَمْرٌو تَاجِرٌ	كَانَ عَمْرٌو تَاجِرًا
بَكْرٌ فَقِيْرٌ	صَارَ بَكْرٌ فَقِيْرًا
اَلْمَطَرُ نَازِلٌ	ظَلَّ الْمَطَرُ نَازِلاً

উপরের أَلِف অংশের বাক্যগুলো جُمْلَةٌ اِسْمِيَّةٌ যা مُبْتَدأ ও خَبْر দ্বারা গঠিত। এ جُمْلَة গুলোর পূর্বে أَفْعَالٌ نَاقِصَةٌ যুক্ত করে ب অংশে লেখা হয়েছে। যার ফলে مُبْتَدَأ টি আগের মত رَفْع বিশিষ্ট এবং خَبْر টি رَفْع এর স্থলে نَصْب বিশিষ্ট হয়েছে।

তাই বলা যায়, أَفْعَالٌ نَاقِصَةٌ গুলো جُمْلَةٌ اِسْمِيَّةٌ এর পূর্বে এসে مُبْتَدَأ কে رَفْع এবং خَبَرْ কে نَصْب প্রদান করে। তখন مُبْتَدَأ কে أَفْعَالٌ نَاقِصَةٌ এর اِسْم এবং خَبَر কে أَفْعَالٌ نَاقِصَةٌ এর خَبَرْ বলা হয়। أَفْعَالٌ نَاقِصَةٌ এর اِسْم ও খবর মিলে جُمْلَةٌ فِعْلِيَّةٌ গঠিত হয়।

اَلْقَوَاعِدُ

পরিচয় : যে فِعْل তার فَاعِل কে নিয়ে বাক্য পূর্ণ হয় না; বরং তার خَبَرْ এর আবশ্যক হয়, তাকে فِعْلٌ ناقِصٌ বলে। যেমন- كَانَ زَيْدٌ قَائِمًا

এখানে كَانَ ফে'লটি শুধু زَيْدٌ কে নিয়ে পূর্ণ বাক্য হয়নি। কিন্তু যখন خَبَرْ হিসেবে قَائِمًا শব্দকে উল্লেখ করা হলো তখন বাক্য পূর্ণ হলো। এ জন্য এ فِعْل গুলোর প্রত্যেকটিকে পৃথকভাবে فِعْلٌ نَاقِصٌ বলে এবং সবগুলোকে একত্রে أَفْعَالٌ نَاقِصَةٌ বলে।

اَلْأَفْعَالُ النَّاقِصَةُ এর সংখ্যা : أَفْعَالٌ نَاقِصَةٌ মোট তেরোটি। যথা-

كَانَ ، صَارَ ، أَصْبَحَ ، أَمْسٰى ، أَضْحٰى ، ظَلَّ ، بَاتَ ، مَافَتِئَ ، مَادَامَ ، مَاانْفَكَّ ، مَابَرِحَ ، مَازَالَ ، لَيْسَ.

اَلْأَفْعَالُ النَّاقِصَةُ এর প্রত্যেকটির অর্থসহ উদাহরণ নিম্নে উল্লেখ করা হলো-

❑ كَانَ ছিল অর্থে। যেমন- كَانَ زَيْدٌ تَاجِرًا (যায়েদ ব্যবসায়ী ছিলো)।

❑ صَارَ হয়ে গিয়েছে তথা এক অবস্থা থেকে অন্য অবস্থায় পরিবর্তন হয়ে গেছে অর্থে । যেমন- كَانَ زَيْدٌ فَقِيْرًا ثُمَّ صَارَ غَنِيًّا (যায়েদ ফকির ছিলো অতঃপর ধনী হয়ে গেল)।

❑ أَصْبَحَ - أَمْسٰى - أَضْحٰى - ظَلَّ - بَاتَ হয়ে গেছে অর্থে ব্যবহার হয়। অর্থাৎ এক অবস্থা থেকে অন্য অবস্থায় পরিবর্তন হয়ে গেছে। যেমন -

أَصْبَحَتِ السَّمَاءُ صَافِيَةً (আকাশ পরিস্কার হয়ে গেল)।

أَمْسَى الْخَبَرُ مُنْتَشِرًا (খবরটি প্রচার হয়ে গেল)।

أَضْحَى الشَّارِعُ مُزْدَحِمًا (সড়কটি জনাকীর্ণ হয়ে গেল)।

بَاتَ الْهَوَاءُ شَدِيْدًا (হাওয়া প্রবল হয়ে গেল)।

أَصْبَحَتِ السَّيَّارَةُ سَرِيْعَةً (গাড়িটি দ্রুতগামী হয়ে গেল)।

ظَلَّ الْأُسْتَاذُ مَحْبُوْبًا (শিক্ষক প্রিয় হয়ে গেছেন)।

আবার সকালে হলে أَصْبَحَ আর বিকেলে হলে أَمْسٰى পূর্বাহ্নে হলে أَضْحٰى দিনে হলে ظَلَّ এবং রাতে হলে بَاتَ ব্যবহার করা হয়।

তবে এ পাঁচটি فِعْل কখনো কখনো صَارَ অর্থেও ব্যবহার হয়। যেমন- كَانَ سَعِيْدٌ فَقِيْرًا فَأَصْبَحَ غَنِيًّا (সাঈদ নিঃস্ব ছিল, অতঃপর ধনী হয়ে গেল)।

❑ مَا انْفَكَّ، مَا فَتِئَ، مَابَرِحَ، مَازَالَ এগুলো কোনো কিছু দীর্ঘ সময় পর্যন্ত চলতে থাকা বোঝানোর জন্য ব্যবহার করা হয়। যথা-

مَازَالَ الرَّجُلُ نَائِمًا (লোকটি দীর্ঘক্ষণ থেকে ঘুমন্ত)।

مَابَرِحَ الطالبُ قَائِمًا (ছাত্রটি অনেক্ষণ থেকে দণ্ডায়মান)।

مَافَتِئَ الطِّفْلُ بَاكِيًا (শিশুটি অনেক্ষণ থেকে ক্রন্দনরত)।

مَاانْفَكَّ الْجَوُّ بَارِدًا (আবহাওয়া অনেক্ষণ থেকে ঠান্ডা)।

❑ مَادَامَ যতদিন, যতক্ষন বা যত সময় এ জাতীয় অর্থ বোঝানোর জন্য ব্যবহার করা হয়। যেমন- أَنَا أَذْكُرُكَ مَادُمْتُ حَيًّا (আমি তোমাকে স্মরণ করবো যতদিন আমি জীবিত থাকবো)।

❑ لَيْسَ না অর্থে ব্যবহৃত হয়। যেমন- لَيْسَ الطَّالِبُ حَاضِرًا (ছাত্রটি উপস্থিত নয়)।

اَلتَّمْرِيْنُ : অনুশীলনী

১। فِعْلٌ نَاقِصٌ কাকে বলে? উহার আমল উদাহরণসহ লেখ।

২। اَلْأَفْعَالُ النَّاقِصَةُ কয়টি ও কী কী ? উদাহরণসহ লেখ।

৩। لَيْسَ ও مَادَامَ ، كَانَ এর অর্থ উদাহরণসহ লেখ।

৪। مَابَرِحَ ও مَازَالَ، ظَلَّ، أَصْبَحَ এর অর্থ উদাহরণসহ লেখ।

৫। নিম্নের বাক্যগুলোর تركيب করো।

أَصْبَحَ سَعِيْدٌ غَنِيًّا- كَانَ خَالِدٌ فَقِيْرًا - كَانَ اللهُ عَلِيْمًا - ظَلَّ الْمَطَرُ نَازِلًا - بَاتَ الْهَوَاءُ شَدِيْدًا.

৬। নিম্নের ألف অংশের বাক্যগুলোর দ্বারা ب অংশের শুন্যস্থান পূরণ কর এবং حركة দাও।

(ألف)	(ب)
خَالِدٌ فَلَّاحٌ	كَانَ خَالِدٌ فَلَّاحًا
اَلطَّالِبُ ذَكِيٌّ	صَارَ .....
اَلْمُسْلِمُوْنَ مُجَاهِدُوْنَ	مَادَامَ .....
الطَّالِبُ قَائِمٌ	مَابَرِحَ .....
اَلتِّلْمِيْذُ حَاضِرٌ	لَيْسَ .....
الرَّجُلُ نَائِمٌ	مَازَالَ .....

اَلدَّرْسُ الثَّالِثُ عَشَرَ : ত্রয়োদশ পাঠ

اَلْمُنْصَرِفُ وَغَيْرُ الْمُنْصَرِفِ

মুনসারিফ ও গাইরু মুনসারিফ

اَلْاِسْمُ الْمُعْرَبُ দু'প্রকার। যথা- ১. اَلْمُنْصَرِفُ ও ২. غَيْرُ الْمُنْصَرِفِ

مُنْصَرِف-এর পরিচয়

مُنْصَرِف শব্দটি صَرْف শব্দমূল হতে اِسْمُ الفَاعِلِ-এর সীগাহ। صَرْف অর্থ-পরিবর্তন, রূপান্তর। অতএব مُنْصَرِف-এর অর্থ- পরিবর্তনশীল, রূপান্তরশীল। নাহুশাস্ত্রের পরিভাষায়-

هُوَ مَا لَيْسَ فِيْهِ سَبَبَانِ أَوْ وَاحِدٌ يَقُوْمُ مَقَامَهُمَا مِنْ الأَسْبَابِ التِّسْعَةِ .

অর্থাৎ যে اِسْم-এর মধ্যে غَيْرُ الْمُنْصَرِفِ-এর নয়টি সববের দু'টি সবব বা দু'টির স্থলাভিষিক্ত একটি সবব পাওয়া যায় না, তাকে مُنْصَرِف বলা হয়। যেমন- زَيْدٌ، رَجُلٌ، كَرِيْمٌ ইত্যাদি। এ শব্দগুলোতে غَيْرُ الْمُنْصَرِفِ এর নয়টি সববের দু'টি সবব বা দু'টির স্থলাভিষিক্ত একটি সবব নেই। সুতরাং এগুলো مُنْصَرِف ।

غَيْرُ الْمُنْصَرِفِ-এর পরিচয়

غَيْرُ الْمُنْصَرِفِ একটি যৌগিক শব্দ। এর মধ্যস্থিত غَيْرُ অর্থ ব্যতীত, ছাড়া, বিহীন। আর مُنْصَرِف অর্থ রূপান্তরশীল, পরিবর্তনশীল। সুতরাং غَيْرُ الْمُنْصَرِفِ শব্দটির অর্থ হলো- রূপান্তরশীল নয় এমন, অপরিবর্তনীয়, অরূপান্তরশীল। নাহুশাস্ত্রের পরিভাষায়-

هُوَ مَا فِيْهِ سَبَبَانِ أَوْ وَاحِدٌ يَقُوْمُ مَقَامَهُمَا مِنَ الْأَسْبَابِ التِّسْعَةِ .

অর্থাৎ যে اِسْم এর মধ্যে غَيْرُ الْمُنْصَرِفِ এর নয়টি সববের যে কোনো দু'টি "سَبَب" অথবা দু'য়ের স্থলাভিষিক্ত একটি সবব বিদ্যমান থাকে তাকে غَيْرُ الْمُنْصَرِفِ বলে। যেমন- إِبْرَاهِيْمُ ، اِدْرِيْسُ ইত্যাদি। এ শব্দদ্বয়ে عَلَم (নামবাচক) এবং عُجْمَة (অনারবি) এ দুটি سَبَب থাকায় শব্দ দুটি غَيْرُ الْمُنْصَرِفِ হয়েছে ।

غَيْرُ الْمُنْصَرِفِ -এর সববসমূহ : غَيْرُ الْمُنْصَرِفِ -এর سَبَب হলো নয়টি। তা হলো-

١. اَلْعَدْلُ ؛ ٢. اَلْوَصْفُ ؛ ٣. اَلتَّأْنِيْثُ ؛ ٤. اَلْمَعْرِفَةُ ؛ ٥. اَلْعُجْمَةُ ؛ ٦. اَلتَّرْكِيْبُ

٧. وَزْنُ الْفِعْلِ ؛ ٨. اَلْـجَمْعُ ؛ ٩. اَلْأَلِفُ وَالنُّوْنُ الزَّائِدَاتَانِ

প্রত্যেকটির বিস্তারিত বিবরণ নিম্নরূপ-

১। اَلْعَدْلُ : عَدْل অর্থ পরিবর্তন হওয়া, রূপান্তরিত হওয়া ইত্যাদি। পরিভাষায়, শব্দ তার আসল রূপ হতে অন্য রূপে পরিবর্তিত হওয়াকে عَدْل বলে। এ ধরণের পরিবর্তন প্রকাশ্য অথবা অপ্রকাশ্য উভয় প্রকারে হয়ে থাকে।

উদাহরণ : প্রকাশ্য পরিবর্তন, যেমন- ثُلٰثُ ، مَثْلَثُ শব্দদ্বয় যথাক্রমে ثَلَاثَةٌ ثَلَاثَةٌ থেকে পরিবর্তন হয়ে এসেছে, যা তার অর্থের মধ্যে বিদ্যমান আছে। আর এটি অপ্রকাশ্য পরিবর্তন। যেমন- عُمَرُ ও زُفَرُ যা মূলে যথাক্রমে عَامِرٌ ও زَافِرٌ ছিল ।

হুকুম : عَدْل সববটি عَلَم ও وَصْف এর সাথে একত্রিত হয়, কিন্তু وَزْنُ الفِعْلِ এর সাথে কখনো একত্রিত হয় না।

২। اَلْوَصْفُ : اَلْوَصْفُ শব্দটি বাবে ضَرَبَ এর মাসদার। আভিধানিক অর্থ- গুণ বা বৈশিষ্ট্য প্রকাশ করা। আর পরিভাষায় গুণবাচক সত্তাকে যে শব্দ প্রকাশ করে, তাকে وَصْف বলা হয়। তবে শর্ত হলো, গঠনকালেই তার মধ্যে وَصْف এর অর্থ থাকতে হবে। যেমন- أَسْوَدُ – أَرْقَمُ ইত্যাদি।

হুকুম : وَصْف কখনো عَلَمٌ এর সাথে মিলিত হয় না। তবে وَصْف সাধারণত وَزْنُ الْفِعْلِ ও أَلِفٌ وَنُوْنٌ زَائِدَتَانِ এর সাথে মিলিত হয়।

৩। اَلتَّأْنِيْثُ : تَأْنِيْث অর্থ- স্ত্রীলিঙ্গ। যে اِسْم স্ত্রীলিঙ্গের চিহ্ন বহন করে, তাকে تَأْنِيْث বা مُؤَنَّث বলে। এ চিহ্ন প্রকাশ্য বা অপ্রকাশ্য দু ভাবে হতে পারে।

নিম্নে এর বিভিন্ন প্রকার আলোচনা করা হলো-

ক. গোল (ة) যোগে تَأْنِيْث হতে পারে। তবে এজন্য عَلَم হওয়া শর্ত। যেমন- فَاطِمَةُ – طَلْحَةُ ইত্যাদি।

খ. কোন স্ত্রীলোকের নাম হওয়ার কারণেও تَأْنِيْث হতে পারে। যেমন- مَرْيَمُ – زَيْنَبُ ইত্যাদি।

গ. أَلِفُ مَقْصُوْرَة যোগে تَأْنِيْث হতে পারে। যেমন- كِسْرٰى – حُبْلٰى ইত্যাদি।

ঘ. أَلِفُ مَمْدُوْدَة যোগে تَأْنِيْث গঠিত হতে পারে। যেমন- سَوْدَاءُ – حَمْرَاءُ ইত্যাদি।

মনে রেখো, যে সব স্ত্রীবাচক শব্দের শেষে أَلِفٌ مَقْصُوْرَةٌ ও أَلِفٌ مَمْدُوْدَةٌ থাকে, সেগুলো একটি সববের দ্বারাই غَيْرُ الْمُنْصَرِفِ হয়ে থাকে। কারণ এ সববটি দু'টি সববের স্থলাভিষিক্ত হয়।

৪। اَلْمَعْرِفَةُ : مَعْرِفَة অর্থ- নির্দিষ্ট। পরিভাষায় যেসব اِسْم নির্দিষ্ট ব্যক্তি বা বস্তুর নাম বোঝায়, তাকে مَعْرِفَة বলা হয়। مَعْرِفَة-এর সাত প্রকারের মধ্যে একমাত্র عَلَم ই غَيْرُ الْمُنْصَرِفِ -এর সবব হতে পারে।

হুকুম ও উদাহরণ : مَعْرِفَة বা عَلَم সববটি وَصْف ব্যতীত অন্য সব সববের সাথে মিলিত হতে পারে। যথা- فَاطِمَةُ -عُمَرُ- عِمْرَانُ ইত্যাদি।

৫। اَلْعُجْمَةُ : عُجْمَة মানে অনারবি শব্দ। যেসব শব্দ বা اِسْم আরবি ভাষার নয়, অথচ আরবি ভাষায় ব্যবহৃত হয়, তাকে عُجْمَة বলা হয়।

হুকুম ও উদাহরণ : কোনো শব্দ عُجْمَة হতে হলে সেটিকে عَلَمٌ হতে হবে এবং চার বা চারের অধিক অক্ষরবিশিষ্ট হতে হবে। আর তিন অক্ষরবিশিষ্ট হলে তার মাঝের অক্ষরটি حَرْكَة বিশিষ্ট হতে হবে। যেমন-إِبْرَاهِيْمُ ، سَقَرُ ، إِدْرِيْسُ ইত্যাদি।

৬। اَلْجَمْعُ : جَمْعٌ অর্থ বহুবচন। غَيْرُ الْمُنْصَرِف-এর সবব হতে হলে শব্দটিকেجَمْع مُنْتَهَى الْجُمُوْعِ তথা চূড়ান্তভাবে বহুবচনবাচক হতে হবে। তবে এর শেষে স্ত্রীলিঙ্গের ة যুক্ত হবে না। সুতরাং فَرَازَنَةٌ এর শেষে ة থাকার কারণে তা غَيْرُ الْمُنْصَرِف নয়।

হুকুম ও উদাহরণ : غَيْرُ الْمُنْصَرِف এর সবব হিসেবে جَمْعُ مُنْتَهِي الْجُمُوْعِ তথা এ ধরণের বহুবচনের আলিফের পর দু'টি বর্ণ থাকতে হবে অথবা তাশদীদযুক্ত একটি বর্ণ অথবা তিন বর্ণ থাকবে, যার মাঝের বর্ণটি সাকিন হবে। যেমন- مَسَاجِدُ ، دَوَابُّ ، مَفَاتِيْح ইত্যাদি।

جَمْعُ مُنْتَهَى الْجُمُوْعِ এক সবব দু'টো সববের স্থলাভিষিক্ত হয়।

৭। اَلتَّرْكِيْبُ : تَرْكِيْب মানে যৌগিক শব্দ। একাধিক শব্দ যুক্ত হয়ে একটি শব্দ গঠিত হলে তাকে تَرْكِيْب বলে।

হুকুম ও উদাহরণ : তারকীব غَيْرُ الْمُنْصَرِف এর সবব হতে হলে عَلَم বা নামবাচক তথা مُرَكَّبُ مَنْعِ الصَّرْفِ হতে হবে। যেমন- بَعْلَبَكُّ (একটি শহরের নাম)। এখানে بَعْلٌ (মূর্তি) ও بَكٌّ (বাদশার নাম) দুটি পৃথক শব্দ যুক্ত হয়ে بَعْلَبَكُّ হয়েছে।

৮। اَلْأَلِفُ وَالنُّوْنُ الزَّائِدَتَانِ : যেসব শব্দের শেষে অতিরিক্ত হিসেবে أَلِف ও نُوْن অক্ষর দু'টি যুক্ত থাকে তাকে اَلْأَلِفُ وَالنُّوْنُ اَلزَّائِدَتَانِ বলে।

হুকুম ও উদাহরণ : এ ধরণের اَلْأَلِفُ وَالنُّوْنُ اَلزَّائِدَتَانِ যদি اِسْمْ এর মধ্যে হয়, তাহলে তা غَيْرُ الْمُنْصَرِفِ এর সবব হতে হলে عَلَمٌ (নামবাচক) হওয়া শর্ত। যেমন- عِمْرَانُ -عُثْمَانُ ইত্যাদি। আর اَلْأَلِفُ وَالنُّوْنُ اَلزَّائِدَتَانِ সিফাতের মধ্যে হলে তার مُؤَنَّث টি فَعْلَانَةٌ এর ওযনে না হওয়া শর্ত। যেমন- سَكْرَانُ । সুতরাং نِدْمَانٌ শব্দটি مُنْصَرِفٌ । কেননা এ শব্দের স্ত্রীলিঙ্গ نِدْمَانَةٌ আসে।

৯। وَزْنُ الْفِعْلِ : وَزْنُ الْفِعْلِ মানে فِعْل এর ওযনে হওয়া। যদি কোনো ইসম مَاضِي অথবা مُضَارِع এর সীগাহর ওযনে হয়, তবে তাকে وَزْنُ الْفِعْلِ বলা হয়।

হুকুম ও উদাহরণ : وَزْنُ الفِعْلِ এর ইসমসূহ সাধারণত: عَلَم (নাম) এবং وَصْف (গুণ) এর সাথে যুক্ত হয়ে থাকে। যেমন- يَزِيْدُ – أَحْمَدُ – أَسْوَدُ ইত্যাদি।

اَلتَّمْرِيْنُ : অনুশীলনী

১। اَلِاسْمُ الْمُعْرَبُ কত প্রকার ও কি কি ? উদাহরণসহ লেখ।

২। غَيْرُ الْمُنْصَرِفِ কাকে বলে ? এর حكم কী ? غَيْرُ الْمُنْصَرِفِ-এর سَبَب গুলো উদাহরণসহ লেখ।

৩। التركيب ও التأنيث বলতে কী বোঝায় ? তাদের حكم উদাহরণসহ লেখ।

৪। العجمة ও وزن الفعل বলতে কী বোঝায় ? তাদের حكم উদাহরণসহ লেখ।

৫। جَمْعُ مُنْتَهَي الْجُمُوْع বলতে কী বোঝ? এর حكم উদাহরণসহ লেখ।

৬। নিম্নের শব্দগুলোর غير المنصرف হওয়ার সবব বর্ণনা করো।

طَلْحَةُ – عُمَرُ – إِدْرِيْسُ – مَسَاجِدُ – عُثْمَانُ – أَحْمَدُ – إِبْرَاهِيْمُ - بَعْلَبَكُّ - إِسْمَاعِيْلُ.

اَلدَّرْسُ الرَّابِعَ عَشَرَ : চতুর্দশ পাঠ

إِعْرَابُ الْأَسْمَاءِ

ইসমের ইরাবসমূহ

إِعْرَاب-এর সংজ্ঞা : اَلْإِعْرَابُ مَا بِهِ يَخْتَلِفُ أَخِرُ الْمُعْرَبِ

অর্থাৎ যে সকল চিহ্ন দ্বারা اَلْاِسْمُ الْمُعْرَبُ এর শেষ অক্ষরের অবস্থার পরিবর্তন সাধিত হয়, সে সকল চিহ্নকে নাহুর পরিভাষায় إِعْرَاب বলে।

مَحَلُّ الْإِعْرَابِ : যে অক্ষরে إِعْرَاب হয়, তাকে مَحَلُّ الْإِعْرَابِ বলে। যেমন- قَامَ زَيْدٌ বাক্যে قَامَ হলো مُعْرَب, আর زَيْد এর শেষবর্ণ তথা دَال হলো مَحَلُّ الْإِعْرَابِ এবং دَال এর ওপর যে ضَمَّةٌ আছে তা হলো إِعْرَاب ।

إِعْرَاب -এর প্রকার : إِعْرَاب দু'ভাগে বিভক্ত। যথা-

১. اَلْإِعْرَابُ بِالْحَرَكَاتِ : যেমন- ضَمَّة (পেশ) ; فَتْحَة (যবর) ; كَسْرَة (যের)।

২. اَلْإِعْرَابُ بِالْحُرُوْفِ: যেমন- وَاو (ওয়াও) ; أَلِف (আলিফ) ; يَاء (ইয়া)

إِعْرَاب -এর অবস্থা : عَامِل এর কারণে إِعْرَاب এর তিনটি অবস্থা হয়ে থাকে। যথা-

(১) حَالَةُ الرَّفْعِ : যে اِسْم এর পূর্বে عَامِلٌ رَافِعٌ থাকে সে اِسْم এর অবস্থাকে حَالَةُ الرَّفْعِ বলে। কোনো اِسْم এ ضَمَّة দ্বারা, কোনো اِسْم এ وَاو দ্বারা এবং কোনো اِسْم এ أَلِف দ্বারা رَفْع প্রকাশ পায়। যেমন - جَائَنِيْ زَيْدٌ - جَائَنِيْ رَجُلَانِ - جَاءَ مُسْلِمُوْنَ

(২) حَالَةُ النَّصْبِ : যে اِسْم এর পূর্বে عَامِلٌ نَاصِبٌ থাকে সে اِسْم এর অবস্থাকে حَالَةُ النَّصْبِ বলে। কোনো اِسْم এ فَتْحة দ্বারা, কোনো اِسْم এ كَسْرَة দ্বারা এবং কোন اِسْم এ أَلِف দ্বারা, কোনো اِسْم এ يَاء দ্বারা نَصْب প্রকাশ পায়। যেমন -

رَأَيْتُ زَيْدًا - رَأَيْتُ مُسْلِمَاتٍ - رَأَيْتُ اَخَاكَ - رَأَيْتُ رَجُلَيْنِ - رَأَيْتُ الْمُسْلِمِيْنَ

(৩) حَالَةُ الْجَرِّ : যে اِسْم এর পূর্বে عَامِلٌ جَارٌ থাকে সে اِسْم এর অবস্থাকে حَالَةُ الْجَرِّ বলে। কোনো اِسْم এ كَسْرَة দ্বারা, কোনো اِسْم এ فَتْحَة দ্বারা এবং কোনো اِسْم এ يَاء দ্বারা جَرّ প্রকাশ পায়। যেমন - مَرَرْتُ بِزَيْدٍ – مَرَرْتُ بِعُمَرَ – مَرَرْتُ بِرَجُلَيْنِ – مَرَرْتُ بِالْمُسْلِمَيْنِ

إِعْرَاب-এর পদ্ধতি

বিভিন্ন দৃষ্টিকোণ থেকে إِعْرَاب-এর নয়টি পদ্ধতি রয়েছে। এ নয়টি পদ্ধতি ষোলো প্রকার ইসমের জন্য নির্দিষ্ট । যথা-

প্রথম পদ্ধতি : এ পদ্ধতি হলো- رَفْع এর অবস্থায় ضَمَّة বা পেশ
نَصْب এর অবস্থায় فَتْحَة বা যবর
جَرّ এর অবস্থায় كَسْرَة বা যের।

এ প্রকার ইরাব তিন প্রকার ইসমের জন্য নিদিষ্ট। যথা-

১। اَلْمُفْرَدُ الْمُنْصَرِفُ الصَّحِيْحُ : নাহুবিদদের মতে, اَلاِسْمُ الصَّحِيْحُ বলতে সে সকল ইসমকে বোঝায়, যার শেষ অক্ষরটি حَرْفُ عِلَّة নয়। যেমন - عَيْنٌ – قَوْلٌ – زَيْدٌ- بَكْرٌ - ইত্যাদি।

২। اَلْمُفْرَدُ الْمُنْصَرِفُ الْجَارِي مَجْرَى الصَّحِيْحِ : নাহুবিদদের মতে, اَلْجَارِي مَجْرَى الصَّحِيْحِ বলতে সে সকল ইসমকে বোঝায় যার শেষ অক্ষরটি حَرْفُ عِلَّة হবে এবং তার পূর্বাক্ষর সাধারণত سُكُوْن যুক্ত বা সাকিন হবে। যেমন- دَلْوٌ –لَهْوٌ– ظَبْيٌ ইত্যাদি।

৩। اَلْجَمْعُ الْمُكَسَّرُ الْمُنْصَرِفُ : যেমন - رِجَالٌ – أَقْلَامٌ– كُتُبٌ– أَشْجَارٌ– جِبَالٌ ইত্যাদি।

উদাহরণ : رَفْع এর অবস্থায় ضَمَّة যেমন - جَاءَ خَالِدٌ وَظَبْيٌ وَرِجَالٌ
نَصْب এর অবস্থায় فَتْحَة যেমন - رَأَيْتُ خَالِدًا وَظَبْيًا وَرِجَالًا
جَرّ এর অবস্থায় كَسْرَة যেমন - نَظَرْتُ إِلَى خَالِدٍ وَظَبْيٍ وَرِجَالٍ

দ্বিতীয় পদ্ধতি : এ পদ্ধতি হলো-

رَفْع এর অবস্থায় ضَمَّة বা পেশ
نَصْب ও جَرّ এর অবস্থায় كَسْرَة বা যের

৪। جَمْعُ الْمُؤَنَّثِ السَّالِمِ এর জন্য এ প্রকার ইরাব নির্দিষ্ট। যেমন - رِسَالَاتٌ ، عَابِدَاتٌ ، مُؤْمِنَاتٌ ، مُسْلِمَاتٌ ইত্যাদি।

উদাহরণ : جَاءَتْ مُسْلِمَاتٌ –رَأَيْتُ مُسْلِمَاتٍ – نَظَرْتُ إِلَى مُسْلِمَاتٍ

তৃতীয় পদ্ধতি : এ পদ্ধতি হলো-

رَفْع এর অবস্থায় ضَمَّة বা পেশ

جَرّ ও نَصْب এর অবস্থায় فَتْحَة বা যবর

৫। غَيْرُ الْمُنْصَرِف এর জন্য এ প্রকার ইরাব নির্দিষ্ট। যেমন–

زُفَرُ- عُمَرُ- عَائِشَةُ - طَلْحَةُ - مَسَاجِدُ . ইত্যাদি।

